

'ডিভি লটারি' স্থগিত করল ট্রাম্প প্রশাসন

বাংলা পত্রিকা রিপোর্ট: ব্রাউন বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী ও এমআইটির এক অধ্যাপককে হত্যার ঘটনায় সন্দেহভাজন ৯-এর পৃষ্ঠায় দেখুন

স্বাস্থ্যবীমার ভর্তূকীর মেয়াদ বৃদ্ধিতে

ডেমোক্র্যাটদের সাথে সম্মত ৪ রিপাবলিকান কংগ্রেস সদস্য

বাংলা পত্রিকা রিপোর্ট: ওবামা কেয়ারের ভর্তূকীর মেয়াদ বৃদ্ধির জন্য এবার ডেমোক্রেটদের সাথে ৪ মধ্যপন্থী রিপাবলিকান কংগ্রেস সম্মত হয়েছেন। বুধবার কংগ্রেস আইন প্রণেতা প্রতিনিধি ব্রায়ান ফিটজপ্যাট্রিক, রবার্ট ব্রেসনাহান রায়ান ম্যাকেঞ্জি ও মাইক ললার ডেমোক্রেট সংখ্যালঘু নেতা হাকিম জেফ্রিসের একটি আবেদন 'ডিসচার্জ পিটিশন' এ সই করেন। এতে ৯-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ॥ Issue 13 / December 22, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ॥ সংখ্যা ১৩ ॥ সোমবার, ডিসেম্বর ২২, ২০২৫, পৌষ ০৭, ১৪৩২ ॥ রজব ০১, ১৪৪৭

বিশ্বজুড়ে উদ্বেগজনকভাবে বাড়ছে ইসলামফোবিয়া!

বাংলা পত্রিকা রিপোর্ট: বিশ্বজুড়ে আবারো উদ্বেগজনকভাবে বাড়ছে ইসলামফোবিয়া। যুক্তরাষ্ট্র থেকে ইউরোপসহ পশ্চিমা দেশে মুসলিম প্রধান দেশের অভিবাসীদের বিরুদ্ধে কঠোর নীতি ও নিষেধাজ্ঞা আরোপ করা হচ্ছে। যুক্তরাষ্ট্রে নাইন ইলেভেন সন্ত্রাসী হামলার পর বিশ্বজুড়ে মুসলিমদের ওপর যে বিদ্বেষী মনোভাব তৈরী হয়েছিলো। সেই ক্ষত শেষ না হতেই আবারো ইউরোপ -আমেরিকাসহ পশ্চিমা দেশগুলোতে থাকা অভিবাসীদের ওপর নেতিবাচক মনোভাব দ্রুত তীব্র হচ্ছে। জাতীয় নিরাপত্তার কারণ দেখিয়ে অভিবাসন নীতি কঠোর এবং নাগরিকত্ব বাতিলে বিভিন্ন পরিকল্পনা করছে দেশগুলো। পশ্চিমা দেশগুলোর শীর্ষ রাজনীতিবিদদের একাংশ প্রকাশ্যে অভিবাসীদের দেশছাড়া করার পক্ষে কথা বলছেন। যার ফলে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্সসহ ইউরোপের বিভিন্ন দেশ এবং অস্ট্রেলিয়ায় থাকা মুসলিমপ্রধান দেশের নাগরিকদের অভিবাসন ও আশ্রয়নীতিতে এর প্রভাব পড়ছে।



মানবাধিকার সংগঠনগুলোর অভিযোগনিরাপত্তা ও সীমান্ত নিয়ন্ত্রণের নামে এসব নীতির বড় অংশ বাস্তবে মুসলিম ও মুসলিম-সংখ্যাগরিষ্ঠ দেশের নাগরিকদের লক্ষ্য করেই প্রয়োগ করা হচ্ছে। মুসলিম দেশগুলোর নাগরিকরা পড়ছেন অনিশ্চয়তায়।

একাধিক গবেষণা ও বিবিসি রয়টার্স, এনবিসি নিউজ, সিএনএন'র সাম্প্রতিক একাধিক প্রতিবেদনে এমন তথ্য ওঠে এসেছে।

এসব গণমাধ্যমের তথ্যমতে, ওয়াশিংটন ডিসিতে সম্প্রতি এক আফগান নাগরিক কর্তৃক ২ ন্যাশনাল গার্ডের ওপর হামলার ঘটনার পর ট্রাম্প প্রশাসন প্রথমে ১৯ দেশের নাগরিকদের ভ্রমণ নিষেধাজ্ঞাসহ সকল ধরণের অভিবাসন প্রক্রিয়া অনির্দিষ্টকালের জন্য স্থগিত রেখেছে। পরবর্তীতে ১৬ ডিসেম্বর আরো ৫ টি দেশের ওপর পুরোপুরি ভ্রমণ নিষেধাজ্ঞা ও ১৫ টি দেশের প্রতি কঠোর বিধি আরোপ নীতি কার্যকর করে। এ নিয়ে মোট ৩৯টি দেশের প্রতি সম্পূর্ণ ও আংশিক নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। ৩৯ টি দেশের মধ্যে ১৫ টিই মুসলিম প্রধান বা মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ। যুক্তরাষ্ট্রে অভিবাসন প্রত্যাশীদের আবেদন অতিরিক্ত নিরাপত্তা যাচাই, ভিসা সীমিতকরণ এবং আশ্রয় আবেদন প্রক্রিয়া কঠোর করা হয়েছে। বিশেষ করে ফিলিস্তিন, আফগানিস্তান, সিরিয়া ও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশের নাগরিকদের ক্ষেত্রে দীর্ঘসূত্রতা, আবেদন বাতিল ও আটকাদেশের ৯-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটি কাউন্সিলে বিল পাস

নতুন করে বৈধ পারমিট পাবেন হাজারো স্ট্রিট ভেন্ডর

বাংলা পত্রিকা রিপোর্ট: স্ট্রিট ভেন্ডরদের পারমিট ও লাইসেন্সের ওপর থাকা সীমাবদ্ধতা দীর্ঘদিনের সংকট অবশেষে কাটছে। বৃহস্পতিবার ঐতিহাসিক একটি বিল পাস করেছে নিউইয়র্ক সিটি কাউন্সিল। এতে করে নতুন করে বৈধভাবে স্ট্রিট ভেন্ডররা নতুন করে পারমিট ও লাইসেন্স পাবেন।

নতুন আইনে ২০৩১ সালের মধ্যে খাবার বিক্রির জন্য প্রায় ১৭ হাজার পারমিট চালু হবে। পাশাপাশি প্রবীণ, যুদ্ধাহত ও প্রতিবন্ধী ভেন্ডরদের জন্য থাকছে বিশেষ বরাদ্দ। সাধারণ পণ্য বিক্রির লাইসেন্সের সংখ্যাও বাড়বে ১১ হাজারের বেশি।

বর্তমানে শহরের প্রায় ২০ হাজার ভেন্ডরের বড় একটি অংশই পারমিট বা লাইসেন্স ছাড়া কাজ করতে বাধ্য হচ্ছেন। এতে অনেক বিক্রেতাকে জরিমানা, পুলিশের সঙ্গে ঝামেলা, এমনকি অভিবাসন কর্তৃপক্ষের নজরদারির মুখে পড়তে হয়েছে। কেউ কেউ আবার অবৈধভাবে হাজার হাজার ডলার দিয়ে অন্যের কাছ থেকে পারমিট ভাড়া নিতে বাধ্য হয়েছেন। নতুন আইন কার্যকর হলে সেই বিড়ম্বনা কাটবে বলে আশা করছেন ভেন্ডররা। এছাড়া ৯-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্প প্রশাসনের নির্দেশ

মাসে শতাধিক নাগরিকত্ব বাতিলের মামলার টার্গেট!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভিবাসন নীতিতে আরও কঠোর অবস্থান নিচ্ছে ট্রাম্প প্রশাসন। নতুন নির্দেশনার মাধ্যমে আরও বেশি বিদেশী বংশদ্ভুত আমেরিকান নাগরিকের নাগরিকত্ব বাতিলের উদ্যোগ নেওয়া হচ্ছে। আগামী বছর প্রতি মাসে ১০০ থেকে ২০০ টি নাগরিকত্ব বাতিলের মামলা ইউএসসিআইএসকে নির্দেশ দিয়েছে ট্রাম্প প্রশাসন।



দ্য নিউইয়র্ক টাইমসের হাতে আসা অভ্যন্তরীণ নথি অনুযায়ী, মঙ্গলবার ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিআইএস) এর মাঠপর্যায়ের দপ্তরগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে, ২০২৬ অর্থবছরে প্রতি মাসে একশ থেকে দুইশটি করে নাগরিকত্ব বাতিলের মামলা সরবরাহ করতে। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে, আধুনিক যুক্তরাষ্ট্রের ইতিহাসে এটি হবে নাগরিকত্ব বাতিলের সবচেয়ে বড় অভিযান। বিচার বিভাগ জানিয়েছে, ২০১৭ সাল থেকে চলতি বছর পর্যন্ত মোট মামলার সংখ্যা ছিল মাত্র একশ বিশটির কিছু বেশি। আইন অনুযায়ী, নাগরিকত্ব পাওয়ার সময় জালিয়াতি বা গুরুতর তথ্য গোপনের প্রমাণ মিললেই কেবল নাগরিকত্ব বাতিল করা যায়। তবে অধিকারকর্মীদের আশঙ্কা, এই অভিযানে কাগজপত্রে অনিচ্ছাকৃত ভুল করা আইন মেনে চলা নাগরিকরাও আতঙ্কের মুখে পড়তে পারেন। এই নির্দেশনা এসেছে এমন এক সময়ে, যখন ট্রাম্প প্রশাসন অভিবাসন ব্যবস্থার ফাঁকফোকর বন্ধ করতে একের পর এক কঠোর ১০-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem0003@gmail.com

মুক্ত বক্তব্য মামলায় ইমিগ্রেশন বিচারকদের পক্ষে সুপ্রিম কোর্ট

বাংলা পত্রিকা নিউজ ডেস্ক: ইমিগ্রেশন বিচারকদের প্রকাশ্যে বক্তব্য দেওয়ার অধিকার সংক্রান্ত এক মামলায় আপাতত তাদের পক্ষেই অবস্থান নিয়েছে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট। শুক্রবারের এই সিদ্ধান্তে ট্রাম্প প্রশাসনের আবেদন নাকচ করা হয়েছে, যদিও আদালত একে চূড়ান্ত রায় বলে উল্লেখ করেনি। ফেডারেল কর্মীদের অধিকার ও প্রেসিডেন্টের বরখাস্ত ক্ষমতা সম্প্রসারণের প্রশ্নে এই মামলার প্রভাব সুদূরপ্রসারী হতে পারে বলে মনে করছেন বিশ্লেষকেরা।

এপি নিউজ জানায়, এটি একটি দীর্ঘদিনের মামলার কারিগরি ধাপ হলেও, ট্রাম্প আমলে সংঘটিত একাধিক উচ্চপর্যায়ের বরখাস্তের প্রভাব এতে স্পষ্টভাবে উঠে এসেছে। সুপ্রিম কোর্ট ৯-এর পৃষ্ঠায় দেখুন

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



সিনেটে প্রার্থী হচ্ছেন বাংলাদেশি আমেরিকান কারিশমা মঞ্জুর

নিউইয়র্ক: বাংলাদেশি আমেরিকান কারিশমা মঞ্জুর নিউ হ্যাম্পশায়ার থেকে সিনেট লড়বেন। আগামী নভেম্বরে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রার্থীতা ঘোষণা করেছেন ডেমোক্র্যাটিক পার্টির হয়ে। তবে নভেম্বরের নির্বাচনের আগে নিজ দল থেকে প্রার্থী হিসেবে মনোনয়ন পেতে হবে। লড়তে হবে ডেমোক্র্যাটিক প্রাইমারিতে। সেখানে তিনি জয়লাভ করলেই সিনেট নির্বাচনে ডেমোক্র্যাটিক প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন রিপাবলিক্যান প্রার্থীর বিরুদ্ধে। এই আসনে বর্তমানে ডেমোক্র্যাটিক পার্টির সিনেটর শাহীন এবার নির্বাচন করছেন না। এই শূন্য আসনেই মঞ্জুর নির্বাচন করতে চান। ইতোমধ্যেই কারিশমা মঞ্জুর প্রচারণা শুরু করেছেন। শুধু সেটেটের ভেতরেই নন। পার্শ্ববর্তী স্টেটে গিয়ে মত বিনিময় ও ফান্ডরেইজ করছেন।

গত ১২ ডিসেম্বর নিউইয়র্কের ব্রংকসের হাসান চাইনিজ রেষ্টুরেন্টে একটি মতবিনিময় সভা করেছেন বাংলাদেশি কমিউনিটির নেতৃবৃন্দের সাথে। এ মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এম এন মজুমদার, জাকির চৌধুরী সিপিএ, বেলাল হোসেন, এম এ ইসলাম মামুন, রেজা আব্দুল্লাহ, কামাল উদ্দীন, আরিফ রেজা, ডিটেকটিভ মাসুদ,ওয়াহিদ জাকি ও মোহাম্মদ আলী।

নির্বাচনী উত্তাপে নতুন উদ্বেগ অর্থনীতিতে

বাংলা পত্রিকা ডেস্ক: নির্বাচন ঘিরে রাজনৈতিক উত্তেজনা বাড়ার সঙ্গে সঙ্গে দেশের সামষ্টিক অর্থনীতির ওপর নতুন করে ঝুঁকির ছায়া পড়তে শুরু করেছে। অতীত অভিজ্ঞতা বলছে, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে উৎপাদন ও সরবরাহব্যবস্থা ব্যাহত হয়, থমকে যায় বিনিয়োগ, ক্ষতিগ্রস্ত হয় কর্মসংস্থান এবং সাধারণ মানুষের জীবন-জীবিকায় নেমে আসে অনিশ্চয়তা। এই প্রেক্ষাপটে অর্থনীতিবিদ ও ব্যবসায়ী মহলে বাড়ছে উদ্বেগ, আর সরকারও পরিস্থিতি সামাল দিতে রয়েছে সতর্ক অবস্থানে। এই বাস্তবতায় নির্বাচনপূর্ব সময়ে যেকোনো মূল্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নির্দেশনা দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

প্রধান উপদেষ্টার দপ্তর থেকে অর্থবিভাগের মাধ্যমে সমপ্রতি মন্ত্রণালয় ও বিভাগগুলোকে দেওয়া নির্দেশনায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে যেন অর্থনৈতিক কর্মকাণ্ডে কোনো ধরনের ছেদ না ঘটে, সে বিষয়ে তীক্ষ নজর রাখতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতির সামান্য অবনতিও যেন সামষ্টিক অর্থনীতির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে না পারে, সে বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিতে বলা হয়েছে।



কিছু সূচকে স্বস্তি, তবে অনিশ্চয়তা কাটেনি

গত এক বছরে মূল্যস্ফীতির চাপ খুব একটা কমানো সম্ভব না হলেও বৈদেশিক মুদ্রার রিজার্ভ পরিস্থিতি তুলনামূলকভাবে সন্তোষজনক অবস্থায় এসেছে। রাজস্ব আদায়ে কিছুটা গতি ফিরেছে। খেলাপি ঋণ বাড়লেও ব্যাংক খাতে অনিয়ম ও দুর্নীতি আগের তুলনায় কমেছে। অর্থপাচার পুরোপুরি বন্ধ না হলেও অনেকাংশে নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে।

তবে বেসরকারি খাতে ঋণ প্রবৃদ্ধি বাড়ানো না যাওয়ায় বিনিয়োগ ও কর্মসংস্থান আশানুরূপভাবে বাড়েনি। এর ফলে অর্থনীতিতে গতি ফেরাতে দীর্ঘদিন ধরেই ছবিরতা রয়ে গেছে।

এর মধ্যেও কৃষি ও শিল্প উৎপাদনে কিছুটা অগ্রগতি হয়েছে। প্রবাস আয় বেড়েছে উল্লেখযোগ্য হারে। দ্বিগুণ হারে বৈদেশিক ঋণ পরিশোধ সত্ত্বেও ব্যালান্স অব পেমেন্টের অবস্থাও তুলনামূলকভাবে ভালো রয়েছে। কিন্তু বছর শেষে নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক অস্থিরতা বাড়তে থাকায় এই ইতিবাচক সূচকগুলো আবারও অনিশ্চয়তার মুখে পড়েছে।

নির্বাচন না হলে স্থিতিশীলতা ধরে রাখা কঠিন

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর সম্প্রতি এ আলোচনাসভায় বলেছেন, দেশের সামগ্রিক অর্থনীতিতে বহুলাংশে স্থিতিশীলতা ফিরেছে।

তবে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন ছাড়া এই স্থিতিশীলতা ধরে রাখা সম্ভব হবে না। তাঁর মতে, অর্থনীতির ৩১-এর পৃষ্ঠায় দেখুন



মনের শান্তি
এনওয়াইসি কর্তৃক সরবরাহকৃত

আরও সাশ্রয়ী আর্লি চাইল্ডহুড এডুকেশন প্রোগ্রামে উচ্চ রেকর্ড সংখ্যক ১,৫০,০০০ শিশু ভর্তি হয়েছে

সময়মতো আবেদন করা প্রতিটি শিশুকে ৩-কে–এর একটি আসন দেওয়া হবে/হয়েছে (নিউ ইয়র্ক সিটির ইতিহাসে প্রথমবারের মতো)

শিশু পরিচর্যা ভর্তুকির ব্যক্তিগত খরচ সাপ্তাহিক ৫৫ ডলার থেকে কমিয়ে ৫ ডলার করা হয়েছে

নিউ ইয়র্ক পরিবার গড়ে তোলার জন্য সেরা জায়গা হতে নিবেদিত। আগের যেকোনো সময়ের তুলনায় বেশি শিক্ষার্থী প্রাথমিক শিক্ষায় ভর্তি হয়েছে, ভর্তুকির কারণে শিশু পরিচর্যার ব্যক্তিগত খরচ সর্বনিম্ন হয়েছে, এবং ইতিহাসে প্রথমবার সময়মতো আবেদন করা প্রতিটি পরিবারকে ৩-কে–এ একটি আসন দেওয়া হয়েছে। এ সবই সম্ভব হয়েছে ৩,০০,০০০ এরও বেশি আপনার প্রতিবেশীর প্রচেষ্টায়, যারা একটি নিরাপদ ও সাশ্রয়ী শহর গড়তে কাজ করছেন।

নিউ ইয়র্ক সিটির সংস্থাগুলি আপনার জন্য এটিই করছে।
প্রতিদিন, সর্বত্র

Every day. Everywhere.
Delivering for you.

কিউআর কোড স্ক্যান করে deliveringforyou.nyc- এ যুক্ত হন



সিলেটে নিউইয়র্ক প্রবাসীর ব্যবসায়ীক প্রতিষ্ঠানে দূষ্কৃতকারীর অগ্নিকান্ড: বিচার দাবী

নিউইয়র্ক : সিলেট সদর উপজেলার মোগলগাও ইউনিয়নের চানপুর গ্রামের নিউইয়র্ক প্রবাসী কয়েছ আহমদ (ফয়েজ)-এর ব্যবসায়ীক প্রতিষ্ঠানে দূষ্কৃতকারীর অগ্নিকান্ডের ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিচার দাবী করা হয়েছে। গত ১২ ডিসেম্বর রাতে 'ক্যাফে লেমন গার্ডেন ও মুসকান নার্সারী'তে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে। উক্ত ঘটনায় লাখ লাখ টাকার সম্পত্তি পুড়ে ছাই হয়ে যায়। সেই সাথে অল্পের জন্য রক্ষা পেয়েছে ব্যবসায়িক প্রতিষ্ঠান সংলগ্ন 'হাজী সোনাহর আলী হাফিজিয়া মাদ্রাসা'। ঘটনার ব্যাপারে সিলেট মেট্রো পলিটন পুলিশের জালালাবাদ থানায় অভিযোগ দায়ের করা হয়েছে।

নিউইয়র্কের এস্টোরিয়ায় বসবাসকারী প্রবাসী কয়েছ আহমদ (ফয়েজ) জানান, আমার নিজের জায়গায় ব্যবসা করার জন্য আমি আফজাল হোসেনকে দায়িত্ব প্রদান করি। তিনি বিগত ৪/৫ বছর ধরে সুনামের সাথে 'ক্যাফে লেমন গার্ডেন ও মুসকান নার্সারী' পরিচালনা করে আসছেন। আমাদের ধারনা ব্যবসায়ীক সাফল্যে ইর্ষান্বিত হয়ে এবং ব্যবসা প্রতিষ্ঠানটি দখলের উদ্দেশ্যে রাতের অন্ধকারে অগ্নিকান্ড ঘটিয়েছে। ঘটনার সময় কিভাবে অগ্নিকান্ডের ঘটনা ঘটে তার বিবরণ দিয়ে স্থানীয় থানায় অভিযোগ করা হয়েছে। সন্ত্রাসীরা পেট্রোল দিয়ে অগ্নিকান্ডের মাধ্যমে ক্যাফেটি সম্পূর্ন পুড়িয়ে দেয় এবং নার্সারীর গাছগুলো কেটে ফেলে। সেই সাথে তারা পানির লাইন বিচ্ছিন্ন করে দেয়। স্থানীয় জনগণ অগ্নিকান্ডের খবর পেয়ে আগুন নেভানোর চেষ্টা করে ব্যর্থ হলেও আমাদের পরিবার কর্তৃক প্রতিষ্ঠিত 'হাজী সোনাহর আলী হাফিজিয়া মাদ্রাসা'টি রক্ষা করেন। ঘটনার সময় মাদ্রাসাটিতে শিক্ষক সহ প্রায় ৫০জন ছাত্র ঘুমিয়ে ছিলেন। ভাগ্যক্রমে তারাও রক্ষা পান।

তিনি আরো জানান, আমি দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্র প্রবাসী। আমাদের কষ্টের অর্থে আমরা ব্যবসা প্রতিষ্ঠান, নার্সারী আর মাদ্রাসা পরিচালনা করে আসছি। আমরা চাই আইন শৃঙ্খলা বাহিনী উক্ত ঘটনার সাথে জড়িত দুষ্কৃতকারীদের অবিলম্বে সনাক্ত করে তাদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক বিচারের ব্যবস্থা গ্রহন করবেন। প্রবাসী কয়েছ আহমদ (ফয়েজ) এ ব্যাপারে প্রশাসনেরও দৃষ্টি কামনা করেন।

বিদ্রোহী কবির পাশে চিরশায়িত বিপ্লবী ওসমান হাদি



- জানাজায় সংসদ ভবন এলাকা লোকে লোকারণ্য
- হাদির দেওয়া মন্ত্র মানুষ ভুলতে পারবে না : ড. ইউনূস
- তদন্তের বিষয়ে জানাতে সময় বেঁধে দিল ইনকিলাব মঞ্চ

বাংলা পত্রিকা ডেস্ক: চব্বিশের অভ্যুত্থানের পর তারুণ্যদীপ্ত প্রতিবাদী কণ্ঠস্বর হিসেবে পরিচিতি পাওয়া জুলাই যোদ্ধা শরিফ ওসমান বিন হাদি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের পাশে চিরঘুমে শায়িত হয়েছেন। সামাজিক - রাজনৈতিক প্ল্যাটফর্ম ' ইনকিলাব মঞ্চ ' - এর মুখপাত্র হাদি আঞ্চলিক আধিপত্যবাদ ও প্রথাগত রাজনীতির নেতিবাচক দিকগুলোর বিরুদ্ধে উচ্চকণ্ঠ ছিলেন। আততায়ীর হাতে তাঁর গুলিবিদ্ধ হওয়ার ঘটনা দেশজুড়ে আলোড়ন তোলে। শনিবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজার সামনে লাখো মানুষের উপস্থিতিতে জানাজার পর জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবরের পাশে তাঁকে দাফন করা হয়। অশ্রুসিক্ত চোখে বীর ওসমান হাদি তাঁকে বিদায় জানান সর্বস্তরের মানুষেরা।

'বিদ্রোহী কবি' হিসেবে পরিচিত জাতীয় কবি কাজী নজরুল ইসলামের অনুরাগী ছিলেন শরিফ ওসমান হাদি। মিছিল - সমাবেশে প্রতিবাদের ভাষা হিসেবে নজরুলের ' বিদ্রোহী ' কবিতা থেকে উদ্ধৃত করতেন তিনি। কিন্তু ' রণক্লান্ত ' হওয়ার আগেই ঘাতকের গুলিতে অকালে নিভে গেল তাঁর প্রাণপ্রদীপ। হাদির বয়স হয়েছিল ৩২ বছর। প্রসঙ্গত, নজরুলপ্রীতির সূত্রে হাদির পরিবার চেয়েছিল তাঁর শেষ শয্যা হোক কবির সমাধির পাশে। হাদির জানাজায় অংশ নিতে গতকাল বেলা ১১ টার পর থেকেই মানুষ জড়ো হতে থাকেন জাতীয় সংসদের দক্ষিণ প্লাজার সামনের মাঠে। মানিক মিয়া অ্যাভিনিউ - সংলগ্ন সংসদ ভবনের ১১ ও ১২ নম্বর গেট দিয়ে প্রবেশ করেন মানুষ। নিরাপত্তার জন্য ছিল দুই স্তরের তল্লাশি। নিরাপত্তার কারণে মাঠের চারপাশেদেওয়া হয়েছিল বাঁশের ব্যারিকেড। এই ব্যারিকেডের সামনেই মরদেহ ৬-এর পৃষ্ঠায় দেখুন



রিয়েলেটরস অ্যাসোসিয়েশন অব নিউইয়র্কের- রানি নাইট অনুষ্ঠান

জলি আহমেদ: নানা আয়োজনে রিয়েলেটরস এসোসিয়েশন অব নিউইয়র্ক-রানি নাইট অনুষ্ঠিত হয়েছে। গত ১৫ ডিসেম্বর সোমবার নিউইয়র্কের ওয়ার্ল্ড ফেয়ার মেরিনার ব্যাঙ্কুয়েট হলে এ অনুষ্ঠান হয়। অনুষ্ঠানের শুরুতেই দুই দেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। এতে মূলধারার রাজনীতিবিদ, বাংলাদেশ কমিউনিটির বিশিষ্টজন, রানির সদস্যবৃন্দ ও তাদের পরিবারের অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে ওঠে। অনুষ্ঠানে গেস্ট অব অনার ছিলেন নিউইয়র্ক স্টেট সিনেটর ন্যাটালিয়া ফার্নান্ডেজ ও স্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার।

নবগঠিত রানি'র আহ্বায়ক এইচ এম ইকবাল, সদস্য সচিব মাসুদ সিরাজী, প্রধান সমন্বয়কারী নূরুজ্জামান সরদার সহ ২০ সদস্যের আহ্বায়ক কমিটিকে স্টেজে আহ্বান করা হয়। তারা হলেন কো-কনভেনার সাইদুর আর লিঙ্কন, কো-কনভেনার আদান ইসলাম, মাসুদ প্রমানিক, মোহাম্মদ রাজ্জাক মুন্না, জামাল হোসেন, জুবায়ের এইচ ডালি, মাসুম আহমেদ, শামীম নাসির, মোহাম্মদ এ হোসেন, সাদমান জামান, আশিকুর আর রিদয়, আফজালুর রহমান দিদার, নুরুল ইসলাম মিলন, রফিকুল ইসলাম, মোহাম্মদ কে আহমেদ, মোহাম্মদ এম মিজা, গোলাম হোসেন। এ সময় প্রত্যেক সদস্যই তাদের পরিচয় তুলে ধরেন।

শুভেচ্ছা বক্তব্যে সংগঠনের উদ্দেশ্য, করণীয় সম্পর্কে তারা বিস্তারিত তুলে ধরেন রানি'র আহ্বায়ক এইচ এম ইকবাল, সদস্য সচিব মাসুদ ৬-এর পৃষ্ঠায় দেখুন

অপারেশন ডেভিল হান্ট ফেজ টু

গ্রেফতার ও অস্ত্র উদ্ধার সাধারণ অভিযানের চেয়েও কম

বাংলা পত্রিকা ডেস্ক: 'অপারেশন ডেভিল হান্ট ফেজ টু' অভিযানের দ্বিতীয় দিন ছিল ১৪ ডিসেম্বর। সেদিন দেশের ৬৩৯টি থানা এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করা হয় ৫৬৭ জনকে। অর্থাৎ প্রতি থানা এলাকা থেকে গড়ে একজন করেও গ্রেফতার করতে পারেনি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। পরবর্তী দিনগুলোরও গড় গ্রেফতার এক হাজারের বেশি নয়। যেখানে সাধারণ অভিযানেই গ্রেফতার হয় হাজারের বেশি। অপরাধ বিশ্লেষকরা মনে করেন, পুলিশকে এখনো অভিযানমুখী করতে না পারার কারণেই বিশেষ অভিযান বলা হলেও গ্রেফতার ও অস্ত্র উদ্ধার সাধারণ অভিযানের চেয়েও কম। ফলে মব, হত্যাসহ নানা ধরনের অপরাধ নিয়ন্ত্রণ করা যাচ্ছে না।



সারা দেশে ৬৩৯টি থানার মাধ্যমে আইন-শৃঙ্খলা রক্ষার কার্যক্রম পরিচালনা করে পুলিশ। পাশাপাশি র‍্যাব ও বিজিবিও দায়িত্ব পালন করে গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে। ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদিকে গুলি করার পরদিন ১৩ ডিসেম্বর আইন-শৃঙ্খলাবিষয়ক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কোর কমিটির সভার সিদ্ধান্ত দেশজুড়ে শুরু হয় অপারেশন ডেভিল হান্ট ফেজ টু। সে অনুযায়ী ওই রাতে পুলিশের বিভিন্ন ইউনিট ও সেনাবাহিনী বিশেষ এ অভিযান শুরু করে। যৌথ বাহিনীর অভিযান শুরুর মধ্যেই ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) পক্ষ থেকে আসে রাজধানীতে বিকাল থেকে চেকপোস্ট জোরদার করার ঘোষণা।

পুলিশ সদর দপ্তরের হিসাব অনুযায়ী, অপারেশন ডেভিল হান্ট ফেজ টু শুরু হয় ১৩ ডিসেম্বর রাতে। প্রথম দিনের অভিযানে গ্রেফতার করা হয় ৪৭৬ জনকে। পাশাপাশি চারটি দেশী-বিদেশী আগ্নেয়াস্ত্র, দুটি বিস্ফোরক ও একটি ধারালো চাকু উদ্ধার করা হয়। অভিযানের দ্বিতীয় দিন গ্রেফতার করা হয় ৫৬৭ জনকে। অস্ত্র হিসেবে উদ্ধার করা হয় একটি দেশী বন্দুক আর তিনটি চাকু। পরদিন ১৫ ডিসেম্বর গ্রেফতার করা হয় ৮২৩ জনকে। এদিন উদ্ধার করা হয় চারটি দেশী-বিদেশী অস্ত্র, ১২ রাউন্ড গুলি ও দুটি ধারালো অস্ত্র। ১৬ ডিসেম্বর সারা দেশে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয় ৯৬৮ জনকে। উদ্ধার করা হয় পাঁচটি অগ্নেয়াস্ত্র, পাঁচ রাউন্ড গুলি ও ১৪টি ৬-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

শান্তি এখন খুব প্রয়োজন

নৈরাজ্যে লাভ কার? এতে লাভ হয় অন্ধকার শক্তির। যেকোনো ঘটনাকে ইস্যু বানিয়ে তারা ফায়দা লুটতে তৎপর হয়ে ওঠে। নৈরাজ্যকারীরা তখনই নিরস্ত হয়, যখন সরকারের পক্ষ থেকে জিরো টলারেন্সের বার্তা দেওয়া হয়। যেকোনো নৈরাজ্য ঠেকিয়ে দিয়ে সরকার জানাতে পারে, গণতান্ত্রিক দেশে নৈরাজ্য সৃষ্টিকারীদের কোনো স্থান নেই।

এই বার্তা দেওয়া না হলে দেশ পড়ে যায় বিপদে। এরই মধ্যে বিএনপির সংবাদ সম্মেলনে বলা হয়েছে, হাদির মৃত্যুকে কেন্দ্র করে নৈরাজ্য নির্বাচন বানচালের ষড়যন্ত্র। দুটি পত্রিকা অফিস এবং ছায়ানট ও উদীচীতে উচ্ছৃঙ্খল জনতার আক্রমণের নিন্দা জানিয়েছে দলটি। এনসিপিসহ আরও কয়েকটি দলের পক্ষ থেকে এই নৈরাজ্যের নিন্দা জানানো হয়েছে। মুশকিল হলো, নিন্দা জানালে জনগণ সংকটগুলো বুঝতে পারে বটে, কিন্তু শৈশবে বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করতে দেওয়া একটি বাক্যের কথা তখন তাদের মনে পড়ে যায়। 'ডাক্তার আসিবার পূর্বে রোগী মরিয়া গেল'—এই বাক্যের ইংরেজি অনুবাদ করেননি, এমন পড়ুয়া খুব কম আছেন।

এবারও দেখা গেল, শাহবাগ থেকে কিছু মানুষ এসে প্রতিষ্ঠানগুলোয় ভাঙচুর চালাচ্ছে। সংখ্যায় এরা বেশি নয়, কিন্তু যে রকম মারমুখী, তাতে সাধারণ মানুষের পক্ষে প্রতিরোধ গড়ে তোলা সম্ভব নয়। মূলত এই আক্রমণ ঠেকানোর দায়িত্ব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর। পত্রিকা অফিস কিংবা সাংস্কৃতিক সংগঠনের ওপর যখন হামলে পড়ল কিছু মানুষ, তখন তাদের থামানোর মতো আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পর্যাপ্ত সদস্য সেখানে মোতায়েন ছিল না। ভাঙচুর শেষে আগুন দেওয়ার পর এসে হাজির হয়। বিভিন্ন জায়গায় প্রতিবন্ধকতা মোকাবিলার পর হাজির হয় ফায়ার সার্ভিস।

রাজনৈতিক অঙ্গনে এই ভাঙচুরের তীব্র প্রতিবাদ জানানো হয়েছে, নিন্দা জানানো হয়েছে। ঘাপটি মেরে বসে থাকা অরাজক বাহিনী যে সুযোগ নিয়েছে, তা বন্ধ করার জন্য সরকার কী কী ব্যবস্থা নেয়, সেটা এখন দেখার বিষয়। যেকোনো বিষয়কে ইস্যু করে যে কেউ অঘটন ঘটিয়ে ফেলতে পারাকে স্বাধীনতা বলে না, তাকে বলা হয় অরাজকতা। এই কথা সমাজের সব শ্রেণি-পেশার মানুষকে বুঝতে হবে। উত্তেজিত জনতা যুক্তি বোঝে না।

তাদের উত্তেজিত করছে কে, সেটাই আসলে খুঁজে বের করা দরকার।

জাতীয় নির্বাচনের কাছাকাছি সময় এসে গেছে। এ সময় নির্বাচন বানচালের চেষ্টা করা হলে তা শক্ত হাতে দমন করা সরকারের দায়িত্ব। সরকারি মহল থেকে যে ধরনের কথা শোনা যায়, তাতে মনে হয়, যেকোনো মূল্যে নির্বাচন অনুষ্ঠান করবে সরকার। লেভেল প্লেয়িং ফিল্ড তৈরি করে সত্যিকার অর্থে অবাধ ও সুষ্ঠু নির্বাচনই এখন সবার চাওয়া। সে রকম পরিবেশ তৈরির করার জন্য নৈরাজ্যের বিরুদ্ধে কঠোর হতে হবে সরকারকে। যারা ঝোপ বুঝে কোপ মারে, তাদের ব্যাপারে সতর্ক না হলে বিপদ বাড়তেই থাকবে।

দেশে বহুমত, বাক্সবাধীনতা, সংস্কৃতির প্রবহমানতার ওপর আঘাত এলে তা রাষ্ট্রের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। দেশের মানুষের শান্তি এখন খুব প্রয়োজন।



আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর ক্রস ম্যাকমুলান আমাকে বেশ পছন্দ করতেন। তাঁর হাত দিয়ে কোন সাংবাদিকের বাইরে যাওয়ার সুযোগ এলে তিনি আমাকে অন্তর্ভুক্ত করতেনই। তাঁর সুবাদে শ্রীলঙ্কায় গিয়েছিলাম সম্ভবত ২০০৫-এ সুনামির কিছুদিন পর। ২০০২ সালে যুক্তরাষ্ট্রে ভ্রমণের আগে তিনি আমাকে আসিয়ান দেশগুলোর জ্বালানিবিষয়ক সংবাদদাতাদের এক সফরে অন্তর্ভুক্ত করলেও আমি আমাদের কনিষ্ঠ পুত্র তৃপ্তর অসুস্থতার জন্যে যেতে পারিনি। আমার এই সিদ্ধান্তকে তখন ক্রস ম্যাকমুলান স্বাগত জানিয়ে বলেছিলেন, "family is first." এর কিছুদিন পর যুক্তরাষ্ট্রে এই ভ্রমণের সুযোগ এলে তিনি আবার মন্তব্য করে বলেছিলেন, "You don't know how the nature will canpensate you, when you do something good and apparently lose something."

ক্রসের ছেলে বিকেলে হোটেলে এসে আমাকে নিয়ে গেলেন শহরটা দেখাতে। শিকাগো যুক্তরাষ্ট্রের অন্যতম ঘন জনবসতিপূর্ণ শহর। কি এক অপূর্ব মিলন – সাদা, কালো এক হয়ে চলছেন, বাজার করছেন, গল্প করছেন, রেস্তরাঁয় আড্ডা দিচ্ছেন, মাঠে ঘুরছেন, দর্শনীয় স্থানে গায়ে গায়ে মিশে ইতিহাস আর প্রকৃতির সৌন্দর্য স্পর্শ করছেন। ক্রসের ছেলের নামের শেষ অংশ ম্যাকমুলান বলে সম্বোধন করলাম। তিনি এক মেক্সিকান নারীর সঙ্গে প্রণয়াবদ্ধ হয়েছেন। স্ত্রীর ইচ্ছে একবারের জন্যে হলেও বাংলাদেশে আসবেন – 'আয়ং' দেখতে। পল্লী নারীদের হাতে তৈরি কিছু সামগ্রী কিনবেন। আমি হেসে দিলাম রেস্তরাঁয় বসে চায়ের কাপে চুমুক দিতে দিতে। 'হাসছেন যে বড়'—জুনিয়র ম্যাকমুলানের প্রশ্ন। বললাম – ওটার নাম 'আড়ং'। সন্ধ্যা ঘনিয়ে আসাতে তাগাদা দিলেন ওঠার জন্যে, প্রায় এই জনশূন্য এলাকা ছাড়ার জন্যে। রাতের আঁধারে এখানে কিছু উচ্ছৃংখল মানুষ হামলে পড়ে। পথচারীদের কাছে যা কিছু পায় লুটে নেয়। বাধা দিলে খুন করতে কসুর করে না। আমরা একটা পথের বাঁক নিতেই গভীর নীল সমুদ্র চোখে পড়ল। 'আহ কি চমৎকার! কি মনোরম দৃশ্য – এ তো প্রকৃতির লীলাভূমি। ভূমধ্যসাগরের সৌন্দর্যকেও হার মানিয়েছে। কি নাম এই সমুদ্রের?' – ম্যাকমুলান হাসলেন, বললেন – 'এটা সমুদ্র নয়, প্রকৃতির দেয়া হ্রদ। আগন্তুকরা এই ভুল করেন। 'Great Lake' নামে খ্যাত। একে মিশিগান লেকও বলা হয়।' আমি বললাম, 'আমারও তাই হয়েছে। বিমান থেকে নামার সময় এই হ্রদের সৌন্দর্যের সঙ্গে আমি ভূমধ্যসাগরের মিল খুঁজেছিলাম।' তিনি বললেন, 'পৃথিবীতে প্রকৃতির কোলে এ রকম পাঁচটি বড় হ্রদ রয়েছে। গভীরতা আর পানির পরিমাণের নিরিখে এটি পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম হ্রদ।' জুনিয়র ম্যাকমুলান বিদায় নিলেন। আমি শক্ত করে হাত ধরে বললাম, 'আপনার পিতা খুব ভাল মানুষ। আমাকে বেশ পছন্দ করেন, কিন্তু জানি না কেন?' তিনি বললেন, 'আপনাকে যে পছন্দ করেন তার প্রমাণ আমাদের এই দেখা-সাক্ষাৎ হওয়া। অনবরত সুদূর প্রবাসে তিনি আপনার মুখের ভেতর আমার মুখ খোঁজেন।' আমার চোখ ভিজে এল। আমি দ্রুত বিদায় নিয়ে কক্ষে এসে অনেকক্ষণ চুপ করে বসে থাকলাম। এক নিমিষে নানা স্মৃতি আমাকে মথিত করতে থাকল। আমি মাথার কাছে রাখা সেট তুলে ঢাকায় আমার স্ত্রীকে ফোন করলাম। আন্তর্জাতিক কল, ব্যয়বহুল—একথা ভেবে তিনি কথা না বাড়িয়ে শুধু বললেন, 'ভুলে যেও না, আজ তৃপ্তর জন্মদিন।' আমি বললাম, 'এটা ভুলে গেলে খুব অন্যায় হত। দাও ওকে, দোয়া জানাই।' কচি কণ্ঠ ভেসে এল। বললাম, "আব্বুসোনা ক্যামন আছ।" আমার কথায় আদরের সুর ধ্বনি প্রতিধ্বনিত হয়ে হাজার হাজার মাইল দূরে এক শিশুর মনকে কেন যেন অবিশ্বাস্য করে তুলল। বলল, 'আমি তো তৃপ্ত না, তিয়াষ।' আমি দ্রুত সামলে নিয়ে বললাম, 'জানি তো।' এভাবে আমি নিজের সাথে প্রতারণা করলাম। পরে যথারীতি তৃপ্তর সাথে কথা। ছোট ছোট আবদার। পেন্সিল, কলম, গল্পের বই আর চকোলেট। এ এক ভারি



মজা। আমি যখনই বাইরে যাই তখন দুই ভাই কাগজ কলম নিয়ে বসে ফর্দ বানাতো। শিশুমনে এর বাইরে আর কোন চিন্তা উঁকি দিত না। সব মিলিয়ে ১০০ ডলারেরও বাজার নয়।

ফোনটা রেখে দিলাম। কলম তুলে নিলাম, কিছু লিখব বলে ডায়েরিতে। জিতুর দেয়া কলম। তিনি ওয়াশিংটনে আমাকে উপহার দিয়েছেন। ওর একটা বিরাট নাম আছে। আমি আমার মতো করে জিতু বলে ডাকি। তিনিও হাসিমুখে বরণ করেছেন নামটি। আমেরিকান তরুণী। ঢাকায় ছিলেন বিশ্বব্যাংকের কর্মকর্তা হিসেবে। পেশাগত সূত্রে পরিচয়। ঢাকা থেকে আসার পথে মাজেদ ভাই ওর ফোন নম্বর দিয়েছিলেন। ওয়াশিংটনে একটু স্থিত হয়ে ফোন করাতে একদিন আসেন বৃষ্টি মাথায় নিয়ে। পরের দিন ডিনারে নেমন্তন্ন করেন। খাবার রেস্তরাঁয় ঢুকে টের পাই বেশ দামি হোটেল। দামি দামি সব খাবারের ফরমায়েশ করেছেন। বিশাল প্লেটের গোটা শরীর জুড়ে লবস্টার (Lobster)। শুধু ওটা খেতেই অনেকটা সময় লাগল। বললেন, 'আমেরিকানরা অনেক খায়। তাই তো শরীরে রোগ ওদের। অনেকে স্থূলকায়।' যদিও জিতু হ্যাংলা, পাতলা, দীর্ঘ শরীর। মুখে কোথায় যেন একটা লাবণ্যতা লুকিয়ে আছে। খুঁজে বের করে নিতে হয়। ধীরে ধীরে কথা চলতে থাকল। 'কেমন লাগছে ওয়াশিংটন। কেন হঠাৎ ঢাকা ছেড়ে এলেন?' শুকনো মুখে আমার দিকে নির্বাক তাকিয়ে – বাইরে প্রবল বৃষ্টি। বললেন, 'সিরাজুল প্রেমের জন্যে যদি মানুষকে এভাবে নিঃস্ব না হতে হত!' আকস্মিক এ ধরনের কথায় আমি ভড়কে গেলাম। বিস্মিত হলাম। কিন্তু প্রসঙ্গটাকে বেশি দূর এগিয়ে যাওয়ার অবকাশ না দিয়ে তাঁর ব্যক্তিগত জীবন, বিশ্বব্যাংকের জীবন–ইত্যাদি বিষয়ে তাঁকে ব্যস্ত রাখলাম। ঢাকায় গিয়ে এই সুখস্মৃতি ভাগাভাগি করলাম – বিশ্বব্যাংকের আরেক কর্মকর্তা মাজেদ ভাইয়ের সঙ্গে। তিনি বললেন, 'আপনার দেয়া নাম – জিতু বাংলাদেশে এক বাংলাদেশীর প্রেমে পড়েছিলেন। কিন্তু লোকটা তাঁর সঙ্গে প্রতারণা করার পর তদবির করে ওয়াশিংটনে নিজের দেশে ফিরে গেছেন। এখন কোন বাংলাদেশীকে দেখলে তার মধ্যে সেই হারিয়ে যাওয়া মানুষটিকে তিনি খুঁজে ফিরেন।'

পাঁচ দিন কাটল শিকাগোতে। এবার ক্যারোলাইনা। প্রথমে নর্থ ক্যারোলাইনা, পরে সাউথ। নর্থ ক্যারোলাইনায় একটা ঘটনা ঘটল। কোন এক দুপুরে আমাদের নেমন্তন্ন ছিল এক ধনাঢ্য ব্যবসায়ীর বাড়িতে। জানা গেল, তিনি পাকিস্তানি বংশোদ্ভূত যুক্তরাষ্ট্র নাগরিক। বহু বছর আগে ভাগ্যের অন্বেষণে নিজ মাতৃভূমির মায়া ছেড়ে যুক্তরাষ্ট্রে এসে থিতু হয়েছেন। মূলত গালিচার ব্যবসা। হরেক রকমের গালিচা। রপ্তানি করেন পৃথিবীর নানা প্রান্তে। অভ্যন্তরীণ বাজারেও এই ব্যবসায়ীর তৈরি গালিচার যথেষ্ট কদর পণ্যের উৎকৃষ্টতার জন্যে। আমরা ঘুরে ঘুরে তাঁর কারখানা, প্রদর্শনী কক্ষ দেখে মুগ্ধ হলাম। তাঁর বাড়িতে আমাদের আহারের জন্য যাওয়ার ব্যবস্থা। কিন্তু দলের কয়েকজন সদস্য এই ভদ্রলোকের বাড়িতে যেতে অনীহা প্রকাশ করলেন এবং কিছুতেই যাবেন না বলে মত দিলেন। এ ধরনের সিদ্ধান্তে বেটি মুর খুব বিব্রত। আমাকে একপাশে ডেকে নিয়ে বললেন, '১৯৭১-এ বাংলাদেশের সঙ্গে যা হয়েছে তার জন্যে এই মার্কিন যুক্তরাষ্ট্র কি দুধে ধোয়া তুলসি পাতা! তৎকালীন যুক্তরাষ্ট্র সরকার সপ্তম নৌবহর পাঠানোর ভয় দেখায়নি? পাকিস্তান সরকারকে মদদ দেয়নি? তাই বলে কি বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক গড়ে তোলা থেকে পিছিয়ে ছিল? নাকি পিছিয়ে থাকাটা কোন যুক্তিসঙ্গত সিদ্ধান্ত? মার্কিন যুক্তরাষ্ট্র ভিয়েতনামে একটানা কত বছর যুদ্ধ করে দেশটির মাটিকে রক্তাক্ত করেছে। কিন্তু পরাজয়ের গ্লানি মাথায় নিয়ে এখন যুক্তরাষ্ট্র ভিয়েতনামের এক ভাল বন্ধু। অর্থনীতিকে গড়ে পিঠে তোলার জন্যে নানামুখী সহায়তা করছে। এটাই হচ্ছে বাস্তবতা। আমি যতদূর জানি পাকিস্তান বাংলাদেশে যে মৃত্যুলীলা চালিয়েছে তার বেদনা কারো পক্ষেই ভুলে যাওয়া সম্ভব নয়। তাই বলে কি সব নাগরিক এই যুদ্ধকে সমর্থন যুগিয়েছিল? বাংলাদেশের পক্ষে কি কেউ কথা বলেননি? অবশ্যই কেউ কেউ উচ্চকিত ছিলেন। এর ঘোরতর বিরোধিতা করেছেন। আর এই ভদ্রলোক যুগ যুগ ধরে এদেশের নাগরিক হয়ে এদেশে বসবাস এবং ব্যবসা করছেন। এই যুদ্ধের সঙ্গে তাঁর সম্পর্ক কি? সবচেয়ে বড় কথা তিনি এতগুলো মানুষের খাবারের ব্যবস্থা করেছেন। তার কি হবে? আমিই বা কি জবাব দেবো? আপনি দলের মধ্যে বয়োজ্যেষ্ঠ। আপনি এদের বোঝান।' আমি সম্মত হয়ে ফিরে এলাম এবং সবার সঙ্গে কথা বলে বেটি মুরের মনোভাব ব্যক্ত করলাম। কেউ কেউ আমার কথায় সায় দিলেন। অবশেষে অন্যদেরও রাজি করানো সম্ভব হল। তবে শর্ত হল, আমরা এই মেজবানের জন্যে যে উপহার এনেছি তা আর ঘটা করে দেয়া হবে না। এটা বাড়ির কর্তার হাতে আমি কোন এক ফাঁকে দিয়ে দেব। আমি সম্মত হয়ে ছুটে গেলাম বেটি মুরের কাছে। নির্দিষ্ট সময়ের বেশ পরে আমরা হাজির হলাম। মধ্যবয়সী ভদ্রলোক। আরাম কেদারায় আধা শোয়া হয়ে বিশ্রাম নিচ্ছিলেন। আমরা যেতেই সহাস্য এগিয়ে এসে আমাদের গ্রহণ করলেন। রাজনীতি নয়, নেহাত ব্যক্তিগত ব্যবসা নিয়ে কথা বললেন। কবে এদেশে এসেছেন। কিভাবে যুদ্ধ করে এই ব্যবসার বিশাল সাম্রাজ্য গড়ে তুলেছেন – সেসব কাহিনী। প্রত্যেকটি বাক্য ছিল সংযত, কিন্তু অন্তর ছোঁয়া। বাংলাদেশ-পাকিস্তান নিয়ে সম্পর্ক, যুদ্ধ এসব প্রসঙ্গে কিছুই বললেন না। শুধু বললেন, 'পাকিস্তান প্রশাসন খুব সতর্কতার সঙ্গে তরুণ প্রজন্মের কাছে ইতিহাসটা লুকিয়ে রাখার প্রাণান্ত চেষ্টা করছে। তারা যে নির্মমতা করেছে তা কবর দেয়ার চেষ্টা করছে। তাই কি হয় কখনো? কেউ কি কখনো ইতিহাসকে, নির্মমতাকে চাপিয়ে রাখতে পেরেছে?' আমরা কোন মন্তব্য না করে তাঁকে বোঝার চেষ্টা করছিলাম। তাঁর এই রূপ সত্য কিনা বোঝার চেষ্টা করছিলাম। এ প্রসঙ্গে আমার কয়েক বছর আগের একটি ঘটনা মনে পড়ল। করাচীতে বাণিজ্য সম্ভাবনা নিয়ে সার্কভুক্ত দেশগুলোর একটি সম্মেলনে বাংলাদেশ থেকে আমরা দু'জন সাংবাদিক যাওয়া সুযোগ পাই। করাচীতে একটি পাঁচ তারকা হোটেলে আমাদের থাকার ব্যবস্থা হয়। সংক্ষিপ্ত এই সফরে হোটেলের অভ্যর্থকের সঙ্গে পরিচয়। প্রসঙ্গক্রমে তিনি আমাকে বলেন, "কেন যে আপনারা পৃথক হয়ে গেলেন?" কণ্ঠে অনুযোগের সুর। আমি তাকে সংক্ষেপে আমাদের বঞ্চনা ও নির্যাতনের পুরো ইতিবৃত্ত বললাম। তিনি সব শুনে আমার দিকে তাকিয়ে বললেন, "জানেন আমাদের তরুণদের কাছে এসব ইতিহাস লুকিয়ে রাখা হয়েছে।"

বেশ আয়োজন। একাধিক পরিচারক। বিশেষ পোশাকে সজ্জিত। খাবারের টেবিলে আমাদের ঐতিহ্যের সব খাবার সাজানো। এন্তার খাবার। এত সব খাবার দেখে আমার আগের দিনের কথা মনে পড়ল। দুপুরে একটা রেস্তরাঁয় আমরা প্রত্যেকে ১০ ডলার ব্যয় করে শাকপাতা, স্যুপ, এক পিস পাউরুটি খেয়েছি। পেটের ক্ষুধা পেটেই রয়ে গেছে। তারপরও আমরা বাধ্য হয়ে তৃপ্তির ঢেঁকুর তুলেছি।

সৌদিতে ৭ দিনে ১৯ হাজার অবৈধ অভিবাসী গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: নথিবিহীন অবৈধ অভিবাসীদের ধরপাকড়ে সম্প্রতি নিয়মিত অভিযান চালিয়ে যাচ্ছে সৌদি আরব। সে পরিকল্পনার অংশ হিসেবে দেশটির বিভিন্ন শহরে গত এক সপ্তাহ ধরে অভিযান চালিয়ে ১৭ হাজার ৮৮০ জন নথিবিহীন অভিবাসীকে গ্রেপ্তার করেছে সৌদি পুলিশ। দেশটির স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত শনিবার এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে। বিবৃতিতে বলা হয়েছে, অবৈধ অভিবাসীদের শনাক্ত ও গ্রেপ্তার করতে গত ১১ থেকে ১৭ ডিসেম্বর পর্যন্ত দেশ জুড়ে অভিযান চালিয়েছে পুলিশ ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার সমন্বয়ে গঠিত যৌথ বাহিনী। গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে সৌদির আবাসন, সীমান্ত নিরাপত্তা এবং শ্রম আইন লঙ্ঘনের অভিযোগ আনা হয়েছে।

আইনশৃঙ্খলা বাহিনীর বরাত দিয়ে এক প্রতিবেদনে সৌদি দৈনিক ওকাজ জানিয়েছে, গ্রেপ্তারকৃতদের মধ্যে ১১ হাজার ১৯০ জনকে সৌদিতে বসবাসের জন্য প্রয়োজনীয় নথি না থাকা, ৩ হাজার ৮০১ জনকে সীমান্ত আইন লঙ্ঘন করে অনুপ্রবেশ এবং ২ হাজার ৮৮৯ জনকে শ্রম আইনভঙ্গের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে। এ ছাড়া অবৈধ অভিবাসীদের থাকার সুযোগ করে দেওয়ার অভিযোগে ১৫ জন নাগরিককেও গ্রেপ্তার করেছে সৌদি কর্তৃপক্ষ। এই একই সময়সীমায় সীমান্ত দিয়ে অনুপ্রবেশের সময় সৌদি সীমান্তরক্ষী বাহিনীর সদস্যদের কাছে ধরা পড়েছে ১ হাজার ৫০৯ জন। তাদের মধ্যে ৪৪ শতাংশ ইয়েমেনের, ৫৫ শতাংশ ইথিওপিয়া এবং ১ শতাংশ অন্যান্য দেশের নাগরিক।

সৌদির স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে সতর্কবার্তা দিয়ে বলা হয়েছে, কোনো নাগরিক কিংবা সৌদিতে স্থায়ীভাবে বসবাসের অনুমোদনপ্রাপ্ত কোনো ব্যক্তির বিরুদ্ধে যদি অবৈধ বা নথিবিহীন অভিবাসনপ্রত্যাশীদের অবৈধ প্রবেশ, যাতায়াতে সহায়তা ও চাকরি প্রদান কিংবা চাকরি পেতে সহযোগিতার অভিযোগ পাওয়া যায়, তাহলে সৌদির আইন অনুসারে ওই নাগরিক কিংবা স্থায়ীভাবে বসবাসের অনুমোদনপ্রাপ্ত ব্যক্তিকে ১৫ বছর কারাবাসের সাজার পাশাপাশি ১০ লাখ রিয়াল জরিমানা হিসেবে দিতে হবে। প্রসঙ্গত, সৌদি আরবে প্রায় সাড়ে তিন কোটি অভিবাসী বিভিন্ন সেক্টরে কাজ করেন।

নির্বাচন ঘিরে আইনশৃঙ্খলা

নিরাপত্তা-উদ্বেগ বাড়ছে, বৈধ অস্ত্র নিয়েও শঙ্কা



বাংলা পত্রিকা ডেস্ক: দেশের বিভিন্ন স্থানে সম্প্রতি চোরাগোপ্তা হামলা, খুনোখুনি এবং একাধিক নির্বাচন কার্যালয়ে নথিপত্র পুড়িয়ে দেওয়ার ঘটনা ঘটেছে। কোথাও আবার আগ্নেয়াস্ত্র ব্যবহার করছে দুর্বৃত্তরা। ককটেল নিক্ষেপ এবং গাড়িতে অগ্নিসংযোগও করা হচ্ছে।

এমন পরিস্থিতিতে আসন্ন ত্রয়োদশ জাতীয় নির্বাচন ঘিরে আইনশৃঙ্খলা ও সার্বিক নিরাপত্তা পরিস্থিতি নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। এর সঙ্গে গুরুত্বপূর্ণ ব্যক্তি ও প্রার্থীদের নিরাপত্তায় আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দেওয়ার নতুন নীতিমালা জারির মধ্য দিয়ে সেই উদ্বেগ আরও বাড়ছে। নির্বাচনের সময় আগ্নেয়াস্ত্র হাতে হাতে থাকলে পরিস্থিতি ভীতিকর হতে পারে বলে অনেকে আশঙ্কা করছেন।

আগের সব নির্বাচনে বৈধ অস্ত্র জমা নেওয়া হতো। মূলত আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা, সহিংসতা ঠেকানো এবং ভোটার ও মাঠ কর্মকর্তাদের মধ্যে নিরাপত্তা নিয়ে আস্থা তৈরি করতে বৈধ অস্ত্র জমা নেওয়া হয়ে থাকে। অবৈধ অস্ত্র উদ্ধারেও অভিযান চালানো হয়। সংশ্লিষ্টরা জানান, সাধারণত কারও ব্যক্তিগত সুরক্ষার জন্য তাঁকে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দেওয়া হয়। কিন্তু নির্বাচনের সময় রাজনৈতিক পরিবেশ ভিন্ন রকম হয়, সহিংসতার ঝুঁকি থাকে, তা ছাড়া আগ্নেয়াস্ত্রের বহন বা প্রদর্শন ভোটের প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে, তাই এ সময়টাতে কাউকে আগ্নেয়াস্ত্র রাখতে দেওয়া হয় না। কিন্তু এবার নতুন বাস্তবতায় নির্বাচনের সময়েও আগ্নেয়াস্ত্রের লাইসেন্স এবং দেহরক্ষী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। পাশাপাশি আগের লাইসেন্সধারীদের অস্ত্রও থাকছে তাদের হাতে। এ কারণে এবার নতুন শঙ্কা তৈরি হয়েছে।

দায়িত্বশীল একটি সূত্র জানায়, বেশ কয়েকজন রাজনীতিবিদ এরই মধ্যে নিরাপত্তা, গানম্যান ও অস্ত্রের লাইসেন্স চেয়ে আবেদন করেছেন।

এদিকে পুলিশের লুণ্ঠিত এক হাজার ৩৩৬টি আগ্নেয়াস্ত্র এখনও উদ্ধার হয়নি। পুলিশ সদরদপ্তরের একটি সূত্র জানায়, যে কোনো মূল্যে মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের মাঠপর্যায়ে কঠোর বার্তা দেওয়া হয়েছে। এলাকাভিত্তিক অপরাধী তালিকা হালনাগাদ করার কাজ শুরু হয়েছে।

আইনশৃঙ্খলা নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠক

চলমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে গতকাল রোববার উচ্চ পর্যায়ের বৈঠক হয়েছে। সেখানে অবৈধ অস্ত্র উদ্ধার, সন্ত্রাসী কার্যক্রম দমন, যৌথ বাহিনীর কার্যক্রম, নির্বাচনী পরিবেশ বজায় রাখাসহ বেশ কিছু বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে।

এ ছাড়া নির্বাচন সামনে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, অবৈধ অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসী কার্যক্রম রোধে যৌথ বাহিনীর কার্যক্রম নিয়ে গতকাল নির্বাচন কমিশনও (ইসি) বৈঠক করেছে। অবৈধ অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসী কার্যক্রম দমনে যৌথ বাহিনীর কার্যক্রম এবং আচরণ বিধিমালা অনুযায়ী নির্বাচনী পরিবেশ বজায় রাখাসহ বেশ কিছু বিষয় ছিল আলোচ্য সূচিতে। ভোটের পরিবেশ বিঘ্ন করে, এমন অপতৎপরতা রোধে গোয়েন্দা নজরদারি বাড়ানোসহ যৌথ বাহিনীর অভিযান চালানোর বিষয়ে নির্দেশনা রয়েছে ইসির। শিগগির গোয়েন্দা সংস্থার সঙ্গে আলাদা বৈঠকের ১১-এর পৃষ্ঠায় দেখুন

চাপ তৈরিতে যত ঘটনা দিল্লিতে

সাহিদুল ইসলাম চৌধুরী : ভারতে বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লাহকে হত্যার হুমকি দেওয়া হয়েছে। দেশটির চরমপন্থি সংগঠন অখন্ড হিন্দু রাষ্ট্রসেনার সদস্যরা গত শনিবার রাতে দিল্লির কূটনৈতিক এলাকা চাণক্যপুরীর রাধাকৃষ্ণ মার্গে অবস্থিত তার বাসভবন ও হাইকমিশনের সামনে বিক্ষোভ করে ও হুমকি দেয়।

পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন দিল্লিতে হাইকমিশনারকে হত্যার হুমকি দেওয়ার বিষয়টি গতকাল রবিবার ঢাকায় সাংবাদিকদের জানান। উপদেষ্টা বলেন, শনিবার রাতের ঘটনাটির পর 'হাইকমিশনারের পরিবার' ঝুঁকিতে আছে, এমন অনুভূতির কথা জানিয়েছে।

কূটনীতিকরা জানান, ২০ থেকে ২৫ জন বিক্ষোভকারী শনিবার রাতে কয়েকটি গাড়িতে মিশন চত্বরে অবস্থিত 'বাংলাদেশ হাউজের' গেটে এসে ব্যানারসহ বিক্ষোভ করে। তারা বাংলাদেশে হিন্দু সম্প্রদায়ের নাগরিকদের ওপর 'নির্যাতন' বন্ধের দাবি জানায়। অন্যথায়, হাইকমিশনারসহ দূতালয় কর্মীদের নিয়ে নানান হুমকি দেয়। ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার 'বাংলাদেশ হাউজে' সপরিবারে বসবাস করেন। সংগঠনটির কর্মীরা পরে মিশনের প্রধান গেটে গিয়ে বিক্ষোভ করে কিছুক্ষণ পর চলে যায়।

চরমপন্থি একটি সংগঠনের সদস্যরা গতকাল রাতেও দিল্লির বাংলাদেশ হাইকমিশনের সামনে এসে বিক্ষোভ করে। তবে উভয় বিক্ষোভ একই সংগঠনের কর্মীরা করেছে কি না, তা নিশ্চিত হওয়া যায়নি।

তৌহিদ হোসেন গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের বলেন, 'আমরা শুনেছি যে, তাকে (হাইকমিশনার) হত্যার হুমকি দেওয়া হয়েছে। সেখানে এসে তাকে হুমকি দেবে কেন! এ ঘটনার পর থেকে দিল্লিতে হাইকমিশনারের পরিবার ঝুঁকি বোধ করছে এবং হুমকি অনুভব করছে।'

দিল্লির কূটনৈতিক সূত্রের তথ্য অনুযায়ী, অখ- হিন্দু রাষ্ট্রসেনার কর্মীরা সেখানকার সময় রাত ৮টা ৩৫ মিনিট থেকে ৮টা ৫৫ মিনিট পর্যন্ত 'বাংলাদেশ হাউজের' সামনে অবস্থান করে স্লোগান দেয়। তারা বাংলা ও হিন্দি মিলিয়ে কথা বলছিল। এ সময় 'হিন্দুদের নিরাপত্তা দিতে হবে' ও 'হাইকমিশনারকে ধর' ইত্যাদি স্লোগান দেওয়া হয়।

কূটনৈতিক বিশ্লেষকরা বলছেন, ২০২৪ সালের ৫ আগস্ট ঢাকায় শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে দুই দেশের মধ্যে সম্পর্কের অবনতি, গত দেড় বছরের বিভিন্ন ঘটনা, বাংলাদেশে দলটির 'কার্যক্রম নিষিদ্ধ' করে আগামী জাতীয় নির্বাচন আয়োজনের তোড়জোড় ও অন্যান্য ঘটনাবলির সঙ্গে চাণক্যপুরীর মতো কড়া নিরাপত্তাবেষ্টিত কূটনৈতিক এলাকায় পরপর দুদিন উগ্রবাদীদের বিক্ষোভকে মিলিয়ে দেখলে এটা পরিষ্কার হাইকমিশনারকে দেওয়া হুমকি 'উদ্দেশ্যপ্রণোদিত'।

বিভিন্ন বিদেশি দূতাবাস ও ভারতের গুরুত্বপূর্ণ কিছু সরকারি কার্যালয়ের অবস্থান চাণক্যপুরীতে। রাতে এলাকাটি নীরব হয়ে যায়। তখন এ ধরনের বিক্ষোভ প্রদর্শন ও হুমকি দেওয়া এক ধরনের 'উসকানি' হিসেবে দেখছে বাংলাদেশ কর্তৃপক্ষ।

পেশাদার কূটনীতিকরা মনে করেন, মোটামুটি তিনটি উদ্দেশে উসকানি দেওয়ার জন্য বাংলাদেশ মিশন ও হাইকমিশনারকে কেন্দ্র করে 'কূটনৈতিক উপদ্রব' তৈরি করা হয়ে থাকতে পারে।

প্রথমত, দিল্লির আশ্রয় থেকে শেখ হাসিনাকে বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে প্রত্যর্পণের জন্য বাংলাদেশ থেকে ভারত সরকারের ওপর চাপ আছে। সীমান্ত অতিক্রম করে ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির খুনি ভারতে গেছে এমন প্রচার আছে। এমন অবস্থায় মানুষের দৃষ্টি অন্যদিকে ঘুরিয়ে দিতে দিল্লিতে হুমকি দেওয়া হয়ে থাকতে পারে।

দ্বিতীয়ত, ভারতের ক্ষমতাসীন মহল চায়, বাংলাদেশে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের অংশ নেওয়ার সুযোগ থাকুক। এ উদ্দেশে নানা উপায়ে চাপ তৈরির পথে গেছে দেশটির সরকার।

তৃতীয়ত, শেষ পর্যন্ত আওয়ামী লীগ নির্বাচনে অংশ নিতে না পারলে ভোটের পর যে সরকারই ঢাকায় ক্ষমতায় আসুক, তার জন্য আগেভাগে যতটা সম্ভব বাজে পরিস্থিতি তৈরি করে রাখা, যাতে নতুন সরকার ভারতের সঙ্গে বিভিন্ন ইস্যুতে দরকষাকষির ক্ষেত্রে কিছুটা দুর্বল অবস্থানে থাকে।

বাংলাদেশ-ভারত



- বাংলাদেশ হাইকমিশনারকে হত্যার হুমকি
- ভারতের ব্যাখ্যা প্রত্যাখ্যান করলেন পররাষ্ট্র উপদেষ্টা
- মিশনের নিরাপত্তা নিশ্চিত করতে ভারত প্রতিশ্রুতিবদ্ধ

বাংলাদেশের কূটনীতিকরা মনে করেন, হাইকমিশনার হিসেবে ভারতে নতুন হলেও রিয়াজ হামিদুল্লাহ নানা কর্মসূচির মাধ্যমে এরই মধ্যে দিল্লি, পশ্চিমবঙ্গ ও ত্রিপুরায় রাষ্ট্র এবং সমাজের বিভিন্ন পর্যায়ে সংযোগ তৈরি করতে সক্ষম হন। তার চলাচল ও কার্যক্রম সীমিত রাখতে মানসিক চাপ তৈরির জন্যও হত্যার হুমকি দেওয়া হয়ে থাকতে পারে।

দিল্লিতে শনিবার রাতে হাইকমিশনের সামনে উগ্রবাদীদের তৎপরতার বিষয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় গতকাল একটি ব্যাখ্যা দিয়েছে। বাংলাদেশ সরকার দিল্লির এ ব্যাখ্যা প্রত্যাখ্যান করেছে।

পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেন, ভারতীয় প্রেস নোটে যা বলা হয়েছে, সেটা বাংলাদেশ সরকার সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করছে। প্রত্যাখ্যান এজন্য যে, বিষয়টি ভারত সরকার যত সহজভাবে উত্থাপন করেছে, অত সহজ নয়।

তিনি বলেন, 'দিল্লিতে কূটনৈতিক এলাকার ভেতরে বাংলাদেশ মিশনের অবস্থান খুবই নিরাপদ স্থানে। হিন্দু চরমপন্থিরা ওই এলাকার মধ্যে আসতে পারবে কেন? তাহলে তাদের আসতে দেওয়া হয়েছে, এমন ঘটনা প্রত্যাশিত নয়।'

এর আগে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল দিল্লির সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে বলেন, ময়মনসিংহে দীপু চন্দ্র দাসের নৃশংস হত্যাকান্ডের প্রতিবাদে ২০-২৫ তরুণ শনিবার বাংলাদেশ হাইকমিশনের সামনে জড়ো হয়ে স্লোগান দেয় এবং বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষার দাবি তোলে। তবে কোনো সময়ই হাইকমিশনের নিরাপত্তা বেষ্টনী ভাঙার চেষ্টা বা নিরাপত্তাজনিত পরিস্থিতি তৈরি হয়নি। তিনি বলেন, পুলিশ কয়েক মিনিটের মধ্যে বিক্ষোভকারীদের ছত্রভঙ্গ করে দেয়। তিনি দাবি করেন, ভিয়েনা কনভেনশন অনুযায়ী, ভারতে অবস্থিত সব বিদেশি মিশন ও কূটনৈতিক স্থাপনার নিরাপত্তা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

রণধীর জয়সওয়াল আরও বলেন, বাংলাদেশের চলমান পরিস্থিতির ওপর ভারত নিবিড়ভাবে নজর রাখছে। সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনায় ভারতের গভীর উদ্বেগ বাংলাদেশ কর্তৃপক্ষকে জানানো হয়েছে। দীপু চন্দ্র দাসের হত্যাকা- জড়িতদের দ্রুত বিচারের আওতায় আনার আহ্বান জানানো হয়েছে।

কূটনীতিকরা মনে করেন, দীপু চন্দ্রের নৃশংস হত্যাকা-কে সাধারণ প্রবণতা হিসেবে তুলে ধরে বাংলাদেশের ওপর চাপ তৈরির জন্য ভারতে বিভিন্ন মিশনের সামনে বিক্ষোভের আয়োজন করা হচ্ছে।

বাংলাদেশে সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করার দাবিতে শনিবার বিকেলে ভারতের কলকাতায় বাংলাদেশ উপদূতাবাসের সামনেও বিক্ষোভ হয়েছে। 'বাংলা পক্ষ' নামে একটি সংগঠনের শতাধিক কর্মী মিছিল নিয়ে উপদূতাবাসের দিকে যেতে থাকলে পুলিশ তাদের প্রায় ২০০ মিটার দূরে আটকে দেয়।

সংগঠনটির কর্মীরা, বাংলাদেশ পরিস্থিতিতে 'হস্তক্ষেপের' জন্য ভারত সরকারের প্রতি দাবি জানায়।

পশ্চিমবঙ্গের 'স্থানীয়' রাজনৈতিক চাহিদা মেটাতে এ বিক্ষোভ হয়ে থাকতে পারে এমনটা জানিয়ে এক কূটনীতিক বলেন, ভবিষ্যতেও উপদূতাবাসের দিকে আরও মিছিল হতে পারে। এমন পরিস্থিতিতে উপদূতাবাসের নিরাপত্তা জোরদার করতে স্থানীয় কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে। মিশনের নিরাপত্তা এরই মধ্যে বাড়ানো হয়েছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে এমন পরিস্থিতি সাম্প্রতিককালে যে এবারই হলো এমন নয়।

বাংলাদেশে 'নিরাপত্তা পরিস্থিতি' ও স্থানীয় কিছু রাজনীতিকের বক্তব্য নিয়ে ভারতের উদ্বেগের কথা জানাতে গত ১৭ ডিসেম্বর নয়াদিল্লির পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয় হাইকমিশনার রিয়াজ হামিদুল্লাহকে। কূটনৈতিক সূত্রের তথ্য অনুযায়ী, ইনকিলাব মঞ্চ আয়োজিত এক কর্মসূচিতে দেওয়া বক্তব্যে এনসিপি নেতা হাসনাত আবদুল্লাহ ভারতের উত্তরাঞ্চলের সাতটি রাজ্যকে দেশটি থেকে 'বিচ্ছিন্ন করে দেওয়ার' কথা বলে করা মন্তব্যের প্রতি বাংলাদেশ সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়।

এর তিন দিন আগে ১৪ ডিসেম্বর ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে তলব করা হয় ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মাকে। দিল্লিতে অবস্থানরত শেখ হাসিনার বিভিন্ন উপায়ে দেওয়া অব্যাহত উসকানিমূলক বক্তব্যের বিষয়ে উদ্বেগ জানাতে ও ইনকিলাব মঞ্চের নেতা শরিফ ওসমান হাদির খুনি ভারতে গেলে তাকে বাংলাদেশ কর্তৃপক্ষের হস্তান্তরের জন্য অনুরোধ করতে প্রণয় ভার্মাকে ডাকা হয়।

জুলাই যোদ্ধা ও ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী হাদি গত ১২ ডিসেম্বর নির্বাচনী প্রচার চালানোর সময় খুব কাছে থেকে দুর্বৃত্তরা মাথায় গুলি করে। তিনি চিকিৎসাধীন থাকাবস্থায় ১৮ ডিসেম্বর রাতে সিঙ্গাপুরে মৃত্যুবরণ করেন।

হাদির মৃত্যুর পর ঢাকা ও চট্টগ্রামে 'ভারতবিরোধী' বিক্ষোভের সময় নিরাপত্তার অজুহাতে ভারতীয় কর্তৃপক্ষ দুই মহানগরে অবস্থিত দেশটির ভিসা কেন্দ্র বন্ধ করে দেয়।

বাংলাদেশের কূটনীতিকরা বলছেন, ভারতের উগ্রবাদী সংগঠনগুলো বাংলাদেশ মিশন ও কূটনীতিকদের প্রতি এবারই প্রথম হুমকি তৈরি করেছে, বিষয়টি এমন নয়। এর আগে ২০২৪ সালের ২ ডিসেম্বর ভারতের আগরতলায় বাংলাদেশ সহকারী হাইকমিশনে ঢুকে হিন্দু সংগ্রাম সমিতি নামে একটি সংগঠনের কর্মীরা ভাঙচুর চালায়। তারা মিশন চত্বরে উড়তে থাকা বাংলাদেশের জাতীয় পতাকা নামিয়ে তাতে আগুন ধরিয়ে দেয়। বাংলাদেশ এ ঘটনার তীব্র প্রতিবাদ জানায়।

রিয়েলেটরস অ্যাসোসিয়েশন অব নিউইয়র্কের- রানি নাইট অনুষ্ঠান





৩-এর পৃষ্ঠায় পর

সিরাজী ও প্রধান সমন্বয়কারী নূরুজ্জামান সরদার। এছাড়াও নিউইয়র্কের রিয়েলেটর বিজনেসম্যানদের যে কোনো সমস্যায় ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান এবং এই সংগঠন প্রবাসী বাংলাদেশীদের পাশে থেকে কাজ করবে বলে জানান।

অনুষ্ঠানের স্টেট সিনেটর ন্যাটালিয়া ফার্নান্ডেজ বলেন, আমি নিউইয়র্ক স্টেটের রিয়েলেটর ব্যবসায়ীদের সমস্যা স্টেট সিনেটে তুলে ধরতে ও সমস্যা সমাধানে কার্যকর উদ্যোগ নিতে চেষ্টা করব।

স্টেট অ্যাসেম্বলীওম্যান জেনিফার রাজকুমার নিজেকে বাংলাদেশী কমিউনিটির সুহৃদ আখ্যা দিয়ে বলেন, এই কমিউনিটির সাথে আমি সব সময় আছি।

বাংলাদেশ সোসাইটির পক্ষে সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, আপনাদের যে কোনো প্রয়োজনে আমরা পাশে থাকব।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও সংগঠনের প্রধান উপদেষ্টা মোস্তাফিজুর রহমান প্রিন্স বলেন, সততা যে কোনো ব্যবসার প্রধান চাবিকাঠি। তিনি আবাসন ব্যবসায়ীদের সততার সঙ্গে তাদের কার্যক্রম চালানোর আহ্বান জানান। রানি'র সঙ্গে সব সময় থাকার প্রতিশ্রুতিও দেন।

অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান সহ অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ওসমান ফারুকী, সিটিএস শ্রাবনি সিং, মরগেজ ব্রোকার ডায়ানা ওসপিনা, সিপিএ জাকির চৌধুরী, ওসমান ফারুকী, ডেনি কলিন্স, ক্যাটলিন কলিন্স, ইউসি টাকিটা, জাকি বাজওয়া, সারওয়ার খান বাবু প্রমুখ।

গ্রেফতার ও অস্ত্র উদ্ধার সাধারণ অভিযানের চেয়েও কম

৩-এর পৃষ্ঠায় পর

ধারালো অস্ত্র। ১৭ ডিসেম্বর সারা দেশ থেকে গ্রেফতার করা হয় ৯৬৮ জনকে। এদিন পাঁচটি আগ্নেয়াস্ত্র, পাঁচ রাউন্ড গুলি এবং ১৪টি ধারালো অস্ত্র উদ্ধার করা হয়। এ পাঁচদিনে সাধারণ অভিযানে গ্রেফতার করা হয়েছে ৪ হাজার ৯৬ জনকে।

ডেভিল হান্ট ও ডেভিল হান্ট ফেজ টুর অভিযানে সরাসরি অংশ নেয়া একজন পুলিশ কর্মকর্তার সঙ্গে কথা হয় এ প্রতিবেদকের। নাম-পরিচয় না প্রকাশের শর্তে তিনি বলেন, 'বিগত সময়ের যেকোনো বিশেষ অভিযানেই দৈনিক গড় গ্রেফতার ছিল পাঁচ হাজারের আশপাশে। সে তুলনায় হিসাব করলে অপারেশন ডেভিল হান্ট ও ডেভিল হান্ট ফেজ টুর দৈনিক গড় গ্রেফতার সর্বোচ্চ এক হাজার। সারা দেশে ৬৩৯টি থানা এ অভিযানে অংশ নেয়। প্রতিটি থানা পাঁচজন করে অপরাধী চিহ্নিত করে গ্রেফতার করলেও এ সংখ্যা দাঁড়ায় ৩ হাজার ১৯৫। এ থেকে স্পষ্টতই বোঝা যায়, পুলিশ অভিযানমুখী অবস্থানে নেই। অনেক ক্ষেত্রে নিজেদের নিরাপত্তা সংকটের কারণে বড় ধরনের অভিযান পরিচালনার ঝুঁকিও নেয়া সম্ভব হয় না। ফলে কোটা পূরণের জন্য হলেও দৃশ্যমান দু-একজনকে গ্রেফতার করে নিজেদের দায়িত্ব পালন করে চলতে হচ্ছে।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ও অপরাধ বিশেষজ্ঞ ড. তৌহিদুল হক বলেন, 'অপারেশন ডেভিল হান্টের প্রথম পর্যায়ে অভিযোগের ভিত্তিতে অনেককেই গ্রেফতার করা হয়েছে। কিন্তু একটা বড়সংখ্যক অভিযুক্তকে গ্রেফতারের পরও আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে বাহিনীগুলোকে বেশ বেগ পেতে হচ্ছে। এরই মধ্যে নির্বাচনকে ঘিরে প্রার্থীদের হত্যার চেষ্টাও হয়েছে কয়েক দফা। মূলত নাগরিক নিরাপত্তায় যে ঝুঁকি থাকে, সেটা এ ধরনের অভিযানের মধ্য দিয়ে সমাধান হয়।'

তিনি আরো বলেন, 'আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং জননিরাপত্তা নিশ্চিত করতে পরিচালিত শুদ্ধি অভিযানকেই বলা হয় বিশেষ অভিযান। কিন্তু অভিযানগুলোর ফলাফল নিয়ে নানা ধরনের প্রশ্ন সাধারণ মানুষের মধ্যে আছে। অভিযানগুলো যথ যথভাবে পরিচালিত প্রয়োগ হচ্ছে কিনা, কার্যকরীভাবে প্রকৃতপক্ষে ডেভিল বা অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে কিনা এমন নানা প্রশ্ন মানুষের মধ্যে রয়েছে। সব পুলিশ সদস্যকে আমরা অভিযানমুখী করতে পারছি কিনা সেদিকেও খেয়াল রাখতে হবে। পুলিশের কাজ করার ক্ষেত্রেও নানা ধরনের প্রতিবন্ধকতা রয়েছে। এখনো আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মবের শিকার হচ্ছে। এ বিষয়গুলো সমাধান করতে হবে।'

এদিকে বৃহস্পতিবার রাতে ওসমান হাদির মৃত্যুর খবর আসার পর শুক্রবার ভোর থেকেই রাজধানীর বিভিন্ন এলাকায় কঠোর নিরাপত্তা ব্যবস্থা নেয়া হয়েছে। মাঠে রয়েছে সাদা পোশাকের পুলিশ। গুরুত্বপূর্ণ স্থাপনায় র‍্যাব-পুলিশের পাশাপাশি মোতায়েন করা হয়েছে বিজিবি সদস্যদের। বিভিন্ন জায়গা পরিদর্শন করেন পুলিশের আইজিপি বাহারুল আলম। হাদির মৃত্যুর খবরের পর সামাজিক যোগাযোগমাধ্যমে নানা ধরনের গুজব ছড়িয়ে পড়ে। এরপর ওই রাতেই প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়, ধানমন্ডি ৩২ নম্বর, ছায়ানটের কার্যালয়সহ দেশের বিভিন্ন স্থানে অগ্নিসংযোগ-ভাংচুরের ঘটনা ঘটে। হামলাকারীরা এ সময় বিভিন্ন প্রতিষ্ঠানে লুটপাটও চালায়। এর পরই নড়েচড়ে বসেন সরকারের নীতিনির্ধারকরা। হামলাকারীদের চিহ্নিত করতে পুলিশের বিভিন্ন ইউনিটকে নির্দেশ দেয়া হয়। বিভিন্ন ঘটনাস্থলে পাঠানো হয় সিআইডির ফরেনসিক বিভাগকে। এরই মধ্যে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ, র‍্যাব ও সিআইডির সাইবার ক্রাইম ইউনিট কাজ শুরু করেছে।

পুলিশের দায়িত্বশীল একটি সূত্রমতে, বেশির ভাগ হামলাকারীকে আগেও বিভিন্ন ধরনের মব সৃষ্টিতে দেখা গেছে। এ ঘটনার পর বিএনপি, এনসিপি, জামায়াত ও ইনকিলাব মঞ্চ এ ধরনের কর্মকাণ্ডের নিন্দা জানিয়ে দ্রুতই তা পরিহার করার আহ্বান জানিয়েছে। এখন প্রশ্ন উঠেছে, এ হামলাকারীরা আসলে কাদের অনুসারী। তারা বিশেষ কোনো উদ্দেশ্য নিয়ে মাঠে নেমেছে কিনা তাও খতিয়ে দেখা হচ্ছে। এরই মধ্যে অন্তত দেড় শতাধিক ব্যক্তিকে শনাক্ত করা হয়েছে, যাদের বিভিন্ন সময় কয়েকটি রাজনৈতিক দলের কর্মসূচিতে দেখা গেছে। ঘুরেফিরে এরাই বিভিন্ন স্থানে ভাংচুর ও হামলা চালাচ্ছে। এখন সরকার চাইলে তাদের আইনের আওতায় আনা সম্ভব হবে।

পুলিশ সদর দপ্তরের সহকারী মহাপরিদর্শক (গণমাধ্যম ও জনসংযোগ) এএইচএম শাহাদাত হোসাইন বলেন, 'অপারেশন ডেভিল হান্টে যেমন গ্রেফতার ছিল, ডেভিল হান্ট ফেজ টুতেও একই হারে গ্রেফতার হচ্ছে। গড়ে প্রায় দৈনিক এক হাজার করে গ্রেফতার হচ্ছে। অস্ত্র, গুলি, বিস্ফোরকও উদ্ধার করা হচ্ছে। ডেভিল হান্ট ফেজ টু অভিযানে দেখা যাচ্ছে অপরাধীরা গা ঢাকা দিয়ে আছে। এর পরেও তাদের চিহ্নিত করে ব্যবস্থা নেয়া হচ্ছে। এ ধরনের অভিযানে গ্রেফতার সংখ্যা সবসময়ই কিছুটা ওঠানামা করে। নির্বাচনের কারণে প্রার্থীদের মধ্যে কিছু দ্বন্দ্বের ঘটনাও ঘটছে। সব মিলিয়ে পুলিশ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে রাখতে শতভাগ পেশাদারত্বের সঙ্গে কাজ করে যাচ্ছে।'

বিদ্রোহী কবির পাশে চিরশায়িত বিপ্লবী ওসমান হাদি

৩-এর পৃষ্ঠায় পর

রাখা হয়েছিল। জানাজার নির্ধারিত সময় বেলা ২ টা হলেও দুপুর সাড়ে ১২ টার পরই মাঠ মানুষে পরিপূর্ণ হয়ে যায়। এ সময় মাইকে ঘোষণা করা হয়, প্রয়োজনে পেছনের মাঠে জানাজা পড়া যাবে। জানাজার মাঠ ছাড়িয়ে সংসদ ভবনে প্রবেশের মূল সড়কেও ছিল মানুষের সারি। পরে পেছনের মাঠের অধিকাংশ জায়গাজুড়ে অবস্থান নেন মানুষ। দেড়টার দিকে আসা লোকজন ভেতরে ঢুকতে না পেরে অবস্থান নেন মানিক মিয়া অ্যাভিনিউয়ে। তবে জনারণ্য ছাড়িয়ে যায় খামারবাড়ির মোড় হয়ে বিজয় সরণির দিকেও। মাঠেই জোহরের নামাজ পড়েন অনেকে ।

হাদির জানাজার পূর্বে সেখানে উপস্থিত হয়ে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস তাঁর বক্তব্যে বলেছেন, প্রিয় ওসমান হাদি তোমাকে আমরা বিদায় দিতে আসিনি এখানে। তুমি আমাদের বুকের ভেতরে আছো। বাংলাদেশ যতদিন আছে, ততদিন তুমি সব বাংলাদেশিদের বুকে থাকবে। এটা কেউ সরাতে পারবে না।

প্রধান উপদেষ্টা বলেন, 'হাদি কোথাও হারিয়ে যাবে না। কোনোদিন তোমাকে কেউ ভুলতে পারবে না। তোমাকে আমাদের সবার পক্ষ থেকে আল্লাহর কাছে আমানত রাখলাম। আমরা সবসময় তোমার কথা রেখে জাতির অগ্রগতির পথে চলতে থাকবো।'

ড. মুহাম্মদ ইউনূস বলেন, নির্বাচনের যে প্রক্রিয়া আর মন্ত্র হাদি শিখিয়ে গেছেন সেই প্রক্রিয়া যেন আমরা সবাই মিলে গ্রহণ করি। কীভাবে প্রচারণা চালাতে হয়, কীভাবে মানুষের কাছে যেতে হয়- তুমি সবকিছুর শিক্ষা দিয়ে গেছ। আমরা এই শিক্ষা গ্রহণ করলাম।'

ড. ইউনূস বলেন, 'আজ লাখ লাখ মানুষ হাজির হয়েছেন। পথে ঢেউয়ের মতো লোক আসছে। এই মুহূর্তে কোটি কোটি মানুষের চোখ এখানে। তারা তাকিয়ে রয়েছে হাদির বিষয়ে জানার জন্য।'

হাদির কাছে ওয়াদা করতে এসেছেন জানিয়ে ড. ইউনূস বলেন, 'তুমি যা বলে গেছ, সেটা যেন আমরা পূরণ করতে পারি। সে ওয়াদা করার জন্য আমরা একত্রিত হয়েছে। সেই ওয়াদা শুধু আমরা নয়, পুরুষানুক্রমে দেশের সব মানুষ পূরণ করবে। তোমার যে মানব প্রেম তোমার যে ভঙ্গি, তোমার যে ওঠাবসা এবং রাজনৈতিক দৃষ্টিভঙ্গি, তা নিয়ে সবাই প্রশংসা করছে। সেটা যেন আমাদের মনে সবসময় জাগ্রত থাকে।'

শহিদ হাদি কানে এমন এক মন্ত্র দিয়ে গেছেন, সেটা বাংলাদেশের কেউ কোনোদিন ভুলতে পারবে না উল্লেখ করে তিনি বলেন, 'চিরদিন আমাদের কানের পাশে বাজবে তোমার সেই মন্ত্র। তোমার মন্ত্র হলো 'বল বীর, চির উন্নত মম শির'-এই মন্ত্র সব বাংলাদেশি ধারণ করবে। সবার মাঝে থ াকবে তুমি। বড় মন্ত্র হয়ে আমাদের জাতির সঙ্গে সংযুক্ত থাকবে। আমরা দুনিয়ায় সবার সামনে মাথা উঁচু করে চলবো, কারো কাছে মাথানত করবো না। সেই মন্ত্র তুমি আমাদের দিয়ে গেছ, আমরা সেটা পূরণ করে যাবো।'

প্রধান উপদেষ্টা ড. ইউনূস ছাড়াও জানাজায় উপস্থিত উপদেষ্টা পরিষদের সদস্যদের মধ্যে ছিলেন ড. সালেহউদ্দিন আহমেদ, ড. আসিফ নজরুল, মো. তৌহিদ হোসেন, আদিলুর রহমান খান, আলী ইমাম মজুমদার, ড. চৌধুরী রফিকুল আবরার, মুহাম্মদ ফাওজুল কবির খান, ফারুক ই আজম, ড. আ ফ ম খালিদ হোসেন, শেখ বশিরউদ্দীন, মোস্তফা সরয়ার ফারুকী, বিশেষ সহকারী অধ্যাপক আলী রীয়াজ, বিশেষ দূত লুৎফে সিদ্দিকী, নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান প্রমুখ। রাজনৈতিক নেতাদের মধ্যে জানাজায় অংশ নেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ, জামায়াতের আমির শফিকুর রহমান, সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার, জাতীয় নাগরিক পার্টিরআহ্বায়ক মো. নাহিদ ইসলাম, দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীসহ দলগুলোর আরও কয়েকজন জ্যেষ্ঠ নেতা সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার - উজ - জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল মোহাম্মদ নাজমুল হাসান এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খাঁনও জানাজায় অংশ নেন। পররাষ্ট্রসচিব আসাদ আল সিয়ামের সঙ্গে একাধিক কূটনীতিককে জানাজায় অংশ নিতে দেখা গেছে। আরও শরিক হয়েছিলেন রাষ্ট্রচিন্তক ও কবি ফরহাদ মজহার, সম্প্রতি পদত্যাগকারী দুই উপদেষ্টা মাহফুজ আলম ও আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। জানাজায় আরও অংশ নেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা আবদুল আউয়াল মিন্টু, জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী, এনসিপির সদস্যসচিব আখতার হোসেন, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সভাপতি সাইফুল হক, গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নূর, এবি পার্টির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান ফুয়াদ, ডাকসুর ভিপি সাদিক কায়েম, জিএস এস এম ফরহাদসহ কয়েকজন ছাত্রনেতা। ১২ ডিসেম্বর রাজধানীর পুরানা পল্টনে নির্বাচনী প্রচারণার সময় মোটরসাইকেল আরোহী আততায়ীর গুলিতে গুরুতর আহত হন শরিফ ওসমান হাদি। প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে অস্ত্রোপচারের পর বসুন্ধরার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসা দেওয়া হয় তাঁকে। অবস্থার অবনতি হলে ১৫ ডিসেম্বর এয়ার অ্যাম্বুলেন্সে করে সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে তাঁর অবস্থা ওঠানামা করছিল। বৃহস্পতিবার আরেক দফা অস্ত্রোপচারের পর মৃত্যুবরণ করেন হাদি। শুক্রবার সন্ধ্যায় তাঁর মরদেহ বাংলাদেশে আসে। হাদির মরদেহ শুক্রবার রাতে জাতীয় হৃদরোগ ইনস্টিটিউটের হিমঘরে রাখা হয়েছিল। দাফনের আগে সকালে সোহরাওয়ার্দী হাসপাতালে তাঁর মরদেহের ময়নাতদন্ত করা হয় ।

বক্তব্যে দ্রুত বিচারের দাবি বেলা ২ টার দিকে শরিফ ওসমান হাদির লাশবাহী ফ্রিজিং গাড়ি জাতীয় সংসদ ভবন এলাকায় পৌঁছায়। এ সময় উপস্থিত জনতার স্লোগানে প্রকম্পিত হয় পুরো এলাকা। হাদির জাতীয় পতাকায় মোড়ানো কফিন রাখা হয় মঞ্চে। এরপর জানাজায় অংশ নিতে উপস্থিত হন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। জানাজার আগে সংক্ষিপ্ত আলোচনায় হাদির জীবনী তুলে ধরেন ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। ইনকিলাব মঞ্চর পক্ষ থেকে সদস্যসচিব আবদুল্লাহ আল জাবের বক্তব্য দেন। তিনি বলেন, "খুনি, খুনের পরিকল্পনাকারী, সহায়তাকারী এবং পুরো চক্রকে বিচারের আওতায় নিয়ে আসতে হবে। আগামী ২৪ ঘণ্টার মধ্যে স্বরাষ্ট্র উপদেষ্টা এবং সহকারী উপদেষ্টা (প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী) খোদা বখস চৌধুরী জনতার সম্মুখে এসে এই খুনের ব্যাপারে গত এক সপ্তাহে তাঁরা কী পদক্ষেপ নিয়েছেন ,তা জানাতে হবে। যদি তাঁরা জানাতে না পারেন, তবে তাঁদের পদত্যাগের জন্য প্রস্তুত থাকতে হবে। ' এর পর বক্তব্য দেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। হাদির অবদানের ভূয়সী প্রশংসা করেন তিনি। পরে জানাজা পড়ান শরিফ ওসমান হাদির বড় ভাই আবু বকর সিদ্দিক। জানাজা শেষে হাদির কফিন নিয়ে সবাই রওনা হন ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার দিকে। বেলা ৩ টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদ এলাকায় পৌঁছায় কফিন। তার অদূরেই জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সমাধি প্রাঙ্গণ। সেখানে হাদির কবরের বন্দোবস্ত আগেই করে রাখা হয়েছিল। সব প্রক্রিয়া শেষে সেই কবরে শায়িত করা হয় হাদিকে। পরে মোনাজাত করেন বড় ভাই আবু বকর সিদ্দিক। দাফন শেষে ইনকিলাব মঞ্চ ও বিভিন্ন সংগঠনের নেতা - কর্মী এবং সাধারণ মানুষ শাহবাগ মোড়ে জড়ো হন। তাঁদের উদ্দেশে ইনকিলাব মঞ্চের সদস্যসচিব আবদুল্লাহ আল জাবের বলেন, 'আমরা সার্বক্ষণিক এখানে থাকব। কিন্তু আপনাদের একটু রেস্ট (বিশ্রাম) দিতে চাই। আপনারা আজকের জন্য বাসায় যান। আগামীকাল বিকেল সোয়া ৫ টার মধ্যে যদি সরকারের পক্ষ থেকে কোনো জবাব না আসে, আমরা আবার এখানে আসব। অনেক ছাড় দিয়েছি, আর ছাড় দেব না।' জাবেরের এ কথার পর অনেকেই শাহবাগ মোড় ছেড়ে যান। সড়ক দিয়ে ধীরে কিছু কিছু গাড়ি চলতে শুরু করে। তবে অনেক নেতা - কর্মী শাহবাগে অবস্থান করে স্লোগান দিতে থাকেন।

বদরুল হোসেন খান সোসাইটির নির্বাচনে প্রার্থী



নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির আগামী নির্বাচনে সভাপতি পদে প্রার্থী হচ্ছেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান। সবাই চাইলে তিনি প্রার্থী হবেন বলে শনিবার (২০ ডিসেম্বর) এই প্রতিনিধি-কে জানিয়েছেন। তিনি বলেছেন, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক সাংস্কৃতিক সমিতি ইউএসএ ছাড়াও জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি হিসেবে তিনি তিনবার দায়িত্ব পালন করছি। কমিউনিটির সবাই চাইলে আগামীতে বাংলাদেশ সোসাইটিতে সভাপতি পদে নির্বাচন করতে চাই। এব্যাপারে ইতিমধ্যেই বৃহত্তর সিলেটেবাসী তথা জালালাবাদবাসীদের পক্ষ থেকে উৎসাহ ও সমর্থনও পাচ্ছেন বলে তিনি জানান।

উল্লেখ্য, সিলেট জেলার বিয়ানীবাজার উপজেলার সন্তান বদরুল হোসেন খান দীর্ঘদিন ধরে নিউইয়র্ক সিটির ওজনপার্কে সপরিবারে বসবাস করছেন।

ওসমান হাদি'র খুনীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে নিউইয়র্কে স্বারকলিপি প্রদান ও গায়েবানা জানাজা

নিউইয়র্ক: ন্যায় ও ইনসাফের পক্ষে এক অপ্রতিরোধ্য কণ্ঠস্বর ও চব্বিশের জুলাইয়ের অন্যতম আপসহীন নায়ক ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি'র খুনীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী ও তাঁর রুহের মাগফেরাত কামনায় গায়েবানা জানাজা, দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। হিউম্যান রাইটস এন্ড ডেভেলপমেন্ট ফর বাংলাদেশ (এইচআরডিবি) ব্যানারে শুক্রবার (১৯ ডিসেম্বর) বাদ জুমা জ্যাকসন হাইটসে মসজিদ নামিরাহ (মুনা সেন্টার) গায়েবানা জানাজা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। পরে বিকাল ৩টায় নিউইয়র্ক কনস্যুলেট অফিসে এইচআরডিবি অন্যতম পরিচালক মাহবুবুর রহমানের নেতৃত্বে স্বারকলিপি প্রদান করা হয়। নিউইয়র্কস্থ কনস্যুলেট অফিসের ফার্স্ট সেক্রেটারী কনসাল আরিফুর রহমান ও কামরুন নাহার স্বারকলিপি গ্রহন করেন। এছাড়া কনস্যুলেট অফিস এইচআরডিবি'র নেতৃবৃন্দের দাবি গুলো মনোযোগ সহকাওে শোনের। এ সময়ে এইচআরডিবি নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন, নঈম উদ্দিন, নাসির উদ্দিন আহমেদ, হামিমুর রহমান হামিম, মোহাম্মদ সাঈদ, আব্দুস সবুর, আবুল কালাম, জহির উদ্দিন, মিজানুর রহমান ভূইয়াসহ আরো অনেকে।

জানাজার আগে সংক্ষিপ্ত আলোচনায় মসজিদ নামিরাহ'র সভাপতি ও নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার মরহুম শহীদ ওসমান হাদির রুহের মাগফেরাত কামনা করে বলেন, একটি গুলির বিপরীতে সপ্তাহব্যাপী লড়াই শেষে রেখে গেলেন সাহস, প্রতিবাদ ও বিদ্রোহের মতো কিছু শব্দ, যার প্রতিচ্ছবি ছিলেন হাদি নিজেই। শরিফ ওসমান হাদি ছিলেন এক সাহসী, দেশপ্রেমিক ও আপসহীন রাজনৈতিক কর্মী। তিনি আজীবন অন্যায়, অবিচার ও শোষণের বিরুদ্ধে নির্ভীক কণ্ঠস্বর হিসেবে সংগ্রাম করে গেছেন। জুলাই গণঅভ্যুত্থানের পর ইনকিলাব মঞ্চের মুখপাত্র হিসেবে তিনি জুলাইয়ের যোদ্ধাদের ন্যায্য অধিকার রক্ষা, গণতান্ত্রিক মূল্যবোধ সমুন্নত রাখা এবং জাতীয় স্বার্থ সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাঁর চিন্তা, বক্তব্য ও অবস্থান সমাজে ন্যায়বিচার ও ইনসাফ প্রতিষ্ঠাই মূল লক্ষ্য ছিল। গায়েবানা জানাজার নামাজের ইমামতি করেন হাফিজ হাসান আব্দুল্লাহ। প্রেস বিজ্ঞপ্তি

প্রথম আলো-ডেইলি স্টারে হামলায় জড়িত কয়েকজনের পরিচয় শনাক্ত: ধর্ম উপদেষ্টা

বাংলা পত্রিকা ডেস্ক: দৈনিক প্রথম আলো ও ডেইলি স্টারে আগুন দেওয়ার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় শনাক্ত করা হয়েছে। তাদের আইনের আওতায় আনা হচ্ছে বলে জানিয়েছেন ধর্ম বিষয়ক উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন।

আজ রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এক প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা জানান।

দুটো পত্রিকায় আগুন দেওয়া হলো। এখনো মব জাস্টিস বন্ধ হয়নি- এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ধর্ম উপদেষ্টা বলেন, 'আমরা চেষ্টা করে যাচ্ছি। কথা হচ্ছে যে সব স্থাপনায় আগেভাগে পুলিশ নিয়ন্ত্রণ করা, এটা তো একটা কঠিন কাজ। কখন কোন দিকে হামলা হয় এটা অনেক সময় আমরা জানতে পারি না। এজন্য আমরা সবসময় এটাকে নিরুৎসাহিত করি।'

তিনি বলেন, 'প্রথম আলো এবং ডেইলি স্টারে যারা আগুন দিয়েছে, আমি গোয়েন্দা রিপোর্ট থেকে জানতে পেরেছি, তাদের কিছু ছবি, তাদের পরিচয় আমরা এরই মধ্যে শনাক্ত করেছি। তাদেরও গ্রেপ্তার করে আইনের আওতায় আনার জন্য আমরা ব্যবস্থা নিয়েছি।'

ছায়ানটে হামলা হয়েছে। শিবিরের কেউ কেউ বলেছে যে এ ধরনের প্রতিষ্ঠান থাকা উচিত নয়- এ বিষয়ে খালিদ হোসেন বলেন, 'না, কে কী বললো সেটা তো আমাদের এখতিয়ার নয়। তবে কথা হচ্ছে যে আমরা যেহেতু সরকারে আছি, সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠানে কেউ আগুন দিয়ে পুড়িয়ে দেবে, অথবা মানুষ পুড়িয়ে হত্যা করবে, এটা কোনোদিন আমাদের কাছে কাম্য নয়। আমরা এটাকে অন্যায় ও গর্হিত কাজ বলে বিবেচনা করি। এদের আইনের আওতায় আনতে আমরা বদ্ধপরিকর।'



ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। ফাইল ছবি

প্রথম আলো, ডেইলি স্টার, ছায়ানটসহ সারাদেশের বিভিন্ন স্থানে একই রাতে হামলা হয়েছে। এখানে গোয়েন্দা ব্যর্থতা ছিল কিনা- এ প্রশ্নের জবাবে তিনি বলেন, 'এটা গোয়েন্দা ব্যর্থতা- সরাসরি এভাবে আমার বলাটা উচিত নয়।'

যেহেতু আপনি উপদেষ্টা পরিষদে আছেন এবং বিষয়গুলো আলোচনা করছেন- এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে ধর্ম উপদেষ্টা বলেন, 'এটা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যাপার। তাছাড়া একসঙ্গে কোন প্রতিষ্ঠানে হামলা হবে, এটা আগেভাগে তো জানা মুশকিল। যেমন কাল আমার কাছে একটা রিপোর্ট আসলো গোয়েন্দা থেকে কাজী নজরুল ইসলামের সমাধির পাশে যখন হাদিকে দাফন করা হবে, পাশে চারুকলা ইনস্টিটিউট আছে। আমরা মুহূর্তের ভেতরে জানিয়ে দিয়েছি গোয়েন্দাদের, রিপোর্ট আছে। আমরা পদক্ষেপ গ্রহণ করার কারণে ওখানে কোনো ধরনের দুর্ঘটনা ঘটেনি।'

বিদেশ থেকেও উসকানি দেওয়া হচ্ছে- এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে উপদেষ্টা বলেন, 'এখন বাইরে থেকে যদি কেউ কোনো মন্তব্য করে এটা তো বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণে নেই। এটার জন্য তো মেটা এবং ইউটিউব কর্তৃপক্ষ আছে। এটা তো সরাসরি আমরা নিয়ন্ত্রণ করতে পারি না। বাংলাদেশের গভর্নমেন্টের ওপর নেই। এখন ওপেন প্ল্যাটফর্ম। মনে করেন বাংলাদেশ থেকেও তো অনেক আমাকে প্রতিদিন গালি দেয়।'

ওসমান হাদি হত্যাকাণ্ড

ফয়সাল ও সংশ্লিষ্টদের ব্যাংক হিসাবে ১২৭ কোটি টাকা লেনদেনের তথ্য



ফয়সাল করিম মাসুদ ও আলমগীর হোসেন। ফাইল ছবি

বাংলা পত্রিকা ডেস্ক: ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির হত্যাকাণ্ডের ঘটনায় অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ ও তার স্বার্থ সংশ্লিষ্টদের ব্যাংক হিসাবে ১২৭ কোটি টাকার লেনদেনের তথ্য পাওয়া গেছে। আজ রোববার পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) মিডিয়া শাখা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। তারা বলছে, ইতোমধ্যে মানিলন্ডারিং প্রতিরোধ আইনে অর্থ পাচার সংক্রান্ত অনুসন্ধান কার্যক্রম শুরু করেছে সিআইডি।

১২ ডিসেম্বর দুপুরে পুরানা পল্টনের বক্স কালভার্ট রোডে ওসমান হাদি মাথায় গুলিবিদ্ধ হওয়ার পর থেকেই সিআইডি ছায়া তদন্ত শুরু করে। ক্রাইমসিন ইউনিটের উপস্থিতি, সিসিটিভি ফুটেজ সংগ্রহ এবং ঘটনাস্থল থেকে ঘাতকের ব্যবহৃত গুলির খোসা উদ্ধার ও উদ্ধারকৃত বিভিন্ন আলামত ফরেনসিক পরীক্ষার কাজ করে যাচ্ছে সিআইডি। এরই ধারাবাহিকতায় বিভিন্ন সূত্রে প্রাপ্ত ব্যাংক হিসাবের তথ্য নিয়ে মানিলন্ডারিং অনুসন্ধান কার্যক্রম শুরু করা হয়েছে।

সিআইডি জানায়, ফয়সালের বিভিন্ন ব্যাংকের চেকবইয়ের তথ্য সিআইডি গুরুত্ব নিয়ে পর্যালোচনা ও বিশ্লেষণ করে। এতে দেখা যায়, ফয়সাল ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বেশ কিছু চেক বইয়ে বিভিন্ন অংকের অর্থের কথা উল্লেখ রয়েছে। চূড়ান্ত লেনদেন সম্পন্ন না হওয়া এসব রেকর্ডের সমষ্টিগত মূল্য প্রায় ২১৮ কোটি টাকা। তবে সিআইডির প্রাথমিক বিশ্লেষণে ১২৭ কোটি টাকার বেশি অস্বাভাবিক লেনদেনের তথ্য পাওয়া গেছে।

হত্যাকাণ্ডের পেছনে পরিকল্পনা, অর্থায়ন ও অস্ত্র সরবরাহে কোনো সংঘবদ্ধ ও শক্তিশালী নেটওয়ার্ক সক্রিয় ছিল কিনা সে বিষয়েও সিআইডির একাধিক টিম কাজ করছে।

যুক্তরাষ্ট্রে ভুয়া ড্রাইভিং লাইসেন্সের ব্যবসা করার অভিযোগ বাংলাদেশী জাহিদের বিরুদ্ধে

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে প্রতারণার দায়ে অভিযুক্ত করা হয়েছে বাংলাদেশের ঢাকার বাসিন্দা জাহিদ হাসানকে (২৯)। তিনি অনলাইন মার্কেটপ্লেস পরিচালনা করে বিভিন্নজনকে ভুয়া পরিচয়পত্র দিতেন। এর মধ্যে আছে পাসপোর্ট, সামাজিক নিরাপত্তা কার্ড ও ড্রাইভিং লাইসেন্সের ডিজিটাল টেমপ্লেট। বিনিময়ে নিতেন বড় অংকের অর্থ। ডিস্ট্রিক্ট অব মন্টানা অ্যাটর্নি অফিস থেকে এসব তথ্য প্রকাশ করা হয়েছে। বলা হয়েছে, অ্যাটর্নি কার্ট আলমে জানিয়েছেন, উক্ত অভিযোগে এক ব্যক্তির বিরুদ্ধে মন্টানা ডিস্ট্রিক্টে নয়টি ফেডারেল অভিযোগপত্র উন্মুক্ত করা হয়েছে। একই সঙ্গে বিশ্বব্যাপী ভুয়া পরিচয়পত্র বিক্রিতে ব্যবহৃত এসব মার্কেটপ্লেসের তিনটি ডোমেইন জব্দ করার কথাও ঘোষণা করেছে যুক্তরাষ্ট্র সরকার। জাহিদ হাসানের বিরুদ্ধে ছয়টি ভুয়া পরিচয়পত্র হস্তান্তরের অভিযোগ, দুটি ভুয়া পাসপোর্ট ব্যবহারের অভিযোগ এবং একটি সামাজিক নিরাপত্তা জালিয়াতির অভিযোগ আনা হয়েছে। খবরটি দেশ-বিদেশের বিভিন্ন মিডিয়ায় ফলাও করে প্রচার করা হয়েছে।

অভিযোগপত্রের ১ থেকে ৮ নম্বর ধারার আওতায়- ভুয়া পরিচয়পত্র হস্তান্তর বা ভুয়া পাসপোর্ট ব্যবহারের ক্ষেত্রে প্রতিটি অভিযোগে দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ ১৫ বছর কারাদণ্ড হতে পারে। ৯ নম্বর ধারায় উল্লিখিত সামাজিক নিরাপত্তা জালিয়াতির অপরাধে সর্বোচ্চ ৫ বছর কারাদণ্ড হতে পারে। প্রতিটি অভিযোগে সর্বোচ্চ ২ লাখ ৫০ হাজার ডলার জরিমানা এবং ৩ বছর সুপারভাইজড রিলিজ-এর বিধান রয়েছে। অভিযোগপত্রে বলা হয়েছে, ২০২১ সাল থেকে অন্তত ২০২৫ সাল পর্যন্ত জাহিদ হাসান বাংলাদেশভিত্তিক একাধিক অনলাইন ব্যবসা পরিচালনা করতে এর নাম ছিল 'টেকট্রিক' এবং 'ইগিফট গার্ড স্টোর বিডি'। এসব ওয়েবসাইটের মাধ্যমে তিনি সরকার ইস্যুকৃত ভুয়া পরিচয়পত্র ও অন্যান্য নথির ডিজিটাল সংস্করণ বিক্রি ও হস্তান্তর করতেন। এর মধ্যে ছিল যুক্তরাষ্ট্রের পাসপোর্ট, যুক্তরাষ্ট্রের সামাজিক নিরাপত্তা কার্ড এবং মন্টানা অঙ্গরাজ্যের ড্রাইভিং লাইসেন্স। এসব ভুয়া পরিচয়পত্র সাধারণত ব্যাংক, অনলাইন পেমেন্ট প্রসেসর, সামাজিক যোগাযোগমাধ্যম এবং ডিজিটাল মুদ্রা প্ল্যাটফর্মে প্রতারণামূলক অ্যাকাউন্ট খোলার কাজে ব্যবহৃত হয়। এই অনলাইন মার্কেটপ্লেসগুলোর ক্রেতারা বিটকয়েনের মতো ভার্চুয়াল মুদ্রা ব্যবহার করে পণ্য কিনতে পারতেন। উদাহরণস্বরূপ, যুক্তরাষ্ট্রের পাসপোর্টের একটি টেমপ্লেট কিনতে লাগত প্রায় ১২ ডলার। সামাজিক নিরাপত্তা কার্ডের টেমপ্লেট কিনতে লাগতো ৯.৩৭ ডলার এবং মন্টানা ড্রাইভিং লাইসেন্সের টেমপ্লেট কিনতে লাগতো ১৪.০৫ ডলার।

অভিযোগ অনুযায়ী, চার বছরে 'টেকট্রিক'-এর মাধ্যমে বিশ্বের বিভিন্ন প্রান্তের ১৪০০ জনেরও বেশি গ্রাহক থেকে জাহিদ হাসান মোট ২৯ লাখ ডলারের বেশি আয় করেন। অভিযোগে আরও বলা হয়, ১৩ মে ২০২৫ তারিখে জাহিদ হাসান 'টেকট্রিক' ও 'ই গিফটকার্ড স্টোর বিডি'-এর মাধ্যমে মন্টানার বোজম্যান শহরের এক ব্যক্তির কাছ থেকে বিটকয়েনে অর্থ গ্রহণ করেন এবং ওই ব্যক্তিকে যুক্তরাষ্ট্রের পাসপোর্ট, সামাজিক নিরাপত্তা কার্ড এবং মন্টানা ড্রাইভিং লাইসেন্সের ভুয়া টেমপ্লেট সরবরাহ করেন বা সরবরাহের চেষ্টা করেন। তদন্তের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র সরকার জাহিদ হাসানের পরিচালিত ভুয়া পরিচয়পত্র ব্যবসার সঙ্গে যুক্ত তিনটি ডোমেইন জব্দ করেছে। সেগুলো হলো- www.techtreek.com, ww w.egiftcardstorebd.com এবং www.idtempl.com।

বর্তমানে এসব ওয়েবসাইটে প্রবেশ করলে একটি সরকারি বার্তা দেখা যাচ্ছে। এই মামলার প্রসিকিউশন পরিচালনা করছেন যুক্তরাষ্ট্রের সহকারি অ্যাটর্নি বেনজামিন হারগ্রোভ। তদন্তে যুক্ত ছিল এফবিআইয়ের বিলিংস ডিভিশন ও সল্ট লেক সিটি সাইবার টাস্ক ফোর্স। তারা এফবিআইয়ের আন্তর্জাতিক কার্যক্রম বিভাগ এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট-এর সঙ্গে সমন্বয় করে কাজ করেছে।

এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির হলিডে উৎসব

শেষ পৃষ্ঠায় পর বিতরণ করা হয়। গত ২১শে ডিসেম্বর রোববার এস্টোরিয়ার ৩৬ এভিনিউয়ে শিশুদের মাঝে এই খেলনা সামগ্রি বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬-এর আগামী নির্বাচনে অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী মেরি জোবাইদা। সংগঠনের সভাপতি সোহেল আহমেদ ও সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনের পরিচালনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এস্টোরিয়া ভিজিটাল ওয়ানের কর্ণধার নজরুল ইসলাম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জাহাঙ্গীর আলম, সংগঠনের সহ সভাপতি কয়েছ আহমেদ, উপদেষ্টা এমাদ চৌধুরী, সাংগঠনিক সম্পাদক মঈনু হক চৌধুরী, সদস্য মীর জাকির, জহিরুল হক, নুরুল হক, ইকবাল কবির সহ আরো অনেক।









ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কনভেনিয়েন্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

নতুন করে বৈধ পারমিট পাবেন হাজারো

প্রথম পৃষ্ঠার পর

ভেন্ডরদের প্রশিক্ষণ ও সহায়তার জন্য গঠন করা হচ্ছে আলাদা বিভাগ, দ্রুত লাইসেন্স দেওয়ার প্রক্রিয়াও বাধ্যতামূলক করা হয়েছে।

এদিকে জোহরান মামদানি বিলটির প্রতি সমর্থন জানিয়ে বলেন, "আমার প্রশাসন নিশ্চিত করবে লাইসেন্স প্রক্রিয়াকরণ দ্রুত করতে।"

কাউন্সিল আরও দুটি সংশ্লিষ্ট বিল পাস করেছে। একটি বিলের মাধ্যমে ডিপার্টমেন্ট অব স্মল বিজনেস সার্ভিসেসের অধীনে 'ডিভিশন অব স্ট্রিট ভেন্ডর অ্যাসিস্ট্যান্স' গঠন করা হবে, যা ভেন্ডরদের প্রশিক্ষণ দেবে এবং শহরের বিভিন্ন সুবিধা সম্পর্কে সচেতন করবে। অন্য বিলটি অপেক্ষমান তালিকায় থাকা আবেদনকারীদের জন্য লাইসেন্স ও পারমিট দ্রুত দেওয়ার প্রক্রিয়া নিশ্চিত করবে। ২০২৬ থেকে ২০৩১ সাল পর্যন্ত প্রতি বছর ২ হাজার ২০০টি খাবার বিক্রির আবেদন এবং ২০২৭ সালে ১০ হাজার ৫০০টি সাধারণ ভেন্ডিং আবেদন উন্মুক্ত করতে শহর কর্তৃপক্ষকে বাধ্য করা হবে।

অভিবাসী অধ্যুষিত এলাকায় এই সিদ্ধান্ত বিশেষ গুরুত্ব পাচ্ছে। ট্রাম্প প্রশাসনের কড়াকড়ি অভিবাসন নীতির কারণে অনেক ভেন্ডরই আতঙ্কে ছিলেন। হারলেমে গয়না ও অ্যাকসেসরিজ বিক্রি করা ৬৩ বছর বয়সী ক্যালভিন বেকার জানান, তিনি প্রথম ৩২ বছর আগে লাইসেন্সের অপেক্ষমান তালিকায় নাম তুলতে চেয়েছিলেন। সম্প্রতি আবার চেষ্টা করেও ব্যর্থ হয়েছেন।

করোনা, কুইন্সের মতো এলাকায় যেখানে বহু অনথিভুক্ত অভিবাসী বাস করেন ফেডারেল অভিযানের ভয়ে অনেক ভেন্ডর কাজ বন্ধ করে রেখেছেন। করোনা প্লাজায় পুলিশের সাম্প্রতিক অভিযানের পর অনেকেই পণ্য বিক্রি করতে সাহস পাচ্ছেন না।

করোনার এক ভেন্ডর, ৪৪ বছর বয়সী ক্লিও বলেন, পুলিশ পণ্য জব্দ করার হুমকি দিলে তাকে প্রায়ই দোকান গুটাতে হয়। "এই আইন আমাদের প্রথমবারের মতো নিশ্চিন্তে কাজ করার আলো দেখাবে," বলেন তিনি।

তবে ভিন্নমত প্রকাশ করেছেন সমালোচকরাও। তাদের মতে, পারমিট বাড়ালে অবৈধ জায়গায় ভেন্ডিং বেড়ে গিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। মিডটাউনের গার্মেন্ট ডিস্ট্রিক্ট অ্যালায়েন্সের প্রেসিডেন্ট বারবারা ব্লেয়ার বলেন, "যে পরিস্থিতি এখনো নিয়ন্ত্রণে আনা যাচ্ছে না, সেখানে ভেন্ডরের সংখ্যা বাড়ানো যুক্তিযুক্ত নয়।"

এর জবাবে কাউন্সিল সদস্য সানচেজ বলেন, নতুন আইনে ভেন্ডিং তদারকির জন্য আরও বেশি এনফোর্সমেন্ট এজেন্ট নিয়োগ করা হবে। একই সঙ্গে কিছু লঙ্ঘনের জন্য জরিমানা বাড়ানো হবে এবং ভেন্ডরদের কার্টের আশপাশ পরিষ্কার রাখার বাধ্যবাধকতা থাকবে।

স্ট্রিট ভেন্ডর প্রজেক্টের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আতিয়া এই বিলগুলোকে সিটির জন্য বড় জয় হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন, "২০২১ সালে আইন পাসের পরও ভেন্ডরদের এত বছর অপেক্ষা করতে হয়েছে। এখন সবচেয়ে জরুরি হলো এই আইন দ্রুত ও সঠিকভাবে বাস্তবায়ন।"

ডেমোক্র্যাটদের সাথে সম্মত ৪ রিপাবলিকান কংগ্রেস সদস্য

প্রথম পৃষ্ঠার পর

হাউসে ৪৩৫ কংগ্রেস ভোটের মধ্যে প্রয়োজনীয় ২১৮টি স্বাক্ষর পূর্ণ হয়। এর ফলে অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট বা ওবামা কেয়ারের স্বাস্থ্যবিমা ভর্তুকি আরও তিন বছর বাড়ানোর বিষয়ে হাউসে ভোট বাধ্যতামূলক হচ্ছে।

এদিকে জানুয়ারিতে ডেমোক্র্যাটদের বিল হাউসে পাস হলেও সিনেটে কাঙ্ক্ষিত ভোট না পেলে বিলটি আটকে যেতে পারে।

আবেদনে স্বাক্ষর করা রিপাবলিকানদের দাবি, ভর্তুকি শেষ হলে কোটি আমেরিকানদের স্বাস্থ্যবিমার ঝুঁকিতে পড়বে।

অপরদিকে হাউস স্পিকার মাইক জনসন বলেছেন, "আমাদের সংখ্যাপরিষ্ঠতা এতটাই সীমিত যে কয়েকজন সদস্যও নিয়ম ব্যবহার করে নেতৃত্বকে চ্যালেঞ্জ জানাতে পারে।"

যুক্তরাষ্ট্রের স্বাস্থ্যসেবা ইস্যুতে বড় ধরনের অচলাবস্থা তৈরির শঙ্কায় চারজন মধ্যপন্থী রিপাবলিকান ডেমোক্র্যাটদের সঙ্গে একাত্ম হয়েছেন।

চলতি বছরের শেষেই এই ভর্তুকির মেয়াদ শেষ হচ্ছে। নবায়ন না হলে আগামী জানুয়ারি থেকেই লাখো আমেরিকান পরিবারের মাসিক স্বাস্থ্যবিমার খরচ বেড়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।

রিপাবলিকান নেতৃত্ব যে স্বাস্থ্যসেবা বিল এগিয়ে নিচ্ছে, সেখানে ভর্তুকি সম্প্রসারণের কোনো প্রস্তাব রাখা হয়নি।

ব্রায়ান ফিটজপ্যাট্রিক বলেন, হাউস নেতৃত্ব ভোটের সুযোগ না দেওয়ায় এই পরিস্থিতি তৈরি হয়েছে।

হাউসের নিয়ম অনুযায়ী, আগামী জানুয়ারিতেই এই ভর্তুকি বিলের ওপর ভোট হতে পারে।

মুক্ত বক্তব্য মামলায় ইমিগ্রেশন বিচারকদের পক্ষে সুপ্রিম

প্রথম পৃষ্ঠার পর

নিম্ন আদালতের একটি রায় বহাল রেখেছে, যেখানে ফেডারেল কর্মীব্যবস্থাপনায় ট্রাম্প প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলা হয়েছিল। তবে একই সঙ্গে নিম্ন আদালতগুলোকে সতর্কতার সঙ্গে এগোতে বলেও ইঙ্গিত দিয়েছে আদালত।

ইমিগ্রেশন বিচারকেরা ফেডারেল কর্মচারী। মামলার মূল প্রশ্ন প্রকাশ্যে বক্তব্য সীমিত করার নীতির বিরুদ্ধে তারা সরাসরি ফেডারেল আদালতে মামলা করতে পারবেন, নাকি ফেডারেল কর্মীদের জন্য নির্ধারিত আলাদা অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার মধ্য দিয়েই যেতে হবে।

আপিল আদালত ট্রাম্প প্রশাসনের সময়ে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার শীর্ষ কর্মকর্তাদের বরখাস্ত নিয়ে উদ্বেগ প্রকাশ করার পর রিপাবলিকান প্রশাসন সুপ্রিম কোর্টের হস্তক্ষেপ চায়। ট্রাম্প প্রশাসনের দাবি ছিল, এসব বরখাস্ত প্রেসিডেন্টের সাংবিধানিক ক্ষমতার মধ্যেই পড়ে এবং নিম্ন আদালতের এ নিয়ে প্রশ্ন তোলার কোনো ভিত্তি নেই। সলিসিটর জেনারেল সুপ্রিম কোর্টকে অনুরোধ করেন, দ্রুত ওই রায় স্থগিত করে ইমিগ্রেশন বিচারকদের মামলা ফেডারেল আদালত থেকে সরিয়ে নেওয়ার পথ সুগম করতে। কিন্তু সুপ্রিম কোর্ট সে অনুরোধে সাড়া দেয়নি। যদিও বিচারপতিরা এটাও স্পষ্ট করেছেন, নিম্ন আদালতগুলো যদি খুব দ্রুত এগোতে শুরু করে, সে ক্ষেত্রে প্রশাসন চাইলে আবার আদালতের দ্বারস্থ হতে পারবে। উল্লেখযোগ্যভাবে, এখন পর্যন্ত ট্রাম্পের বেশিরভাগ বরখাস্তের সিদ্ধান্ত আদালত সাময়িকভাবে বহাল রেখেছে এবং ৯০ বছর আগের এক ঐতিহাসিক রায়ের মাধ্যমে স্বাধীন সংস্থার কর্মকর্তাদের চাকরি সুরক্ষা বাতিল করে প্রেসিডেন্টের বরখাস্ত ক্ষমতা আনুষ্ঠানিকভাবে বাড়ানো হবে কি না তা ভেবে দেখছে সুপ্রিম কোর্ট।

ন্যায়বিচার বিভাগের অধীনে কাজ করা ইমিগ্রেশন বিচারকদের প্রতিনিধিত্বকারী একটি ইউনিয়ন প্রথম ২০২০ সালে মামলা করে। তাদের অভিযোগ, বিচারকরা জনসমক্ষে কী বিষয়ে কথা বলতে পারবেন- সে বিষয়ে আরোপিত বিধিনিষেধ মতপ্রকাশের স্বাধীনতা লঙ্ঘন করছে এবং এই মামলার বিচার হওয়া উচিত ফেডারেল আদালতেই।

সাম্প্রতিক মাসগুলোতে ট্রাম্প প্রশাসন এমন কয়েক ডজন ইমিগ্রেশন বিচারককে বরখাস্ত করেছে, যাদের তার মিত্ররা অভিবাসন ইস্যুতে 'অতিরিক্ত নমনীয়' বলে মনে করেন।

যদিও শুক্রবারের আদেশ চূড়ান্ত রায় নয়, তবু এই মামলা ভবিষ্যতে অন্যান্য ফেডারেল কর্মীদের জন্য দৃষ্টান্ত হয়ে উঠতে পারে যারা চাকরি হারানো বা প্রশাসনিক সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থার বদলে সরাসরি আদালতে যেতে চান। বর্তমানে সেই অভিযোগ ব্যবস্থা মূলত ট্রাম্পের মনোনীত কর্মকর্তাদের নিয়ন্ত্রণেই রয়েছে।

'ডিভি লটারি' স্থগিত করল ট্রাম্প প্রশাসন

প্রথম পৃষ্ঠার পর

ব্যক্তির যুক্তরাষ্ট্রে স্থায়ী বসবাসের পথ ছিল যে 'ডাইভার্সিটি ভিসা' (ডিভি লটারী) বা গ্রিন কার্ড লটারি– সেই কর্মসূচিই আপাতত স্থগিত করল ট্রাম্প প্রশাসন। বৃহস্পতিবার রাতে হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম এই সিদ্ধান্তের কথা জানান।

তবে অভিবাসন আইনের একাধিক বিশেষজ্ঞ বলছেন, কংগ্রেস প্রণীত এই কর্মসূচি একক নির্বাহী আদেশে স্থগিত করার ক্ষমতা প্রেসিডেন্টের আছে কি না তা স্পষ্ট নয়। ফলে সিদ্ধান্তটির বৈধতা নিয়ে আদালতে আইনি চ্যালেঞ্জ আসার সম্ভাবনা প্রবল।

ডাইভার্সিটি ভিসা কর্মসূচির আওতায় প্রতি বছর সর্বোচ্চ ৫৫ হাজার ভিসা লটারির মাধ্যমে দেওয়া হয়– যেসব দেশ থেকে যুক্তরাষ্ট্রে অভিবাসনের হার তুলনামূলক কম। সামগ্রিক অভিবাসন ব্যবস্থায় এটি একটি ছোট অংশ হলেও, বহু দেশের জন্য এটি স্থায়ী বসবাসের অন্যতম দ্রুত পথ।

পুলিশের দাখিল করা হলফনামা অনুযায়ী, সন্দেহভাজন বন্দুকধারী ক্লাউদিও ম্যানুয়েল নেভেস ভ্যালেন্তে ২০১৭ সালে এই ডাইভার্সিটি ভিসা পান এবং ওই বছরই যুক্তরাষ্ট্রের লিগ্যাল পার্মানেন্ট রেসিডেন্ট হন।

ঘটনার প্রতিক্রিয়ায় সামাজিক যোগাযোগমাধ্যমে ক্রিস্টি নোয়েম লেখেন, "এই নৃশংস ব্যক্তি কখনোই আমাদের দেশে প্রবেশের সুযোগ পাওয়া উচিত ছিল না।" তিনি ইউএস সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেসকে কর্মসূচি 'পজ' করতে নির্দেশ দেন।

অভিবাসন আইন বিশেষজ্ঞদের মতে, ডাইভার্সিটি ভিসা কর্মসূচি কেবল ইউএসসিআইএস নয় স্টেট ডিপার্টমেন্টও এর বড় অংশ পরিচালনা করে। ফলে বাস্তবে এই স্থগিতাদেশ কীভাবে কার্যকর হবে, তা এখনও অনিশ্চিত।

করনেল বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ও অভিবাসন আইনের বিশেষজ্ঞ স্টিফেন ইয়েল-লোয়ার বলেন, "এই কর্মসূচি কংগ্রেস তৈরি করেছে। প্রেসিডেন্ট এককভাবে কোনো অভিবাসন কর্মসূচি বাতিল বা অকার্যকর করতে পারেন না।" তাঁর মতে, প্রশাসন হয়তো জাতীয় নিরাপত্তার যুক্তি তুলে ধরবে, কিন্তু পুরো কর্মসূচি স্থগিত করার ক্ষমতা আছে কি না– সে সিদ্ধান্ত আদালতই নেবে।

ইয়েল-লোয়ারের ভাষায়, "এটি ট্রাম্প প্রশাসনের পরিচিত কৌশল আগে পদক্ষেপ, পরে আদালতে বৈধতা নির্ধারণ।"

ন্যাশনাল ইমিগ্রেশন ল' সেন্টারের সিনিয়র পলিসি কাউন্সেল জেনিফার ইবানেজ হুইটলকও বলেন, "এক্সিকিউটিভ ব্রাঞ্চের ক্ষমতা বিস্তৃত হলেও, তারা আইন উপেক্ষা করতে পারে না। এখানে এখনও অনেক প্রশ্ন খোলা রয়েছে।" অন্যদিকে, কিছু রক্ষণশীল আইন বিশেষজ্ঞ বলছেন, আইন প্রয়োগে প্রেসিডেন্টের যথেষ্ট বিবেচনাধীন ক্ষমতা আছে।

ডাইভার্সিটি ভিসা নিয়ে ট্রাম্পের আপত্তি নতুন নয়। প্রথম মেয়াদে তিনি ২০১৭ সালে নিউইয়র্কের সাইকেল পথে হামলাকারী সাইফুল্লো সাইপভের উদাহরণ টেনে কর্মসূচির সমালোচনা করেছিলেন। সাইপভ উজবেকিস্তান থেকে এই ভিসায় যুক্তরাষ্ট্রে এসেছিলেন এবং ২০২৩ সালে যাবজ্জীবন কারাদণ্ড পান।

সাম্প্রতিক সহিংস ঘটনাগুলোকে সামনে রেখে ট্রাম্প প্রশাসন অভিবাসন নীতিতে কড়াকড়িকে 'আমেরিকানদের সুরক্ষার' প্রয়োজনীয়তা হিসেবে তুলে ধরছে। তবে সমালোচকদের প্রশ্ন একটি অপরাধের দায়ে কেন পুরো একটি কর্মসূচি বা দেশের নাগরিকদের লক্ষ্য করা হবে?

গত মাসেই আফগান এক নাগরিকের গুলিতে দুই ন্যাশনাল গার্ড সদস্য নিহত হওয়ার পর ট্রাম্প প্রশাসন সব আশ্রয় আবেদন স্থগিত করে এবং আফগান নাগরিকদের ভিসা প্রদান বন্ধ করে দেয়। একইসঙ্গে ভ্রমণ নিষেধাজ্ঞাভুক্ত দেশগুলোর নাগরিকদের গ্রিন কার্ড ও নাগরিকত্ব আবেদন কার্যত থামিয়ে দেওয়া হয়। চলতি সপ্তাহে নিষেধাজ্ঞার তালিকায় আরও দেশ যুক্ত হওয়ায় বর্তমানে ৩৯টি দেশ ভ্রমণ সীমাবদ্ধতার আওতায়।

অভিবাসন নিয়ন্ত্রণে কড়াকড়ির পক্ষে থাকা কিছু সংগঠন এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। সেন্টার ফর ইমিগ্রেশন স্টাডিজের অ্যান্ড্রু আর্থারের মন্তব্য, ডাইভার্সিটি ভিসা "অল্প কয়েকজনকে উপকার করে, কিন্তু অনেকের জন্য ঝুঁকি তৈরি করে।" তাঁর ভাষায়, "লটারির সময় শেষ এটা একেবারেই বন্ধ করা উচিত।"

তবে সমর্থকরা বলছেন, বিশেষ করে আফ্রিকার বহু দেশের জন্য এটি যুক্তরাষ্ট্রে আসার বিরল সুযোগ। কংগ্রেসনাল ব্ল্যাক ককাসের সদস্যরাও অতীতে এই কর্মসূচির পক্ষে অবস্থান নিয়েছেন।

১৯৬৫ সালের ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্ট দেশভিত্তিক কোটা বাতিল করে এশিয়া ও লাতিন আমেরিকা থেকে অভিবাসন বাড়ালেও ইউরোপ থেকে আগমন কমে যায়। এর পরিপ্রেক্ষিতেই ১৯৮০ এর দশকে আইরিশ-আমেরিকান কংগ্রেস সদস্যদের উদ্যোগে ডাইভার্সিটি ভিসার ধারণা আসে। এই কর্মসূচির ভবিষ্যৎ আগে থেকেও অনিশ্চিত ছিল। ২০১৩ সালের দ্বিদলীয় অভিবাসন সংস্কার প্রস্তাবে এটি বাতিলের ধারা থাকলেও, হাউস রিপাবলিকানদের আপত্তিতে সেটি আলোর মুখ দেখেনি।

বিশ্বজুড়ে উদ্বেগজনকভাবে বাড়ছে ইসলামফোবিয়া!

প্রথম পৃষ্ঠার পর

ঘটনা বেড়েছে। যুদ্ধ ও নিপীড়ন থেকে পালিয়ে আসা বহু শরণার্থী বর্তমানে অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। ট্রাম্প ২য় মেয়াদে ক্ষমতায় আসার পর অনথিভুক্ত ও অবৈধ অভিবাসীদের বিতাড়ন প্রক্রিয়া তীব্র করা হয়েছে। কিন্তু সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব পাওয়া ও গ্রীনকার্ডধারীদের ইমিগ্রেশন প্রক্রিয়া যাচাই করে নাগরিকত্ব এবং গ্রীন কার্ড বাতিল প্রক্রিয়া শুরু করেছে ট্রাম্প প্রশাসন।

ইউরোপজুড়ে অভিবাসনবিরোধী মনোভাব ভয়াবহ রূপ নিচ্ছে। যুক্তরাজ্যেও পরিস্থিতি একই রকম। যুক্তরাজ্যে কয়েক মাস আগে হাজারো মানুষ 'ওদের দেশে ফেরত পাঠাও' স্লোগান দিয়ে রাস্তায় নেমেছে। দেশটির শীর্ষ রাজনীতিবিদদের একাংশ প্রকাশ্যে অভিবাসীদের দেশছাড়া করার পক্ষে অবস্থান নিচ্ছেন।

যুক্তরাজ্য ও ইউরোপজুড়ে অভিবাসী ও অভিবাসী বংশোদ্ভূতদের দানব হিসেবে উপস্থাপনের প্রবণতা তীব্র হচ্ছে। রাজনৈতিক আলোচনার কেন্দ্রে উঠে এসেছে অভিবাসন ইস্যু। এই সুযোগে জনপ্রিয়তা বাড়াচ্ছে কট্টর ডানপন্থী দলগুলো।

যুক্তরাজ্যের রিফর্ম ইউকে, জার্মানির অলটারনেটিভ ফর জার্মানি এবং ফ্রান্সের ন্যাশনাল র‍্যালির মতো দলগুলো অভিবাসনকে জাতীয় পরিচয়ের জন্য হুমকি হিসেবে তুলে ধরছে। জরিপে এসব দল শীর্ষে বা শীর্ষের কাছাকাছি অবস্থানে রয়েছে।

এরই মধ্যে প্রকাশিত এক গবেষণায় উঠে এসেছে ভয়াবহ তথ্য যুক্তরাজ্যে প্রায় ৯০ লাখ মুসলিম ব্রিটিশ নাগরিক নাগরিকত্ব হারানোর ঝুঁকিতে রয়েছেন। যাদের বড় অংশ বাংলাদেশ, ভারত ও পাকিস্তানি বংশোদ্ভূত।

রানিমিড ট্রাস্ট ও আন্তর্জাতিক আইনজীবী সংগঠন রিপ্রিভ বলছে, বর্তমান আইনে স্বরাষ্ট্রমন্ত্রী চাইলে কোনো ব্রিটিশ নাগরিক অন্য দেশের নাগরিকত্ব পাওয়ার যোগ্য এই যুক্তিতে তার নাগরিকত্ব বাতিল করতে পারেন। এমনকি সেই ব্যক্তি কখনো ওই দেশে বসবাস না করলেও।

অবৈধভাবে ছোট নৌকায় ইংলিশ চ্যানেল পাড়ি দেওয়া ঠেকাতে একের পর এক কঠোর আইন ও নীতি গ্রহণ করেছে সরকার। এসব আইনের আওতায় আশ্রয় আবেদন দ্রুত বাতিল, তৃতীয় দেশে পাঠানোর পরিকল্পনা এবং পুনর্বাসন সীমিত করা হয়েছে। সমালোচকদের মতে, এসব সিদ্ধান্তে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন মুসলিম দেশগুলো থেকে আগত শরণার্থীরা।

ফ্রান্সে ধর্মনিরপেক্ষতার নীতিকে সামনে রেখে অভিবাসন ও নাগরিকত্ব আইন আরও কঠোর করা হয়েছে। মুসলিম সম্প্রদায়ের ধর্মীয় পরিচয়, পোশাক ও সামাজিক কর্মকাণ্ড ঘিরে রাষ্ট্রীয় নজরদারি বেড়েছে। নতুন আইনি সংশোধনের ফলে বসবাস ও নাগরিকত্ব পাওয়া কঠিন হয়ে পড়ায় মুসলিমদের মধ্যে উদ্বেগ বাড়ছে।

ইউরোপীয় ইউনিয়নও সীমান্ত সুরক্ষা জোরদার করছে। 'সেফ থার্ড কান্ট্রি' নীতির আওতায় অনেক আশ্রয়প্রার্থীকে ইউরোপে আশ্রয়ের সুযোগ না দিয়ে অন্য দেশে পাঠানোর পরিকল্পনা করা হচ্ছে। মানবাধিকার সংস্থাগুলো বলছে এতে সিরিয়া, আফগানিস্তানসহ মুসলিম দেশের নাগরিকরা সবচেয়ে ঝুঁকিতে পড়ছেন।

ইতালিতে মুসলিমদের ধর্মীয় পোশাক ও অভিবাসন ইস্যুতে নতুন করে বিতর্ক তৈরি হয়েছে। দেশটির ক্ষমতাসীন ডানপন্থী দল ব্রাদার্স অব ইতালি জনসমাগমের জায়গায় বোরকা ও নিকাব নিষিদ্ধ করার লক্ষ্যে একটি বিল পার্লামেন্টে উত্থাপন করেছে। প্রস্তাবিত আইনে বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, অফিসসহ সব পাবলিক স্থানে সম্পূর্ণ মুখ ঢাকা পোশাক পরা নিষিদ্ধ করার কথা বলা হয়েছে। আইন লঙ্ঘন করলে জরিমানার বিধানও রাখা হয়েছে।

সরকারের দাবি, এই উদ্যোগ জাতীয় নিরাপত্তা ও সামাজিক সংহতি নিশ্চিত করার জন্য নেওয়া হচ্ছে। একই সঙ্গে মসজিদ ও ইসলামিক প্রতিষ্ঠানের বিদেশি অর্থায়নের ওপর নজরদারি বাড়ানো এবং অভিবাসন নীতিতে কড়াকড়ির কথাও বলা হয়েছে।

এখনও বিলটি চূড়ান্তভাবে পাস হয়নি, তবে ইতালিতে অভিবাসন ও মুসলিমদের ধর্মীয় পরিচয় ঘিরে কঠোর অবস্থানের এই প্রবণতা ইউরোপজুড়ে চলমান ইসলামফোবিয়া ও অভিবাসনবিরোধী রাজনীতির ধারাবাহিকতাকেই স্পষ্ট করছে।

অস্ট্রেলিয়াতেও অননুমোদিত অভিবাসীদের জন্য ডিটেনশন, দ্রুত প্রত্যাবাসন ও ভিসা সীমিতকরণ নীতি বহাল রয়েছে। গত সপ্তাহে অস্ট্রেলিয়ার সিডনি বন্ডি বিচে ইহুদি সম্প্রদায়ের হানুক্কা উৎসবের সময় ভয়াবহ গুলির হামলায় অন্তত ১৫ জন নিহত ও বহু লোক আহত হয়েছে। দেশটির সরকারি ও পুলিশের তদন্তে ইসলামিক স্টেট আইসএসআই এর -এর অনুপ্রেরণায় সংঘটিত একটি সন্ত্রাসী ঘটনা হিসেবে চিহ্নিত করা হয়েছে।

এই ধরনের হামলার ঘটনা সেই দেশ সহ বিশ্বে মুসলিম সম্প্রদায়ের বিরুদ্ধে ভুল ধারণা ও রোষের জন্ম দিতে পারে। এমনটাই আশঙ্কা রয়েছে। দেশটিতে জাতীয় নিরাপত্তায় আরো কঠোর অভিবাসন ব্যবস্থা নেয়ারও দাবি করছে রাজনৈতিক দলগুলো।

বিশ্লেষকদের মতে, এসব ব্যবস্থার প্রভাবও মূলত মুসলিম ও যুদ্ধবিধ্বস্ত দেশগুলোর মানুষের ওপরই বেশি পড়ছে। ইসলামফোবিয়া ও অভিবাসনবিরোধী রাজনীতির এই উত্থান শুধু মুসলিমদের নয় পুরো বিশ্বের মানবিক মূল্যবোধ ও সহাবস্থানের জন্যই এক বড় চ্যালেঞ্জ।

অধিকারকর্মীদের মতে, এই ক্ষমতা দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার মুসলিম জনগোষ্ঠীর জন্য একটি পদ্ধতিগত হুমকিতে পরিণত হয়েছে। তারা বলছেন এই নীতি বৈষম্য ও বিভাজন আরও গভীর করবে।

মেরী জোবাইদার পক্ষে শতাধিক কমিউনিটি নেতার সমর্থন

শেষ পৃষ্ঠায় পর তিনি।

বিবৃতিতে কমিউনিটি নেতৃবৃন্দ আরো বলেন- মেরী জোবাইদা কাজের মধ্য দিয়ে সমতা, জননিরাপত্তা, মানসম্মত শিক্ষা, সাশ্রয়ী আবাসন ও অর্থনৈতিক সুবিধার প্রতি তাঁর অঙ্গীকার পরিষ্কারভাবে প্রদর্শন করেন। ডিস্ট্রিক্ট ৩৬ কাংখিত এমন একজন প্রতিনিধি প্রত্যাশা করে যে এই এলাকার বর্ন বৈচিত্রের এক সাক্ষাত প্রতিবিম্ব। এই ডিস্ট্রিক্টের আবহমান ঐতিহ্যকে লালন করেই তিনি আলবেনীতে এর ভবিষ্যতের জন্য অব্যাহত লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করেছেন। মেরী জোবাইদা এস্টোরিয়া, লং আইল্যান্ড সিটির জন্য কার্যকর ও বলিষ্ট কণ্ঠস্বর এবং সকল নিউইয়র্কবাসীর জন্য একজন নীতিবান প্রবক্তা হওয়ার প্রয়োজনীয় দৃষ্টিভঙ্গি, যোগ্যতা সম্পন্ন প্রার্থী।

বিবৃতিতে আরো বলা হয়: আমরা আস্থা রাখি যে মেরী জোবাইদা সম্মান ও কর্মক্ষমতার সাথে দায়িত্ব পালন করবেন। এজন্য নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলীতে তার প্রার্থিতার সমর্থনে আমরা সবাই ঐক্যবদ্ধভাবে তার সমর্থনে এগিয়ে এসেছি।

এস্টোরিয়া, লং আইল্যান্ড সিটি সহ নিউ ইয়র্কের সকল বাসিন্দার প্রতি আমাদের আকুল আবেদন, নিউ ইয়র্ক সিটির এই আসনে মেয়র নির্বাচিত জোহরান মামদানীর যোগ্য উত্তরসুরী হিসেবে আমরা একজন সাউথ এশিয়ানকে তার ভুলাভিসিক্ত দেখতে চাই। এজন্য দলমত, ধর্মবর্ন লিঙ্গ নির্বিশেষে মেরী জোবাইদাকে এই আসনে বিজয়ী করার জন্য বাংলাদেশী-আমেরিকান সহ এস্টোরিয়া, লং আইল্যান্ড সিটির সকল নাগরিকের প্রতি আমরা উদাত্ত আহ্বান জানাচ্ছি।

বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন: ১. আবদুল আজিজ ভূঁইয়া, ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান, হিসলাইড ইসলামিক সেন্টার, নিউইয়র্ক ২. আফতাব মান্নান, সাবেক সেক্রেটারি, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) ৩. ডা. মাহমুদুর রহমান তুহিন, সাবেক সভাপতি, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) ৪. ডা. ওয়াহেদুর রহমান, ডেন্টিস্ট ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৫. মোরশেদ আলম, প্রতিষ্ঠাতা, নিউ আমেরিকান ডেমোক্রেটিক ক্লাব। নিউইয়র্ক স্টেট সিনেটের প্রথম বাংলাদেশী-আমেরিকান প্রার্থী ৬ .আরমান চৌধুরী, সভাপতি, মুনা ইপিজে ৭ .এটর্নী মইন চৌধুরী, ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ কুইন্স কাউন্টি ৮. জয়নাল আবেদীন, সভাপতি, বাংলাদেশী আমেরিকান অ্যাডভোকেসি গ্রুপ (বাগ) ৯.শাহ নেওয়াজ, সভাপতি ও সিইও, গোল্ডেন এজ হোম কেয়ার, ট্রাস্টি বোর্ড চেয়ারম্যান বাংলাদেশ সোসাইটি নিউ ইয়র্ক ১০.আতাউর রহমান সেলিম, সভাপতি বাংলাদেশ সোসাইটি নিউ ইয়র্ক ১১.মোহাম্মদ আলী, সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক ১২.ফখরুল ইসলাম দেলোয়ার, সেক্রেটারি, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) ১৩.নার্গিস আহমেদ, সাবেক সভাপতি, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক ১৪.ফখরুল আলম, সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক। সিইও, এটিএন বাংলা টিভি, ইউএসএ ১৫.আবদুর রহিম হাওলাদার, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক। উপদেষ্টা, এলমহার্স্ট হাসপাতাল সেন্টার ১৬.রানা ফেরদৌস চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক ১৮. শাহাব উদ্দিন আহমেদ, সভাপতি, আল-আমিন জামে মসজিদ, এস্টোরিয়া ১৯. আজিমু রহমান বুরহান, সাবেক সভাপতি, বিয়ানীবাজার সমিতি ইউএসএ ২০. আমিন মেহেদী, সেক্রেটারী, বাংলাদেশি-আমেরিকান সোসাইটি ও কমিউনিটি বোর্ড মেম্বার ২১.জুহাইব চৌধুরী, সভাপতি, ডেমোক্রেটিক ক্লাব অব এলব্যারিও, ইস্ট হার্লেম ২৩.বদরুন নাহার খান মিতা, সাবেক সভাপতি, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ২৪. আবদুল হাশিম হাসনু, সাবেক সভাপতি, বাংলাদেশ-আমেরিকান কালচারাল এসোসিয়েশন ২৫. আহবাব হোসেন চৌধুরী, সাবেক সভাপতি, আমেরিকান কালচারাল অ্যাসোসিয়েশন ২৬. আবদুস





শহীদ, সভাপতি, আমেরিকান-বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইউএসএ ইনক। সদস্য, কমিউনিটি বোর্ড ১১ ২৭. জাহিদ মিন্টু, সভাপতি, বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ ২৮. নজমুল হাসান মানিক, সাবেক সভাপতি, বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ ২৯. মফিজুর রহমান, সাবেক সভাপতি, নোয়াখালী সোসাইটি। ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক ৩০. ইমাম শামসী আলী, খতিব, জ্যামাইকা মুসলিম সেন্টার (জেএমসি) ৩১. মি. আগো, সভাপতি, বসনিয়া মসজিদ, এস্টোরিয়া, নিউইয়র্ক ৩২. ইমাম কামাল, খতিব, বসনিয়া ইসলামিক সেন্টার এস্টোরিয়া ৩৩. সোহেল আহমেদ, সভাপতি, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ৩৪. মো. জাবেদ উদ্দিন, সাধারণ সম্পাদক, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ৩৫. সৈয়দ আল আমিন রাসেল, সাবেক সাধারণ সম্পাদক, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ৩৬. শফি উদ্দিন কামাল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৩৭. মোহাম্মদ আলমগীর হোসেইন, সাধারণ সম্পাদক সন্দ্বীপ সোসাইটি ৩৮. আলহাজ সুলেমান ভূঁইয়া, কমিউনিটি এক্টিভিস্ট ৩৯. সালেহ উদ্দিন সাল, কমিউনিটি এক্টিভিস্ট ৪০. আবদুল ওয়াহিদ চৌধুরী জাকি, প্রেসিডেন্ট, স্টারলিং বাংলাবাজার ও ডাইনামিক ট্যাক্স ৪১. দেওয়ান শাহেদ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট এস্টোরিয়া ৪২. এম. এ. কাইয়ুম, সাবেক সদস্য, এশিয়ান আমেরিকান অ্যাডভাইজরি কাউন্সিল, কুইন্স ডিএ ৪৩. শাহেদ দেলোয়ার চৌধুরী, সাবেক সভাপতি, কুলাউড়া-বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ ৪৪. জামাল উদ্দিন লিটন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৪৫. মোহাম্মদ আকামল হোসেন খান, সভাপতি, শাহ জালাল ইসলামিক সেন্টার, এস্টোরিয়া ৪৬. শামসের আলী, সভাপতি, অ্যাপল ইনস্যুরেন্স ইনক, এস্টোরিয়া ৪৭. মাসুদুল হক সানু, সাবেক সভাপতি, বিয়ানীবাজার সমিতি, ইউএসএ ৪৮. আবু তালেব চৌধুরী চান্দু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৪৯. সাঈদ ফয়সাল, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৫০. আবদুর রহমান, কমিউনিটি এক্টিভিস্ট ৫১. সবিতা দাস, সাংস্কৃতিক সংগঠক, শিল্পী, এস্টোরিয়া ৫২. রশিদুল মান্নান চৌধুরী হেশাম, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৫৩. এস. এম. এ. রহমান সালিম, কমিউনিটি এক্টিভিস্ট, এস্টোরিয়া ৫৪. বিলাল চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও ব্যবসায়ী ৫৫. এ. বি. এম. উসমান গনি, প্রধান উপদেষ্টা, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ৫৬. জে. মোল্লা সানি, চিফ কো-অর্ডিনেটর, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ৫৭. শেখ সিরাজুল ইসলাম, নির্বাহী সদস্য, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব ৫৮. সৈয়দ ইলিয়াস খসরু, সভাপতি, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ ৫৯. মইনুজ্জামান চৌধুরী, কোষাধ্যক্ষ, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক ৬০. মইনুর রহমান সুয়েব, সাধারণ সম্পাদক, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ ৬১. বদরুল ইসলাম মিন্টু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৬২. জগলুল চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, ব্রঙ্কস ৬৩. রহিমা বেগম, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৬৪. মোশাহিদ জে. রাশেদ, সাবেক সভাপতি, কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন ইউএসএ ৬৫. কবির চৌধুরী,সভাপতি, মসজিদ আল আমান, ওজোন পার্ক ৬৭. নাসিমা আক্তার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৬৮. ডা. বর্ণালী হাসান এমডি ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৬৯. নবেন্দু দত্ত, সাবেক সভাপতি, হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ ইউএসএ ৭০. শিতাঙ্গু গুহ, মানবাধিকার এক্টিভিস্ট ৭১. থমাস দুলু রায়, সভাপতি, ইউনাইটেড বেঙ্গলি লুথেরান চার্চ ৭২. তপন মোদক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ৭৩. শফি আহমেদ চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৭৪. রেক্সোনা মজুমদার, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, ব্রঙ্কস ৭৫. ডা. নাহিদ খান, এমডি ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট ৭৬. শেখ আল মামুন, সিইও, মামুন টিউটোরিয়াল ৭৭. সেলিনা উদ্দিন, কো-অর্ডিনেটর, ধরা ইউএসএ ৭৮. খলিলুর রহমান, সিইও, খলিল বিরিয়ানি ৭৯. মাওলানা রশিদ আহমদ, শিক্ষাবিদ, সম্পাদক ইয়র্ক বাংলা ৮০. আনোয়ার খান, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, সাধারণ সম্পাদক শাহজালাল একাডেমী, ওজোন পার্ক ৮১. আলিম উদ্দিন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট ও প্রেসিডেন্ট গ্লোবাল ট্রাভেলস ৮২. কায়েস আহমেদ, ভাইস প্রেসিডেন্ট, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ৮৩. হেলাল উদ্দিন, সাবেক সভাপতি, সন্দ্বীপ এডুকেশন সোসাইটি। সভাপতি, বাইতুল জান্নাহ মসজিদ ও কমিউনিটি সেন্টার, ব্রুকলীন ৮৮. ফিরোজ আহমেদ, সভাপতি, সন্দ্বীপ সোসাইটি, ইউএসএ ৮৯. শাহাদাত হোসেন, সাবেক সভাপতি, সন্দ্বীপ এডুকেশন সোসাইটি ৯০. এমলাক হোসেন ফয়সাল, সাবেক সভাপতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ ৯১.মোহাম্মদ নাসির উদ্দিন, সভাপতি, ইসলামিক কাউন্সিল অব আমেরিকা (মদিনা মসজিদ) ৯২. ইকবাল আহমেদ মাহবুব, প্রতিষ্ঠাতা সভাপতি, ম্যানহাটন ডাউনটাউন বাংলাদেশী আমেরিকান এসোসিয়েশন ও সাবেক সভাপতি আসসাফা ইসলামিক সেন্টার ৯৩. ড. শওকত আলী, সভাপতি, বাংলাদেশ জার্নালিস্টস এন্ড রাইটার্স এসোসিয়েশন ৯৪. আবদুল মুসাব্বির, কমিউনিটি অ্যাক্টিভিস্ট, এস্টোরিয়া ৯৫. শাহীন আজমল, কমিউনিটি একটিভিস্ট ৯৬. মিসবাহ আহমেদ, কমিউনিটি এক্টিভিস্ট ৯৭. সৈয়দ জায়েদি, সভাপতি, ফ্লাশিং ইসলামিক সেন্টার ৯৮. আরশাদ হোসেন, কমিউনিটি এক্টিভিস্ট ৯৯. ডা. সালমা, কমিউনিটি এক্টিভিস্ট ১০০. শামসুদ্দীন আজাদ, লেখক ও কমিউনিটি এক্টিভিস্ট ১০১. কাজী কয়েস আহমদ ১০২. বেদারুল ইসলাম বাবলা, সাবেক সভাপতি লীগ আব আমেরিকা, চেয়ারম্যান ফোবানা ১০৩. আব্দুল চৌধুরী শাহীন, কমিউনিটি এক্টিভিস্ট ১০৪, সাইদা হাই, সভাপতি লীগ অব আমেরিকা ১০৫. শেলী জামান, লেখিকা ১০৬. রওশন হক, লেখিকা, সাংবাদিক ১০৭.সাহাব আহমেদ, সভাপতি, এলআইসি কেমিস্ট। সাবেক সভাপতি, বাংলাদেশী আমেরিকান ফার্মাসিস্ট এসোসিয়েশন ১০৮. মোহাম্মদ তাহের, ভাইস প্রেসিডেন্ট, ফার্মাসিউটিক্যাল সোসাইটি, নিউইয়র্ক ১০৯. আব্দুস সাত্তার, কমিউনিটি বোর্ড মেম্বার, ব্রুকুলীন ১১০. মোশাররফ হোসেন সবুজ, সাধারণ সম্পাদক কোম্পানীগঞ্জ সমিতি ১১১. জামিল আনসারী, সমাজ কল্যান সম্পাদক বাংলাদেশ সোসাইটি ১১২. এটিএম তালহা, সাবেক সাংগঠনিক সম্পাদক, বিয়ানীবাজার সমিতি ১১৩. আলহাজ্ব বদরুল হক, সাবেক সভাপতি আল আমান মসজিদ ১১৪. মোহাম্মদ নাসির উদ্দীন, সাবেক নির্বাচন কমিশনার নোয়াখালী সোসাইটি ১১৫. মিয়া মোহাম্মদ আবজাল, সৃহিও, স্যান্ড একাউন্টিং এন্ড মাল্টি সার্ভিস ১১৬. কামরুল ইসলাম, কমিউনিটি এক্টিভিস্ট, ওজনপার্ক ব্রুকলীন।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর অবনতি সহ অনেক ক্ষেত্রেই সরকারের ব্যর্থতা দেশ ও প্রবাসে আলোচিত-সমালোচিত হচ্ছে। প্রচন্ড শীতের নিউইয়র্কের হোটেল-রেস্তোরায় গরম গরম চায়ের আড্ডায় দেশের নানা প্রসঙ্গ নিয়ে আলোচনা-সমালোচনার ঢেউ বইছে। এসব আলোচনায় সচেতন প্রবাসীরা বলেন, দেশের মানুষের মধ্যে দেশপ্রেম নেই। বিশেষ করে রাজনৈতিক নেতা-কর্মীদের তো নেই। তারা শুধু ক্ষমতার রাজনীতি করছে। প্রবাসীরা বলছেন, দেশের মানুষের চেয়ে প্রবাসীদে দেশপ্রেম বেশী। তারা বলেন, মাতৃভূমি বাংলাদেশকে রক্ষা করতে হলে দেশপ্রেমের বিকল্প নেই, সুষ্ঠু অবাদ ও নিরপেক্ষ নির্বাচনের বিকল্প নেই। আমরা কেউ রাজনীতির উর্ধ্বে নই। তাই সবার মনেই জাগ্রহ হতে হবে- 'ব্যক্তির চেয়ে দল বড়, দলের চেয়ে দেশ বড়'। ২১ ডিসেম্বর'২০২৫

মাসে শতাধিক নাগরিকত্ব বাতিলের মামলার টার্গেট!

প্রথম পৃষ্ঠার পর পদক্ষেপ নিচ্ছে। এর মধ্যে রয়েছে– দক্ষিণ সীমান্তে আশ্রয় আবেদন কার্যত বন্ধ, দেশের ভেতরে আশ্রয় প্রক্রিয়ায় ছুগিতাদেশ, এবং আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা। প্রশাসনের দাবি, এসব পদক্ষেপ দেশকে আরও নিরাপদ করবে এবং যুক্তরাষ্ট্রের মূল্যবোধ রক্ষা করবে। ইউএসসিআইএস-এর মুখপাত্র ম্যাথিউ ট্র্যাগেসার এক বিবৃতিতে বলেন, বেআইনিভাবে নাগরিকত্ব পাওয়া ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়াই তাদের অগ্রাধিকার। তিনি জানান, নাগরিকত্ব প্রক্রিয়ায় মিথ্যা তথ্য বা ভুল উপস্থাপনের প্রমাণ পাওয়া গেলে প্রশাসন কঠোর পদক্ষেপ নেবে। এই উদ্যোগকে অভিবাসন নীতিতে ট্রাম্প প্রশাসনের আরও এক ধাপ কঠোর অবস্থান হিসেবেই দেখছেন বিশ্লেষকরা।



তারেক রহমান ২৭ ডিসেম্বর ভোটার হবেন

বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান আগামী ২৭ ডিসেম্বর ভোটার হবেন বলে জানিয়েছেন দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

সোমবার বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

সালাহউদ্দিন আহমদ বলেন, আগামী ২৫ ডিসেম্বর দেশে ফিরবেন তারেক রহমান। এরপর ২৭ ডিসেম্বর ভোটার হওয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করবেন। এর আগে বিকেল ৩টার দিকে নির্বাচন ভবনে সিইসির কার্যালয়ে এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক করেন সালাহউদ্দিন আহমদের নেতৃত্বে বিএনপির একটি প্রতিনিধি দল। প্রতিনিধি দলে আরও ছিলেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা কাউন্সিলের সদস্য ইসমাইল জবিউল্লাহ।

প্রায় ১৭ বছর পর আগামী ২৫ ডিসেম্বর দেশে ফিরছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে অংশ নেবেন বলে বিএনপির পক্ষ থেকে জানানো হয়েছে। তবে এখনো ভোটার তালিকায় তার নাম অন্তর্ভুক্ত হয়নি। তপশিল ঘোষণার পর ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করতে হলে নির্বাচন কমিশনের অনুমোদন প্রয়োজন হবে।

নিউইয়র্ক গভর্নর নির্বাচনে ব্রুস ব্লেকম্যানকে ট্রাম্পের সমর্থন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক অঙ্গরাজ্যের গভর্নর নির্বাচনে রিপাবলিকান প্রার্থী হিসেবে নাসাউ কাউন্টির নির্বাহী ব্রুস ব্লেকম্যানকে আনুষ্ঠানিকভাবে সমর্থন দিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রিপাবলিকান কংগ্রেসওম্যান এলিস স্টেফানিক প্রতিদ্বন্দ্বিতা থেকে সরে দাঁড়ানোর মাত্র একদিন পরই এ সমর্থনের ঘোষণা আসে।

এর আগে প্রাথমিক পর্যায়ে কোনো প্রার্থীকে সমর্থন না দেওয়ার ইঙ্গিত দিয়েছিলেন ট্রাম্প। তবে স্টেফানিকের সরে দাঁড়ানোয় রিপাবলিকান শিবিরে পথ পরিষ্কার হয় এবং ব্লেকম্যানের প্রতি প্রকাশ্যে অবস্থান নেন তিনি। ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প পোস্টে লেখেন, নাসাউ কাউন্টির নির্বাহী হিসেবে ব্লেকম্যান সাহসী আইস (ওঈউ), বর্ডার প্যাট্রোল ও আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছেন সীমান্ত নিরাপদ রাখা, অভিবাসন-সম্পর্কিত অপরাধ দমন, কমিউনিটির সুরক্ষা এবং আইনশৃঙ্খলা নিশ্চিত করতে।

ট্রাম্পের সমর্থনের জবাবে ব্রুস ব্লেকম্যান সামাজিক মাধ্যমে কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "প্রেসিডেন্ট ট্রাম্প নিউইয়র্ককে ভালোবাসেন। নিউইয়র্ককে নিরাপদ ও সাশ্রয়ী করতে আমরা অংশীদার হয়ে কাজ করব।"

সূত্র জানায়, চলতি মাসে ব্লেকম্যান প্রতিদ্বন্দ্বিতায় নামার পর ট্রাম্প তাকে ফোন করেন। সেই আলোচনায় ট্রাম্প ইঙ্গিত দেন, "ভালো রিপাবলিকানদের" মধ্যে প্রতিদ্বন্দ্বিতা তিনি পছন্দ করেন না ইঙ্গিতটি ছিল স্টেফানিকের দিকেই।

ডেমোক্র্যাট গভর্নর ক্যাথি হোকুলকে তুলনামূলকভাবে দুর্বল মনে করে রিপাবলিকানরা শুরু থেকেই ব্যয়বহুল ও বিভাজনমূলক প্রাইমারি এড়াতে চাইছিল। রিপাবলিকান কংগ্রেসের এক সদস্য সিবিএস নিউজকে জানান, স্টেফানিক মনে করেছিলেন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ প্রাইমারি দলীয়ভাবে ক্ষতিকর হতে পারে জয়ের সম্ভাবনা থাকলেও।

গণভোটে গণঅংশগ্রহণই পরিবর্তনের ধারা সূচিত করবে: উপদেষ্টা রিজওয়ানা

বাংলা পত্রিকা রিপোর্ট: তথ্য ও সম্প্রচার; পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, সরকারের মূল লক্ষ্য হলো গণভোটে বিপুলসংখ্যক মানুষের অংশগ্রহণ নিশ্চিত করা, যাতে পরিবর্তনের ধারাটি সত্যিকার অর্থেই সূচিত হয়। তিনি বলেন, এবারের গণভোট কেবল কোনো আনুষ্ঠানিক আয়োজনমাত্র নয়; এটি একটি ঐতিহাসিক সুযোগ, যার মাধ্যমে দেশ কীভাবে পরিচালিত হবে এবং ক্ষমতার ভারসাম্য কীভাবে বজায় থাকবে–সে বিষয়ে পরিবর্তনের পথ তৈরি হবে। এ লক্ষ্যেই সরকার দেশব্যাপী ব্যাপক উদ্বুদ্ধকরণ কর্মসূচি বাস্তবায়ন করছে।

সোমবার আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ উপলক্ষ্যে ভোটারদের সচেতন ও উদ্বুদ্ধ করার লক্ষ্যে 'ভোটের গাড়ি' প্রচারণার উদ্বোধনের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে উপদেষ্টা জানান, এবারের নির্বাচন সুষ্ঠু ও গ্রহণযোগ্য করতে প্রয়োজনীয় সব প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, কিছু মহল জনগণের দৃষ্টি অন্যদিকে সরাতে বেআইনি কর্মকাণ্ডে জড়াচ্ছে, তবে প্রথম আলো ও ডেইলি স্টার কার্যালয়ে সংঘটিত সহিংসতার সঙ্গে জড়িত সকলকে আইনের আওতায় আনা হবে। এ বিষয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সক্রিয়ভাবে কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন।

উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, গণভোটের মাধ্যমে সংস্কার কার্যক্রম সফল করতে হলে ব্যাপক জনসম্পৃক্ততা অপরিহার্য। সাধারণ মানুষের কাছে স্পষ্টভাবে তুলে ধরা হবে–পরিবর্তন কেন প্রয়োজন এবং এই পরিবর্তন তাদের জীবন ও ভবিষ্যতে কী ধরনের ইতিবাচক প্রভাব ফেলবে।

তিনি জানান, সকল জেলা ও উপজেলার জন্য বিস্তারিত প্রচার ক্যালেন্ডার প্রণয়ন করা হবে এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও সমাজের প্রতিনিধিদের সক্রিয়ভাবে সম্পৃক্ত করা হবে। পাশাপাশি স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে এ প্রচারণা পরিচালিত হবে।



বাংলাদেশে যুক্তরাষ্ট্র নাগরিকদের জন্য নিরাপত্তা সতর্কতা হালনাগাদ করেছে দূতাবাস

কূটনৈতিক প্রতিবেদক, *ঢাকা* : বাংলাদেশে থাকা যুক্তরাষ্ট্রের নাগরিকদের জন্য দেশজুড়ে নিরাপত্তা সতর্কতা হালনাগাদ করেছে ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস।

আজ শুক্রবার বিকেলে দূতাবাসের ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যমে হালনাগাদ করা এ সতর্কবার্তা প্রচার করা হয়েছে।

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদির মরদেহ আজ শুক্রবার সন্ধ্যায় ঢাকায় পৌঁছেছে। তাঁর জানাজা আগামীকাল শনিবার, জোহরের নামাজের পর (বেলা দুইটায়) জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত হবে।

এ প্রসঙ্গ উল্লেখ করে যুক্তরাষ্ট্র দূতাবাসের সতর্কবার্তায় বলা হয়েছে, এ সময় ওই এলাকায় এবং ঢাকাজুড়ে অত্যন্ত ভারী যানজটের আশঙ্কা আছে। যুক্তরাষ্ট্রের নাগরিকদের সতর্ক থাকতে অনুরোধ করা হচ্ছে এবং মনে রাখতে হবে–শান্তিপূর্ণ উদ্দেশ্যে আয়োজিত সমাবেশও কখনো কখনো সংঘাতপূর্ণ হয়ে উঠতে পারে এবং সহিংসতায় রূপ নিতে পারে। তাই বিক্ষোভ এড়িয়ে চলুন এবং যেকোনো বড় জনসমাবেশের আশপাশে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন।

নিরাপত্তা-উদ্বেগ বাড়ছে, বৈধ অস্ত্র নিয়েও শঙ্কা

৫-এর পৃষ্ঠায় পর

কথা বলা হয়েছে।

পুলিশ মহাপরিদর্শক বাহারুল আলম বলেন, বিশেষ পরিস্থিতি বিবেচনা করে ঝুঁকিপূর্ণ প্রার্থী ও গুরুত্বপূর্ণ ব্যক্তিদের অস্ত্রের লাইসেন্স দেওয়ার কথা বলা হয়। তবে কেউ আবেদন করলেই তাঁকে অস্ত্রের লাইসেন্স দেওয়া হবে, এমনটি নয়। যার কাছে অনুমোদিত অস্ত্র থাকলে, তা নির্বাচনের পরিবেশের জন্য সহায়ক হবে তিনি লাইসেন্স পাবেন। কারও কাছে অস্ত্র থাকলে সেটি নির্বাচনের পরিবেশের জন্য ঝুঁকিপূর্ণ হবে, এমন ব্যক্তি লাইসেন্স পাবে না। আমাদের এখন মূল লক্ষ্য জনমনে স্বস্তি ফিরিয়ে আনা।

আইজিপি আরও বলেন, যে কোনো বেআইনি পদক্ষেপ আমরা শক্তভাবে নিয়ন্ত্রণ করতে চাই। এখনও পুলিশের ওপর আক্রমণ হচ্ছে। থানায় ওসিকে হামলা করা হচ্ছে। শান্তির বাণী শুনিয়ে সব সময় আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখা যায় না। সবার সমর্থন ও সহযোগিতা নিয়ে শক্তভাবে আইন প্রয়োগ করতে চাই।

তিনি বলেন, ডেভিল হান্টের দ্বিতীয় পর্যায়ের যে অভিযান চলছে, সেখানে ফ্যাসিস্ট ও তাদের সংশ্লিষ্ট যারা রয়েছে তাদের গ্রেপ্তারে জোর দেওয়া হচ্ছে। দুই হাজারের বেশি অনুনমোদিত মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

আইনশৃঙ্খলা বাহিনীর সূত্রগুলো বলছে, ভোটের আগে প্রার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়টিকে গুরুত্ব দেওয়া হচ্ছে। এ ছাড়া বৈধ যেসব অস্ত্র এখনও বেহাত, তা কীভাবে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে দ্রুত উদ্ধার করা যায় সেই ছক করা হয়েছে। আবার সীমান্ত দিয়ে যাতে অবৈধ অস্ত্র প্রবেশ করতে না পারে, সেই লক্ষ্যে বাড়ানো হয়েছে নজরদারি। দাগী ও চিহ্নিত অপরাধীরা যাতে সীমান্ত দিয়ে পালাতে না পারে, সেটা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে।

আরেকজন কর্মকর্তা বলেন, পেশাদার অস্ত্রধারী, সন্ত্রাসীদের মধ্যে যারা জামিন ছাড়া পেয়েছেন, তাদের ওপর নজরদারি বাড়ানো হয়েছে। তাদের দ্রুত আবার আইনের আওতায় আনার কথা বলা হয়। এলাকাভিত্তিক অপরাধীদের হালনাগাদ তালিকা তৈরি করা হচ্ছে।

ইসির বৈঠকে অংশ নেন প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব, সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার, তিন বাহিনী প্রধানদের উপযুক্ত প্রতিনিধি, বিজিবি, কোস্টগার্ড, আনসার ও ভিডিপি, ডিজিএফআই, এনএসআই, এনটিএমসি ও র‍্যাবের মহাপরিচালক, এসবি ও সিআইডির অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) কমিশনার এবং কারা অধিদপ্তরের মহাপরিদর্শক।

নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষে এ সভায় সভাপতিত্ব করেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন।

আবার যৌথ বাহিনীর অভিযানের নির্দেশ

ইসির বৈঠকের পর নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেন, সহিংসতার পুনরাবৃত্তি রোধে গোয়েন্দা সংস্থাগুলোকে নির্দেশনা দেওয়া হয়েছে। এখন থেকে মাঠ পর্যায়ে যৌথ বাহিনীর অভিযান আবার চালুর নির্দেশও দিয়েছে কমিশন।

তিনি বলেন, যৌথ বাহিনীর অভিযানের অন্যতম লক্ষ্য হবে অবৈধ অস্ত্র ও গোলাবারুদ উদ্ধার, সন্ত্রাসীদের গ্রেপ্তার এবং আইনের আওতায় নিয়ে আসা। সাধারণ মানুষ, ভোটার ও প্রার্থীদের মাঝে আস্থার পরিবেশ তৈরি করা আমাদের লক্ষ্য। এলাকাভিত্তিক চেক পয়েন্টে তল্লাশির ওপর গুরুত্ব ও বিশেষ অভিযান পরিচালনার ব্যাপারে জোর দেন এ কমিশনার। সন্ত্রাসীদের আটক করে আইনের আওতায় নিয়ে আসতে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রয়োগের ব্যাপারে জোর দিয়েছি। ম্যাজিস্ট্রেটরা সমন্বিতভাবে কাজ করবেন।

এই কমিশনার আরও বলেন, কমিটিগুলোর সমন্বিতভাবে কাজ করা, স্থানীয় পর্যায়ে নেতৃত্ব দেওয়ার ক্ষেত্রে সমন্বয়ের ব্যাপারগুলো নিয়ে আলোচনা হয়েছে। বাহিনীগুলো নিজ নিজ নেতৃত্বে কাজ করবে। কিন্তু সমন্বয়টা হবে সমন্বয় সেলের মাধ্যমে। আর নিয়ন্ত্রণের ব্যাপারটা থাকবে অভিযান অনুযায়ী। সম্ভাব্য প্রার্থীর নিরাপত্তার বিষয়েও পুলিশ উদ্বেগের কথা জানিয়েছে ইসিকে।

মো. সানাউল্লাহ বলেন, বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দল প্রার্থী হিসেবে যাদের মনোনয়ন দিচ্ছে বা স্বতন্ত্র হিসেবে যারা প্রার্থী হিসেবে নির্বাচন করতে চাচ্ছেন, তাদের নিরাপত্তার বিষয়ে আশ্বস্ত হয়েছি, পুলিশ থেকে ইতোমধ্যে একটা প্রটোকল তৈরি করানো হয়েছে। সেই প্রটোকল অনুযায়ী যারা নিরাপত্তা চাচ্ছেন, সেই নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে। তবে এর বাইরেও যদি কেউ নিরাপত্তা ঘাটতি অনুভব করেন, তারা পুলিশের কাছে চাইলে যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

এই সভার আগে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান এবং বিমানবাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান নির্বাচন ভবনে যান। তারা প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারদের সঙ্গে ঘণ্টাব্যাপী পৃথক বৈঠক করেন।

এ দুটি বৈঠকের পর বিভিন্ন বাহিনীর প্রতিনিধি নিয়ে বিকেলে নির্বাচন ভবনে প্রেস ব্রিফিংয়ে আসেন নির্বাচন কমিশনার মো. সানাউল্লাহ। তিনি বলেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি মানবিক দিক বিবেচনায় রেখে কাজ করার নির্দেশনা ছিল। তবে অনেক মানুষ এই ভালো উদ্যোগের খারাপ সুযোগ নিয়েছেন। তাই নির্বাচন কমিশন এখন বাহিনীগুলোকে কঠোর নির্দেশনা দিয়েছে। আমরা মানবিক হব, যারা মানবিক তাদের প্রতি। যারা দস্যুতা করতে চায়, নৈরাজ্য করতে চায়, নির্বাচনের পরিবেশ নষ্ট করতে চায়, তাদের প্রতি মানবিক হওয়ার দরকার নেই।

অস্ত্রের নতুন নীতিমালা নিয়ে প্রশ্ন

১১ ডিসেম্বর জাতীয় নির্বাচন ও গণভোটের তপশিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার। এর পরদিন ঢাকা-৮ আসনের সম্ভাব্য প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদিকে দিনদুপুরে গুলি করা হয়। সিঙ্গাপুরে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। এ ছাড়া দেশের বিভিন্ন স্থানে সহিংসতা ঘটেছে। এসব ঘটনায় দেশের নির্বাচনী রাজনীতিতে উৎসবের পরিবর্তে আতঙ্কের পরিবেশ তৈরি হয়।

বিশ্লেষকরা বলছেন, এসব ঘটনায় প্রার্থীদের পাশাপাশি রাজনৈতিক দলের নেতাকর্মীদের মধ্যে নেতিবাচক প্রভাব পড়েছে। এমন পরিস্থিতিতে সরকার অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে জোর না দিয়ে উল্টো আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দেওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছে। এতে সাধারণ মানুষের মধ্যে নিরাপত্তার সংকট আরও বেড়ে যাবে।

বিলুপ্ত নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান ড. বদিউল আলম মজুমদার বলেন, আগ্নেয়াস্ত্রের লাইসেন্স দিয়ে সহিংস পরিস্থিতি মোকাবিলা করা যাবে কিনা, তা নিয়ে শঙ্কা রয়েছে। সাধারণ ভোটারদের মধ্যে নিরাপত্তার শঙ্কা থাকলে সরকার ও ইসির সব আয়োজন ব্যর্থ হতে বাধ্য। প্রার্থী ও কয়েকজন গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা দিয়ে সংসদ নির্বাচন ও গণভোটের মতো মহাআয়োজন সম্ভব নয়।

তিনি বলেন, সরকারকে সার্বিক নিরাপত্তা এবং আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি করতে হবে। গোয়েন্দা সংস্থাগুলোকে সক্রিয় থাকতে হবে। কেউ অন্যায় করলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেওয়া এবং সন্ত্রাসীদের গ্রেপ্তার করা জরুরি। একই সঙ্গে রাজনৈতিক দলগুলোকে সদাচরণ করতে হবে।

বদিউল আলম মজুমদার বলেন, কোনো নিরপরাধ ব্যক্তি আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নেবে না। এমন ব্যক্তি নিজের বন্দুক দিয়ে নিজেকে সুরক্ষাও দিতে পারবে না। অতীতে নির্বাচনের আগে বৈধ অস্ত্রও জমা নেওয়ার নজির রয়েছে।

নিরাপত্তা বিশ্লেষকরা বলছেন, অতীতের হত্যাকাণ্ডগুলো পর্যালোচনা করলে স্পষ্ট হয়, যারা বিভিন্ন সময় হত্যাকাণ্ডের শিকার হয়েছেন, তাদের অনেকেরই ব্যক্তিগত অস্ত্র ছিল। রাজনৈতিক কর্মসূচি, মিছিল, পাল্টাপাল্টি অবস্থান এসব পরিস্থিতিতে অস্ত্রের উপস্থিতি কেবল সংশ্লিষ্ট ব্যক্তিকে নয়, পুরো সমাজকেই ঝুঁকির মধ্যে ফেলে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয় সূত্রে জানা যায়, ওসমান হাদিকে গুলি করার পর ১৩ ডিসেম্বর সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আইনশৃঙ্খলা-সংক্রান্ত কোর কমিটির জরুরি সভা হয়। ওই সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ১৫ ডিসেম্বর এ-সংক্রান্ত নীতিমালা জারি করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। নীতিমালায় বলা হয়েছে, আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের মেয়াদ থাকবে নির্বাচনের ফলাফল ঘোষণার তারিখ থেকে পরবর্তী ১৫ দিন। এর পর লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

বিলুপ্ত নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সদস্য ও গত তিনটি নির্বাচনে অনিয়মের অভিযোগে গঠিত তদন্ত কমিশনের সদস্য ড. মো. আব্দুল আলীম বলেন, ইতোপূর্বে সব নির্বাচনের আগে অবৈধ অস্ত্র উদ্ধার ও বৈধ অস্ত্র থানায় জমা নেওয়ার নজির রয়েছে। ভোটের আগে সন্ত্রাসীদের গ্রেপ্তারের বিশেষ অভিযানও চালানো হয়। কিন্তু এবার সেটা দেখা যাচ্ছে না, বরং সরকার ভিন্ন দিকে যাচ্ছে।

তিনি বলেন, ভোটের আগে নিরাপত্তা পরিস্থিতি খারাপ হলে ভোটারদের ভোটকেন্দ্রে নেওয়া কঠিন হতে পারে। ভোটারদের ভোটকেন্দ্রে নিতে না পারলে ভালো ভোট হবে না।

আব্দুল আলীম আরও বলেন, জানি না এই নীতিমালা কতটা নিরাপত্তা নিশ্চিত করবে। এর বাস্তবায়ন সময়সাপেক্ষ। কারণ বৈধ অস্ত্র দেওয়ার জন্য অস্ত্র কিনতে হবে, এরপর নিয়ম অনুযায়ী প্রদান করতে হবে। এর জন্য ঝুঁকিও রয়েছে। একজন প্রার্থী আরেকজন প্রার্থীর প্রতি উত্তেজিত হয়ে অস্ত্র চালাতে পারেন।

তবে সাবেক আইজিপি মুহাম্মদ নুরুল হুদা বলেছেন, বর্তমান পরিস্থিতিতে ভোটের মাঠে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে এর প্রয়োজন রয়েছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের এই নীতিমালা সহায়ক হবে।

মানুষে মানুষে বন্ধনের গল্প নিয়ে ব্যতিক্রমী অনুষ্ঠান







শেষ পৃষ্ঠায় পর

সবাইকে নিয়ে ভালো থাকা, সবাইকে নিয়ে এগিয়ে যাওয়াই মানব সভ্যতার শিক্ষা। সমাজ ও সংযোগের কাজে স্বেচ্ছা নিবেদিত কিছু মানুষ আর সংগঠনকে নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকা ও হিউম্যান কন্সার্ন ইউএসএ কমিউনিটি সংযোগ অনুষ্ঠান করেছে ১২ ডিসেম্বর শুক্রবার। প্রচণ্ড শীতের হিমঝরা সন্ধ্যায় নিউইয়র্কসহ উত্তর আমেরিকার বিভিন্ন প্রান্ত থেকে আসা সুধিজনের উপস্থিতিতে টানা চারঘন্টার অনুষ্ঠান স্মরণীয় হয়ে থাকবে। মানুষ, মানবতা, সময় ও সামাজিকতার দায় নিয়ে আলোকিতজনদের অভিজ্ঞতা বিনিময় ছিল আলোচনার অগ্রভাগে। প্রথম আলো উত্তর আমেরিকা ও হুম্যান কনসার্ন ইউ এস এ কে সবাই এমন ব্যতিক্রমী অনুষ্ঠান আয়োজনের জন্য ধন্যবাদ জানিয়েছেন এবং এ পথ পরিক্রমায় পারস্পরিক সংযোগ বৃদ্ধিবর প্রয়াসকে আরও দৃঢ় করার কাজে সবাইকে যুক্ত হওয়ার আহ্বান জানিয়েছেন।

নিউইয়র্কের গুলশান টেরসে সন্ধ্যা সাড়ে পাঁচটায় অধিকাংশ অভ্যাগতরা আসতে শুরু করেন। প্রথম আলো কর্মিরা অথিথিদের স্বাগত জানিয়ে উপহার প্রদান করেন। অনুষ্ঠানের শুরুতেই ইনিডিয়ানা ইউনিভার্সিটির শিক্ষার্থী ও ইউএস কংগ্রেসে শিক্ষানবিশ শিক্ষার্থী মালিহা মাহবুব চমৎকার উপস্থাপনায় সম্পাদক ইব্রাহীম চৌধুরীকে মঞ্চে স্বাগত জানান। এরমধ্যেই চারজন কাউন্সিল উওম্যান, সিটি অফিসিয়েলসহ কমিউনিটির অগ্রসজন আসন গ্রহণ করেন। ইব্রাহীম চৌধুরী তাঁর বক্তৃতায় কমিউনিটি সংযোগের এ উদ্যোগ নেয়ার কাজে সহযোগিতা করার জন্য মানবতাবাদী সংগঠন হিউম্যান কন্সার্নকে কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, প্রবাসে যারা নীরবে কাজ করে যান, তারা অনেকসময়েই জনসমক্ষে আসতে চান না। তাদের চিহ্নিত করে, সংযোগ সৃষ্টি করে সমাজ ও মানুষের জন্য ভালো করার ক্রমাগত প্রয়াসে প্রথম আলো উত্তর আমেরিকা অবিচল থাকবে।

প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মনজুরুল হক পত্রিকাটির কমিউনিটি বিনির্মান নিয়ে একটি ভিডিও দেখার আহ্বান জানান। তিনি তাঁর স্বাগত বক্তৃতায় বলেন, "আজকের এই কমিউনিটি কানেক্ট অনুষ্ঠানের মাধ্যমেই সবার সাথে হয়তো শক্তিশালী নেটওয়ার্ক গড়ে উঠবে না। কিন্তু আমরা যদি বিভিন্ন অনুষ্ঠান ও কর্মসুচীতে নিজেদের ক্রমশ সম্পৃক্ত করতে পারি তাহলে এই সংযোগ সফল হয়ে উঠবে।"

হিউম্যান কনস্যার্ন কতৃক বিশ্বের বিভিন্ন প্রান্তে বিপন্ন মানুষের কাজের উপর একটা সংক্ষিপ্ত ভিডিও দেখানোর পর সংস্থার ইউএসএ চ্যাপ্টারের নির্বাহী প্রধান মাসুম মাহবুব তাঁর বক্তৃতা বলেন, "আজকের এই সন্ধ্যা সংযোগের– পুনরায় একে অন্যকে জানার, আপনার গল্প শোনার, আপনার অভিজ্ঞতা থেকে শেখার এবং এই অভিযাত্রায় আপনাদের যুক্ত হওয়ার আমন্ত্রণ জানানোর। আপনি যদি শিক্ষা, স্বাস্থ্যসেবা, জলবায়ু সহনশীলতা বা অর্থনৈতিক সুযোগ নিয়ে ভাবেন– আপনার সমর্থন শুধু নিউইয়র্ক বা নিউ জার্সিতেই সীমাবদ্ধ থাকবে না। তা পৌঁছাতে পারে বাংলাদেশের পরিবারগুলোর কাছে, বিপন্ন শিশুদের কাছে, সেই তরুণদের কাছে– যারা অপেক্ষায় আছে, দেখা ও সহায়তা পাওয়ার আশায়।"

হিউম্যান কনসার্ন ইন্টারন্যাশনালের চেয়ারম্যান মাহমুদা খান কানাডা থেকে অনুষ্ঠানে যোগদানের জন্য কয়েক ঘনটার জন্য নিউইয়র্কে আসেন। তিনি তাঁর মোহনীয় বক্তৃতায় বিশ্বের বিপন্ন মানুষের জন্য তাঁর সংঠনের কাজ ও প্রয়াসকে তুলে ধরেন। তিনি প্রথম আলো উত্তর আমেরিকাকে এমন সংযোগের কাজে উদ্যোগী হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

বিখ্যা ফিলান্থ্রপিস্ট সৈয়দ জাকি হোসেন যিনি ঘোষণা দিয়েছেন, মৃত্যুর আগে তাঁর সমস্ত উপার্জন মানুষের কল্যাণে দিয়ে যেতে চান। প্রচারবিমূখ সঙ্গইদ জাকি হোসেন ও তাঁর স্ত্রী রাহাত হোসেন অনুষ্ঠানের শুরু থেকে শেষ পর্যন্ত উপস্থিত থাকেন। জাকি নিজের প্রবাসী হওয়া এবং অর্থ উপর্জনের কষ্টকর অভিযাত্রার গল্প শুনিয়ে বলেন, কিছুই যখন আমরা সঙ্গে নিয়ে যাবো না, মানুষ ও মানবতার জন্য কাজ করে যেতে পারলে মানব জন্ম সার্থক হয়ে উঠে। হল ভর্তি দর্শক দাড়িয়ে তাঁকে সম্মান জানান।

এসময় নিউইয়র্কে বাংলাদেশি কমিউনীত শ্রদ্ধেয় ব্যক্তিত্ব বীর মুক্তিযোদ্ধা ডাঃ জিউয়াদ্দিন আহমেদের একটি বক্তৃতার ভিডিও বার্তা দেখানো হয়। বার্তায় ডাঃ জিয়াউদ্দিন আহমদ বলেন, সংযোগের এ যাত্রাকে সংগঠিত করে আমাদের এগিয়ে যেতে হবে।

নিউইয়র্ক সিটি কাউন্সিলে প্রথম বাংলাদেশি কাউন্সিলউওম্যান এবং উদীয়মান রাজনৈতিক তারকা শাহানা হানিফ কৈশোর থেকে মানুষের জন্য তাঁর লড়াইয়ের কাহিনী তুলে ধরেন। তিনি বিভিন্ন শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠার জন্য তাঁর ক্রমগত লড়াই চালিয়ে যাওয়ার প্রত্যয় ঘোহশনা করেন এবং বলেন নব নির্বাচিত মেয়র জোহরান মামদানীর সাথে কাজ সাধারণ মানুষের অনেক অধিকার আদায় সম্ভব হবে বলে তিন প্রত্যাশা করেন।

নিউজার্সির ফ্রাংকলিন টাউনশীপের ডেপুটি মেয়র শেফে উদ্দিন বলেন, তার জন্ম অ বেড়ে উঠা নিউজার্সির প্যাটার্সন শহরে হলেও একজন বাংলাদেশি হিসেবে নিজের উৎসের সাথে সম্পর্ক রেখেই সবাইকে নিয়ে তিনি কাজ করেন। প্রথম আলো উত্তর আমেরিকার নারী লেখক ও সাংবাদিকদের সাথে তাঁর দীর্ঘ সম্পর্কের কথা বক্তৃতায় উল্লেখ করেন।

নিউজার্সির ব্রিজওয়াটার টাউনশিপের নব নির্বাচিত কাউন্সিলউওম্যান রিদওয়ানা ইসলা প্রথমবারের মতো বাংলাদেশি কোন উনুষ্ঠানে উপস্থিত হয়ে তিনি তাঁর প্রবাসী হওয়া এবং জনপ্রতিনিধি হওয়ার গল্প বলেন উদ্দীপনাময় কথামালায়। একই শহরের উপর নবনির্বাচিত কাউন্সিলউওম্যান জোয়ান গ্রেগার বাংলাদেশি অনুষ্ঠানে তাঁকে আমন্ত্রণের জন্য ধন্যবাদ জানান।

নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটি নির্মানের এক আইকনিক নাম নার্গিস আহমেদ। শুরুতেই তাঁকে সম্মাননা জানানো হয় মঞ্চে। নীরবে কাজ করে যাওয়া এ নারীর কর্মপ্রয়াসের গল শুনে আবারও মুগ্ধ হন হল ভর্তি দর্শক শ্রোতা। নার্গিস আহমেদ বলেন, তাঁকে খুঁজে এনে প্রথম আলো এভাবে সম্মানিত করেছে। তিনি ধন্যবাদ জানান আয়োজকদের।

অনুষ্ঠানে অংশগ্রহণ করেন ও বক্তৃতা করেন পরিচয় সম্পাদক নাজমুল আহসান,লেখক সাংবাদিক হাসান ফেরদৌস, প্রবাস সম্পাদক মোহাম্মদ সাইদ, জোহরান মামদানি ট্রানজিশন টিমের কাজী ফৌজিয়া, সাবেক পুলিশ কর্মকর্তা শামসুল হক, পরিবেশ সংগঠন ধরার সমন্বয়ক সেলিনা উদ্দিন, নাগরিক সংগঠন বাগের সভাপতি জয়নাল আবেদীন, সাধারণ সম্পাদক শাহানা মাসুম, নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম, এটর্নি মঈন চৌধুরি, টাইম টিভি সিইও আবু তাহের, শিল্পপতি গোলাম ফারুক ভূঁইয়া, প্রবীণ কমিউনিটি নেতা মীর চৌধুরী, ব্যবসায়ী লুবান সিদ্দিকী, সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, এসেম্বলি উওম্যান প্রার্থি মেরি জোবাইদা, বিশিষ্ট ব্যবসায়ী ও ঢাকা জেলা এসোসিয়েশনের সভাপতি দুলাল বেহেদু, তার সহধর্মিণী আছিয়া আক্তার, ইনিজনিয়ার ফজলুল হক, সাংবাদিক নাজমুল আহসান, দীপক আচার্য, আবুল কাশেম, নরুল খান, রুদ্র মাসুদ, আবৃত্তিকার এম এ সাদেক, প্রবাসী শেরপুর জেলা সমিতির উপদেষ্টা মামুন রাশেদ, সভাপতি ইনিজনিয়ার প্রদুস চক্রবর্তী, গ্রি মেকানিক্যাল ইয়াংকার সিইও তোফায়েল চৌধুরি, চট্টগ্রাম সমিতির সাবেক সাধারণ সম্পাদক কাজী আযম,মিরসরাই সমিতি ইউএসএর সাধারণ সম্পাদক আরিফুল হাসান, কার্যনির্বাহী সদস্য কাজী সাইফুল আলম, মিরসরাই সমিতি সংযুক্ত আরব আমিরাতের প্রতিষ্ঠাতা মজহারুল্লাহ চৌধুরি, মঈনুল হক চৌধুরী হেলাল, মুকুল হক, প্রতিষ্ঠাতা প্রধান উপদেষ্টা আবুল হাসেম, নিউইয়র্ক লায়ন্সক্লাবের সাবেক সভাপতি আহসান হাবিব, প্রোহেলথ হোমকেয়ার সিইও মামুন উর রশিদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই সভাপতি এসএম আলম, নোয়াখালী সোসাইটির সভাপতি এএসএম মাইনুদ্দিন পিন্টু, সালমান গ্রোবাল এক্সপ্রেস সিইও মাসুদ রানা তপন, আসাল ওজন পার্ক উইম্যান চেয়ার শাহনাজ হোসাইন, দুবাই প্রবাসী ও রিয়েল স্টেট ব্যবসায়ী ইফতেখার রানা, শিক্ষিকা সালমা ফেরদৌস, ব্যবসায়ী মাকসুদুল চৌধুরী প্রমুখ।

প্রথম আলো উত্তর আমেরিকা পরিবারের লেখক সাংবাদিক মাহবুব রহমান, এইচ বি রিতা, শেলী জামান খান, রওশন হক, রোকেয়া দীপা, সোহানা নাজনীন, ফরিদা ইয়াসমিন, রুপা খানম, শেমু আফরোজা, কান্তা কবির, রাশিদা আক্তার, ফার্মিস আক্তার, কুলসুম আখতার সুমি, মাহিন আক্তার, এম এইচ পাহলভি, মুকুল হক, আবু সাইদ, শাহানা বেগম, সুমাইয়া চৌধুরী, জাকির হোসেন, মনিজা রহমান, জেবুন্নেসা জ্যোৎস্না, গীতিকার মাহফুজুর রহমান, সায়ান সিদ্দীক, সৈয়দ উতবা, এমবি তুষার, সৈয়দ মাসুদুল কবির প্রমুখ।



ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্পের গোল্ডকার্ড কর্মসূচির বিস্তারিত প্রকাশিত:

গত ১১ ডিসেম্বর ইউএস সিটিজেনডশিপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস ইউএসসিআইএস নতুন গোল্ডকার্ড কর্মসূচির বিস্তারিত প্রকাশ করেছে। প্রেসিডেন্ট ট্রাম্প তার ১৪৩৫১ নির্বাহী আদেশ বলে এই নতুন ইমিগ্রেশন ভিসার প্রবর্তন করেছেন। এই কর্মসূচিতে একটা নির্দিষ্ট পরিমাণ সি দিয়ে সামর্থ্যবান বিদেশীরা আবেদন করার সুযোগ পাবেন ইবি ওয়ান (এ) ক্যাটাগরিতে। অথবা জাতীয় স্বার্থে ইবি টু ওয়েভার কর্মসূচিতেও এই সুযোগ দেওয়া হবে।

প্রাথমিক পদক্ষেপ হিসেবে গোল্ড কার্ড কর্মসূচিটির জন্য আই-১৪০ ফরমে আবেদন করতে হবে। এখানে উল্লেখ্য যে, গোল্ডকার্ড আবেদনকারীকে বৈধ তহবিলের উৎস প্রমাণ করতে হবে যদি কারো আবেদন অনুমোদিত হয়, তখন ভিসা প্রাপ্তির অগ্রাধিকার ভিত্তিতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট (ডিওএস) এর মাধ্যমে তাদের কনস্যুলার প্রসেসিং এর কাজ শুরু হবে ।

আর্থিক শর্ত এবং খরচ : এই কর্মসূচিতে দুইভাবে আর্থিক প্রতিশ্রুতি দিতে হবে:

ফি: গোল্ড ভিসার আবেদন ফি ১৫,০০০ ডলার যা অফারতযোগ্য। আরো উল্লেখযোগ্য যে ১৫,০০০ ডলার ফি প্রতিজনে, প্রতি আবেদন পিছু নয়।

গিফট: গোল্ড ভিসা আবেদনকারীদের মধ্যে অবশ্যই মুখ্য আবেদনকারীকে দিতে হবে ১ মিলিয়ন ডলার এবং পরিবারের নির্ভরশীলদের প্রত্যেকের জন্য ১ মিলিয়ন ডলার। অবশ্য যদি তারা ব্যক্তিগতভাবে আবেদন করে থাকেন। অন্যদিকে মুখ্য আবেদনকারীর আবেদন যদি কর্পোরেট স্পন্সর করে থাকেন এবং একসাথে পরিবার নির্ভরশীল সদস্যদের প্রত্যেকের জন্য ১ মিলিয়ন ডলার অতিরিক্ত গুনতে হবে ।

ওভারভিউ অফ প্রসেস: ইউএসসিআইএস জানিয়েছে কয়েক সপ্তাহের মধ্যে গোল্ড ভিসা প্রক্রিয়াকরণ শুরু হবে। অনুমোদন লাভের পর ইউএস কনস্যুলেটসমূহে প্রার্থীর অগ্রাধিকার ভিত্তিক তারিখে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। আবেদনকারীদের সাক্ষাৎকারের জন্য বিদেশের ইউএস কনস্যুলেট, দূতাবাসে হাজির হতে হবে। গোল্ড কার্ড কর্মসূচিতে ইউএসএ-তে স্ট্যাটাস এডজাস্টমেন্ট এর কোন সুযোগ দেওয়া হবে না।

গোল্ড ভিসার প্রক্রিয়াকরণ খুব দ্রুত সম্পন্ন হবে যাদের অর্থ আছে তাদের জন্য গ্রীন কার্ড লাভের এটা একটা পন্থা। যখন আরো তথ্য আমরা হাতে পাব তখন আমরা এ বিষয়ে আরো বিস্তারিত এই বিভাগের মাধ্যমে প্রকাশ করব বলে আশাবাদ ব্যক্ত করছি।



ভিসা বুলেটিনের দ্বৈত চার্ট: ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েবসাইটে প্রতি মাসে ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক এবং চাকরির ভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দুটি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল একশন হিসেবে ব্যবহৃত হয়। এই চার্টটিকে চার্ট-এ বলা হয়। এই ক্যাটাগরিতে একক আবেদনকারী গ্রীন কার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারে সাক্ষাৎকারের জন্য চূড়ান্তভাবে ফাইল করার লক্ষ্যে। এই চার্টটিকে সাধারণত চার্ট বি বলা হয়। প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ। চার্ট বি ভিসা হচ্ছে ভিসা আবেদনের ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেওয়া ইউএস ফ্যামিলি ভিত্তিক এবং চাকরি ভিত্তিক অগ্রাধিকার এর উভয় চারটি প্রকাশ করা হয়ে থাকে ।

আপনাদের মানতে জানতে চাওয়ার প্রেক্ষিতে ভিসা বুলেটিনের অগ্রগতি সম্পর্কে ভিসা বুলেটিনের দ্বৈত চার্ট মাঝে মধ্যে প্রকাশ করা হয়ে থাকে।

ডিসেম্বর ২০২৫ ভিসা বুলেটিন :

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ডিসেম্বর ২০২৫-এর ভিসা প্রকাশ করেছে। নিম্নে ডিসেম্বর ২০২৫-এর পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকশন ডেট বলতে তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর তাতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে ওই তারিখের পূর্বে।

ডিসেম্বর ২০২৫-এর সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেসঃ

প্রথম: (এফ-১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা: নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ-২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তানঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি.(এফ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী)। ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় (এফ-৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা।

সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ (এফ-৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন।

জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্ক জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

সবশেষে আপনাদের অবগতির জন্য উল্লেখ করা হচ্ছে যে, ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী



বিরহ আর ভালোবাসা অক্ষত থাক

দুখু বাঙাল

আমি যখন তোমাকে শুভ রাত্রি বা শুভ সকাল জানাই
তখন নিজেকে বড় বেশি দীনহীন বলে মনে হয়
স্বাগত জানানোয় বিস্তৃত হতে থাকে আমার যত ফর্মালিটি
এমনকি ধন্যবাদ জানানোর সময়ও মনে হয় দরিদ্রই আমি
আসলে এইসব মামুলি শব্দে হয় না আমার।

আমি যখন সম্ভাষণে জানতে চাই- কেমন আছো?
এই জিজ্ঞাসায়ও ছড়িয়ে পড়তে থাকে পরিহাসের ঘ্রাণ
'দখলদার' আর 'বর্বর' বলতে ইসরায়েলকে বোঝালেও
এই শব্দদুটিও বিস্তৃত হতে পারত মারণাস্ত্রের শক্তির সমান
আসলে এইসব মামুলি শব্দে হয় না আমার।

আমার জন্য তুলে আনো সেইসব শব্দ কিংবা শব্দসংকেত
যার প্রকাশে মুহূর্তেই নির্ণীত হয়ে উঠবে হিমালয়ের ভার
যার ব্যঞ্জনায় সহসাই বোঝা যাবে সমুদ্রের অতল তল
যার আর্তনাদে ধরা দেবে আকাশের হাহাকার কতটা গভীর
কেবল বিরহ আর ভালোবাসা শব্দদ্বয় পৃথিবীতে অক্ষত থাক।

আসলে এইসব মামুলি শব্দে হয় না আমার।

চাঁদে খালি পায়ে হাঁটছি আমি

মেহেদী ইকবাল

কেটলিতে ফুটছে জল। মেঘ চিৎকার করে ধমকাচ্ছে কাউকে
বিদ্যুৎ চলে যাওয়ার আগেই বৃষ্টি মুহূর্তে অন্ধকার
আমার ঘাড়ে একটা ঘোড়া এসে দাঁড়িয়েছে।
একটা ব্যাঙ কেঁদে কেটে অস্থির, রাস্তায় দলছুট একটা কৈ
কিছু আমি ভাবতে চাচ্ছি না, বৃষ্টি এলে ভেঙ্গে পড়া ঢেউ
কে কবে হিসাব রেখেছে ঢেউয়ের? চাঁদে খালি পায়ে
হাঁটছি আমি, গলা আর কপালে জ্বর
জট পাকাতে পটু কেউ জটিলতা
নিরুপায় আমি লাথি খাচ্ছি ঘোড়ার
কিছু কী শিখেছি আমি

চাঁদে খালি পায়ে হেঁটে যাওয়া ছাড়া!

অস্তিত্ব ও অনস্তিত্ব

শিকদার মুহাম্মদ কিব্রিয়াহ

অস্তিত্ব দেহগত, নাকি মনোগত?

অস্তিত্ব সারসত্তার পূর্বগামী, না
অনুগামী?

অস্তিত্ববাদী সার্ত্রে বলেন-
'অস্তিত্ব সারসত্তার পূর্বগামী'

আমার বিদেহী সত্তার অস্তিত্ব
তাহলে অপ্রাসঙ্গিক।

সত্য যদি হয় কালিক, আপেক্ষিক
জীবন ও অস্তিত্বের অনুষঙ্গে
তবে কেন প্রাসঙ্গিক!

'প্রত্যক্ষণ-অভিজ্ঞতাই সত্যের ভিত্তি'
বলেন অভিজ্ঞতাবাদী বার্কলে'রা।
শুনে কাঁদে আমার বিগতযৌবনা স্ত্রী!
অনিবার্যভাবেই সে তবে অপ্রাসঙ্গিক;
যেমন অপ্রাসঙ্গিক অতিন্দ্রীয় মূল্যবোধ
ও নৈতিক ক্যাটেগরিসমূহ-
মানবিকতা, মহানুভবতা ও সততা
সত্য, শুভ ও সৌন্দর্যের আকার।

কিন্তু জীবন ও জগত কার্যত অস্তিত্বশীল
সত্য, শুভ ও সৌন্দর্যের সার্বিক মানদণ্ডে
যেখানে যৌবনা-বিগতযৌবনা সব একই
মহানুভব অনুষঙ্গে নান্দনিক অনুভূতির
আকার।

অস্তিত্বের অনুভবে কেবলই প্রকরণ ঘটে;
অস্তিত্বশীলতার এ-এক বিশেষ অনুভব।
স্বরূপত অভিন্ন সারসত্তে আমার প্রেমিকা
যথার্থই অস্তিত্বশীল থেকে যায়।
এ-কারণে এ-প্রৌঢ়ত্বেও স্ত্রীকে ভালবাসি।

কাঠগড়

মাহমুদ নজির

তোমাকে বলা হয়নি সব কথা
কিছুটা লুকিয়ে রেখেছি বুকে,
কিছুটা লিপিবদ্ধ করেছি
পরম আদরে কবিতার খাতায়।

চেতনামগজ ঘেঁটে নিত্য খুঁজি তাই সুখ
সাময়িক নিস্তার ও পরিত্রাণ;
নিত্য খুঁজি সত্য সুন্দরের চিরসবুজ মায়া।

এই শীতার্ত হাওয়ার রাতে
মন কেমন নির্জন একাকীত্বে বোহেমিয়ান-
ভাবনাগুলো স্তরে স্তরে চিড়ধরে আছে।

যতোই আগলে রাখি ব্যথা- বেদনা, ক্রোধ
ততোই লাফিয়ে লাফিয়ে উঠে,
কানেবাজে বিরতিহীন পাতাঝরার ক্রন্দন।

আমি সোনালিয়া পেরিয়ে ছুটি
বংকুরি, বালিয়াজান, কটামারার কাঠগড়ে।

খুঁজিবিতার অন্ত্যমিল, শুদ্ধতা
প্রাণহীন কাঠগড় না বুঝে দুঃখ মৌনবিষাদ।

আকাশে মেঘের আনাগোনা

সৈয়দ মামুনুর রশীদ

গলির ধারে যে লোকটি দাঁড়িয়ে দাঁড়িয়ে বৃষ্টি দেখতো
সে এখন নিজেই বৃষ্টিতে রুপান্তরিত,
বাঁকা পথকে পংকিল করে পিচ্ছিল করতে
বর্ষার বর্ষণ তাঁকে আকৃষ্ট করেনি,
উদ্বেলিত করেছে সিক্ত মাটিতে ভূলুণ্ঠিত বীজের মধ্যে
নতুন নতুন জন্মের রহস্যে।
বৃষ্টি ঝরলেই সৃষ্টির রহস্য উন্মোচিত হয় জেনেই
উর্বর নির্ভর ভিন্ন পটভূমিকায় তার নিবেদিত চরিত্র।

রহস্যাবৃত জঘন্যতায় হাঁফিয়ে উঠা উঠানে
কুম্ভিগির দানবিকতায় দাম্ভিক হয়ে উঠেছে,
ঘর্মাক্ত দেহের ঘামের দুর্গন্ধে বাতাস ভারী,
অনাহারি পাখিগুলো ডানার ঝাপটায় টের পায়
অনাবৃষ্টির আকাশে মেঘের আনাগোনা।

বৃষ্টির কণায় কণায় সৃষ্টির উল্লাস নিহিত,
জলের শব্দে নদীর পলি উথলে উঠলে
স্বপ্নের উড়িদেরা বাসর সাজায় বৃষ্টিস্নাত সবুজ ঘাসে।
অবিরাম বৃষ্টির দৃশ্য অবলোকন করে করে
কোনো এক সময় কেউ বৃষ্টির মতো জীবন বেছে নেয়।

ডিসেম্বরের আগুন

তানভীর আহমেদ হৃদয়

ডিসেম্বর মানে আমার কাছে আগুন। খড়ের আগুন
নয়, রাগের আগুন নয়- এটা দৃঢ়, নরম, আলো-ঝরা
আগুন। যে আগুন সৈনিকের চোখে ছিল, মায়ের গোপন
প্রার্থনায় ছিল, আর যে আগুন আজও ছড়িয়ে আছে দেশজুড়ে।
শহরের ওপর এই আগুনের আলো পড়ে- ইটের দেয়ালও নাকি
একটু উজ্জ্বল হয়ে ওঠে। এবং আমি ভাবি, এত বছর পরেও
কীভাবে এই আগুন নিভে যায় না? হয়ত স্বাধীনতার আগুন
এমনই- একা জ্বলে না, সবার হৃদয়ে জ্বলে; তাই তাকে
নেভানো যায় না কখনো।

নিউইয়র্ক সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে শপথ নিলেন সোমা সাঈদ





শেষ পৃষ্ঠায় পর রাষ্ট্রদূত তারেক আরিফ এবং মেক্সিকোতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুশফিকুল ফজল আনসারী। এছাড়াও উপস্থিত ছিলেন নিউইয়র্ক সিটির নবনির্বাচিত কম্পট্রোলার মার্ক লিভাইন, সিনেটর জন লু, সিনেটর টবি, কুইন্স কাউন্টির বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব মিজান চৌধুরী, বিভিন্ন পর্যায়ের ডিস্ট্রিক্ট লিডারবৃন্দ, কিউডিসি ক্লাবের নেতৃবৃন্দসহ কমিউনিটির বহু গণ্যমান্য ব্যক্তি।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ডিস্ট্রিক্ট লিডার অ্যাট লার্জ অ্যাটর্নি মঈন চৌধুরী এবং গিয়াস আহমেদ। বাংলাদেশী আমেরিকান টেক কোয়ালিশন (বিএটিসি)-এর পক্ষ থেকে উপস্থিত ছিলেন সংগঠনের প্রতিষ্ঠাতা ও সাধারণ সম্পাদক আহমেদ সোহেল, ট্রেজারার মোঃ তরিকুল ইসলাম, বরকত চৌধুরী প্রমুখ।

এছাড়াও নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাবের পক্ষ থেকে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি মোঃ তারিক হাসান খান, বিশিষ্ট ব্যবসায়ী লায়ন নাঈম আহমেদ, লায়ন মোহাম্মদ আমির হোসেন কামালসহ অন্যান্য সদস্যবৃন্দ।

শপথ গ্রহণ অনুষ্ঠানটি নিউইয়র্কের কুইন্সে অবস্থিত কুইন্স সিভিল কোর্টের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের মূলধারার প্রায় শতাধিক অতিথিসহ কমিউনিটির বিভিন্ন স্তরের প্রায় তিন শতাধিক গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে অডিটরিয়াম পরিপূর্ণ হয়ে ওঠে।

এ সময় নিউইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি পবিত্র কোরআন শরীফ স্পর্শ করিয়ে জাস্টিস সোমা সাঈদকে বিচারপতি হিসেবে আনুষ্ঠানিকভাবে শপথ পাঠ করান।

শপথ গ্রহণ অনুষ্ঠানের শেষে রুচিসম্মত খাবার পরিবেশন ও অতিথিদের সৌহার্দ্যপূর্ণ আলাপচারিতার মধ্য দিয়ে এক আনন্দঘন ও স্মরণীয় পরিবেশে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। উল্লেখ্য বিচারপতি সোমা সাঈদ বাংলাদেশের টাঙ্গাইল জেলার মেয়ে এবং তার স্বামী বিশিষ্ট আইটি বিশেষজ্ঞ মিলন চৌধুরী মৌলভীবাজার জেলার সন্তান।









বাছাই পর্বে অর্ধশতাধিক প্রতিযোগির অংশগ্রহণ





শেষ পৃষ্ঠায় পর অফিসের নিজস্ব স্টুডিওতে গত ২০-২১ ডিসেম্বর শনি ও রোববার অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার প্রথম রাউন্ডের প্রতিযোগিতা। এতে বাংলাদেশী বংশোদ্ভূত নতুন প্রজন্মের পাশাপাশি অন্য কমিউনিটির মুসলিম শিশু-কিশোর-কিশোরীদের অংশগ্রহণ ছিলো ব্যাপক। উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত এই পর্বে প্রায় অর্ধশত শিশু-কিশোর-কিশোরী অংশ নেন। ফলে অংশগ্রহনকারী কোরআনের পাখি আর অভিভাবকদের উপস্থিতিতে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ হয়ে উঠে উৎসবমুখর। নিউইয়র্ক ছাড়াও ট্রাই স্টেট কানেকটিকাট থেকেও একাধিক প্রতিযোগী অংশ নেয়। প্রতিযোগিতা চলাকালীন সময়ে টাইম টিভি ও বাংলা পত্রিকার বার্তা কক্ষ এবং স্টুডিওতে জামায়াতে আসর ও মাগরেবের নামায় আদায় করা হয়। এছাড়াও নারীদের জন্য পৃথক নামাজের ব্যবস্থা করা হয়।

শেখ আব্দুল্লাহ রহমানের সঞ্চালনায় প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন ইমাম মুস্তাকী বিল্লাহ, শেখ কাজী ওমর এবং ওস্তাদ রাহাত ইকবাল। সমন্বয়কের দায়িত্ব পালন করেন টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র এডমিন রাশিদা আক্তার। সহযোগিতায় ছিলেন সামিউল ইসলাম, সাখাওয়াত হোসেন পলাশ, শাহ সুমন, তাসকিন চৌধুরী ও মাসকাল মাহিন। শনিবারের (২০ ডিসেম্বর) প্রতিযোগিতায় সেকেন্ড গ্রেড থেকে সিক্স গ্রেড পর্যন্ত বালক-বালিকারা অংশ নেয়। জোহরের নামাজের পর থেকে শুরু করে সন্ধ্যা ৫টা পর্যন্ত একে একে চলে এই পর্বের প্রতিযোগিতা। রোববার (২১ ডিসেম্বর) অনুষ্ঠিত হয় সেভেন গ্রেড থেকে ১২ গ্রেড পড়ুয়া বালক এবং সেভেন গ্রেড থেকে ১০ গ্রেড পড়ুয়া বালিকাদের প্রতিযোগিতা। এদিনও জোহরের নামাজের পর থেকে শুরু করে সন্ধ্যা ৬টা পর্যন্ত চলে এই পর্বের প্রতিযোগিতা। চূড়ান্ত প্রতিযোগিতা আসন্ন রমজান মাসে অনুষ্ঠিত হবে এবং পরবর্তীতে এর দিন-তারিখ জানানো হবে।

প্রতিযোগিতার আয়োজন দেখে এতে অংশগ্রহনকারীদের অভিভাবকরা সন্তোষ প্রকাশ এবং টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র উদ্যোগের প্রশংসা করেন। অভিভাবকদের আগ্রহ থেকে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকার কর্নধার আবু তাহের তাদের আন্তরিক ধন্যবাদ জানান।
























তালিবানি তান্ডবে কার লাভ কার ক্ষতি হলো!

শেষ পৃষ্ঠায় পর উদ্দেশ্য বুঝতেও কোন পন্ডিত হতে হয় না। তারেক রহমানকে ভয় দেখানো যাতে সে দেশে না আসে, অরাজক পরিস্থিতি সৃস্টি করে নির্বাচন ভন্ডুল করা। কারা এর পেছনে তাও সবাই বোঝে। তবে সাময়িক কিছু উত্তেজনা তৈরী করা গেলেও আখেরে ঘটনাটা বুমেরাং হয়ে গেছে। বিরাট একটা কিছু ঘটিয়ে ফেলেছি বলে কিছু লোক খুশীতে বগল বাজালেও ক্ষতিগ্রস্থ হয়েছে জামায়াত। ক'দিন আগেও ভোটের মাঠে জামায়াতের পক্ষে যে সুবাতাস বইছিলো সে রাতের তালিবানি তান্ডবে তা যেন থমকে গেছে। গত কয়েকদিনে আমি এমন বেশ কিছু মানুষের সাথে কথা বলেছি যারা কিছুদিন আগেও মনে করতো এবার জামায়াতকে একটা সুযোগ দেওয়া যেতে পারে, এখন বলছে- সর্বনাশ! ক্ষমতায় না যেতেই এই, সরকারে গেলে তো এরা দেশটাকে জাহান্নাম বানিয়ে দেবে!

আমাদের দেশে ইসলামপন্থীরা নানা ভাগে বিভক্ত। কিন্তু রাজনীতির মাঠে-ময়দানে দাড়ি টুপী বা সুন্নতী বেশধারীদেরকে জামাত শিবিরই মনে করা হয়। সে রাতে রাজধানীজুড়ে যারা তান্ডব চালিয়েছে প্রায় সবাই ছিল ইসলামী লেবাসধারী। ফলে মনে করা হয়েছে এ কাজ জামায়াতই করিয়েছে। যারাই ঘটাক, সন্দেহ নেই এই ঘটনা জামায়াতকে সুবিধা দেওয়ার চাইতে ভোটের রাজনীতিতে বিপাকে ফেলেছে। ৫ আগস্টের পর থেকে জামায়াত রাজনীতির প্রায় সব বড় ঘটনারই নিয়ন্ত্রক। একটা শক্ত প্রেশার গ্রুপ। সরকারেও বিরাট প্রভাব। এ অবস্থায় তাদের উচিত ছিল বুদ্ধিমত্তার সাথে খেলে যাওয়া। কিন্তু হাদী ইস্যুতে যে ভূমিকা, আমার কাছে তা হঠকারি অপরিনামদর্শী এবং সস্তা এ্যাডভেঞ্চারিজম বলে মনে হয়েছে। এমনিতেই ক'দিন পর থেকে মানুষ ভোটরঙ্গে মেতে উঠবে, তার ওপর তারেক রহমান দেশে ফিরলে রাজনীতির আবহটাই বদলে যাবে। অনেক কিছুর সাথে এইসব অপ্রসঙ্গিক ইস্যুও ম্লান হয়ে যাবে। ভিন্ন চিন্তা বাদ দিয়ে জামায়াতকেও ভোটের মাঠে যেতে হবে। কিন্তু সে রাতের তালিবানী তান্ডবের দায় যদি জামায়াতকে বহন করতে হয় তার মাশুল দিতে হবে ভোটের ময়দানে।

চান্দাবাজী, ফ্যাসিস্টের দোসর, ভারতপ্রেমী- ইত্যাদী নামে বিএনপিকে পচানোর চেষ্টা হয়েছে। লক্ষ্য একটাই- মানুষকে বিএনপি সম্পর্কে বীতশ্রদ্ধ করে তোলা, যাতে দলটা ভোট না পায়। কিছুটা কাজ দিচ্ছিলো। কিন্তু সে রাতের তান্ডব বিএনপি'র নামে সব অপবাদ মুছে দিয়ে দলটাকে আবার আস্থার জায়গায় নিয়ে আসছে। মানুষকে এখনই বলতে শোনা যাচ্ছে জামায়াত ক্ষমতায় গেলে তালিবানি শাসন কায়েম করবে, জ্বালিয়ে পুড়িয়ে সব ধ্বংশ করে দেবে। এই দূর্বৃত্ত শাসনের চেয়ে বিএনপির শাসনই ভাল! কচ্ছপ-খরগোসের দৌড়ে পিছিয়ে থেকেও বিএনপির জেতা এখন প্রশ্নাতীত হয়ে গেল। তার ওপর তারা যদি জঙ্গী কার্ডটা ভালমত খেলতে পারে, আশংকা করছি জামায়াত এবং তাদের সহযোগীরা ভোটের মাঠে অবিশ্বাস্যরকম পিছিয়ে থাকবে। বাংলাদেশের মানুষ কখনই চরমপন্থা উচ্ছৃংখলতা সহিংসতা মবসন্ত্রাস পছন্দ করে না। ভোটে তা বুঝিয়ে দেবে।

ব্রুকলিনের চার্চ-ম্যাকডোনাল্ড এবং জ্যামাইকাতে বাংলাদেশী ডাক্তার

INAMULHAQUE M SABOOR,MD

USCIS Designated Civil Surgeon
Board Certified Internal Medicine



সেবাসমূহ

- জেনারেল চেক আপ
- ডায়াবেটিস
- হাইপারটেনশন
- হাই কোলেষ্টরল, এজমা
- ইকেজি
- বয়স্ক ভেক্সিনেশান
- হজ্ব ভেক্সিনেশান
- ব্লাড টেষ্ট
- TLC EYE EXAM

আমাদের অফিসে বিভিন্ন বিশেষজ্ঞ ডাক্তার বসেন

Saboor Waizun Medical PC

আমরা প্রায় সকল প্রকার ইন্সুরেন্স গ্রহন করি

BROOKLYN 486 MCDONALD AVE BROOKLYN, NY 11218 PH: (718) 247-7226 Sat, Tues and Thursday: 12:00PM- 7:00PM

JAMAICA 87-12 167TH ST JAMAICA, NY 11432 PH: (718) 558-0280 Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদান বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?



নতুন বছর উপলক্ষে ৫০% সেল

১০ হাজার ডলারের রিভেট

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন।

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে



তোফায়েল চৌধুরী

GREE MECHANICAL YONKERS

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0083
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

শুভ উদ্বোধন

সানম্যান-এর নতুন লোকেশন

29-13 36 Ave, Long Island city, NY-11106

sunman express global money transfer

সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি।



8th NOVEMBER| FRIDAY 2:00 PM

718-729-0600

বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস



TiME TV PLUS

TV BOX ১৫০+ চ্যানেল

নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন





অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- গ্রীন কার্ড পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ক্রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক খাঁর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা শুরুসহ বিনিয়োগ যাতে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

মাত্রায় ১ মিলিয়ন বা তদুর্ধ্ব ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

ইচ্ছামতে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অন্যদেশে সাথে পাঠাতে পারেন।

দেশে কোন জোপনীয় মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার ৭ ঠিকানা সুবিধা নিয়ে পড়েন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলাসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্টনারশিপ ইনভেস্টমেন্ট, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit
2021
For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file
IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

নিউইয়র্ক মহানগর উত্তর বিএনপি'র বিজয় দিবস উদযাপন ও বীর মুক্তিযোদ্ধা সম্মাননা





নিউইয়র্ক: নিউইয়র্ক মহানগর উত্তর বিএনপি আয়োজিত বিজয় দিবস উদযাপন ও বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান করা হয়েছে। গত ১৭ই ডিসেম্বর নিউইয়র্ক ব্রঙ্কসের আল আকসা চাইনিজ পার্টি হলে সভাপতি আহবাব চৌধুরী খোকন এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী ও সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদের সঞ্চালনায় অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় ।

